SME FOUNDATION

# বার্ষিক প্রতিবেদন

## ২০২৪-২৫









ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন

SME FOUNDATION

# বার্ষিক প্রতিবেদন

## ২০২৪-২০২৫

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন

**সম্পাদক**
আনোয়ার হোসেন চৌধুরী
ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন

**সহযোগী সম্পাদক**
মো. নাজিম হাসান সাত্তার, উপব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন
ফারজানা খান, উপব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন
মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
মো. আব্দুস সালাম সরদার, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
ফাহিম-বিন-আসমাত, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
মুহাম্মদ মোরশেদ আলম, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন

অঙ্গসজ্জা
অসীম কুমার হালদার, ব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
মো. সালমান ইবনে মামুন, সহকারী ব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন

প্রচ্ছদ
অসীম কুমার হালদার, ব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন

প্রকাশনা
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন
পর্যটন ভবন (৭ম ও ৮ম তলা), ই-৫, সি/১, পশ্চিম আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ৪১০২৪১০৮-১০
ওয়েবসাইট: www.smef.gov.bd

মুদ্রণ
দি মিডিয়াটেক্স

মার্চ ২০২৬

# সূচিপত্র


০৪ চেয়ারপার্সনের বাণী
০৫ ব্যবস্থাপনা পরিচালকের কথা
০৬ এসএমই ফাউন্ডেশনের পরিচিতি
০৭ ভিশন ও মিশন
০৮ এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম
১০ সাধারণ পর্ষদ
১৪ পরিচালক পর্ষদ
১৫ ২০তম বার্ষিক সাধারণ সভার নোটিশ
১৬ ২০তম বার্ষিক সাধারণ সভার কার্যপত্র
১৮ ১৯তম বার্ষিক সাধারণ সভার অনুমোদিত কার্যবিবরণী
২৭ পরিচালক পর্ষদের প্রতিবেদন
৮৫ বার্ষিক কর্মপরিকল্পনা (২০২৫-২৬)
১০২ নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন



চেয়ারপার্সন
এসএমই ফাউন্ডেশন

# চেয়ারপার্সনের বাণী

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন)-এর ২০তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের জন্য আপনাদের সবাইকে স্বাগত জানাচ্ছি। শুরুতেই আমি মহান মুক্তিযুদ্ধ এবং জুলাই বিপ্লবে শহিদ ও আহতদের প্রতি আমার গভীর শ্রদ্ধা জ্ঞাপন করছি।

দেশের ক্ষুদ্র ও মাঝারি (এসএমই) খাতের উন্নয়নে নিরলস কাজ করে যাচ্ছে এসএমই ফাউন্ডেশন। এ ক্ষেত্রে জাতীয় শিল্পনীতি, এসএমই নীতিমালা এবং এসডিজি-কে সামনে রেখে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির জন্য কর্মসংস্থান সৃষ্টি করে দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে এসএমই ফাউন্ডেশন। শিল্প মন্ত্রণালয় এসএমই ফাউন্ডেশনের সহায়তায় এসএমই নীতিমালা ২০২৫-এর খসড়া তৈরি করে মন্ত্রিসভার অনুমোদনের জন্য প্রেরণ করেছে।

এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দের সমন্বয়ে গঠিত ওয়ার্কিং কমিটি ২০২৪-২৫ অর্থবছরের উইংভিত্তিক কার্যক্রম বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালন এবং ২০২৫-২৬ অর্থবছরের কর্মপরিকল্পনা প্রণয়নে সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদান করেছে। আগামী ২০২৬-২৭ অর্থবছরে পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দের গুরুত্বপূর্ণ মতামত ও সুপারিশ ফাউন্ডেশনের কার্যক্রমকে সমৃদ্ধ এবং দেশের অর্থনীতিকে আরো গতিশীল করবে।

২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুসারে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মাঝে ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং থেকে ঋণ প্রদান, পণ্য বাজারজাতকরণ ও বহুমুখীকরণে সহায়তা, উদ্যোক্তাদের পণ্যের রপ্তানি বাড়ানো, নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি, প্রযুক্তি উন্নয়ন, নতুন প্রযুক্তি গ্রহণ, আইসিটি সহায়তা, নীতি সহায়তাসহ দেশীয় ও আন্তর্জাতিক বাজারে উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার-প্রসারে বিভিন্ন কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করেছে এসএমই ফাউন্ডেশন। পাশাপাশি নারী-উদ্যোক্তা ও প্রান্তিক জনগোষ্ঠীকে অর্থনীতির মূলধারায় সম্পৃক্ত করতে এসএমই ফাউন্ডেশন পরিচালিত কার্যক্রমসমূহ দেশের অর্ন্তভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জনেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উক্ত অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের ৬৫৬টি কর্মসূচির সরাসরি সুবিধা গ্রহণ করেছেন ৪৬,৪৫৯জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা। আমাদের বিশ্বাস, দেশের এসএমই খাতের জন্য ফাউন্ডেশনের গৃহীত কার্যক্রমসমূহ দেশের অর্থনৈতিক উন্নয়ন এবং অর্ন্তভুক্তিমূলক বৈষম্যহীন সমাজ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

শিল্প মন্ত্রণালয়সহ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, দপ্তর সংস্থা, উন্নয়ন সহযোগী সংস্থা, বিভিন্ন চেম্বার, অ্যাসোসিয়েশন, ব্যবসায়ী সংগঠন এবং গণমাধ্যমের সহযোগিতা এই অগ্রযাত্রায় এসএমই ফাউন্ডেশনের কার্যক্রমকে বেগবান করতে সহায়ক ভূমিকা পালন করছে।

২০তম বার্ষিক সাধারণ সভা আয়োজনে আন্তরিক সহযোগিতার জন্য আমি এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ, সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ ও এসএমই ফাউন্ডেশনের সকল কর্মকর্তা ও কর্মচারীকে ধন্যবাদ জানাচ্ছি।

আমি এসএমই ফাউন্ডেশনের ২০তম বার্ষিক সাধারণ সভার সর্বাত্মক সাফল্য কামনা করছি।

মো. ওবায়দুর রহমান



ব্যবস্থাপনা পরিচালক
এসএমই ফাউন্ডেশন

# ব্যবস্থাপনা পরিচালকের কথা

দেশের এসএমই খাতের উন্নয়নে ২০০৬ সালে শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রতিষ্ঠিত হয় ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন)। এসএমই ফাউন্ডেশন পরিচালনায় 'বার্ষিক সাধারণ সভা' আয়োজন একটি নিয়মিত ও গুরুত্বপূর্ণ কার্যক্রম। এই সভায় ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যগণ পূর্ববর্তী অর্থবছরের নিরীক্ষিত হিসাব অনুমোদন ও বাস্তবায়িত কার্যক্রমসমূহ পর্যালোচনা করেন। পাশাপাশি পরবর্তী বছরের জন্য বাজেট সম্পর্কে সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ বিভিন্ন মতামত, পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করেন এবং বার্ষিক সাধারণ সভায় অনুমোদন করেন।

পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যদের পরামর্শ ও দিক নির্দেশনা অনুসারে ২০২৪-২৫ অর্থবছরের কর্মসূচিগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। উক্ত অর্থবছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ হলো:

- সিলেট, বগুড়া, বরিশাল ও রংপুরে বিভাগীয় এসএমই পণ্য মেলা আয়োজন;
- ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় ফাউন্ডেশনের সহায়তায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয়;
- চীনের কুনমিং এবং 7th China International Expo 2024-এ মেলায় ফাউন্ডেশনের সহায়তায় উদ্যোক্তাদের অংশগ্রহণ;
- পরিবেশ মেলা, 'Harmony Festival 2025' এবং বিজয় মেলা ২০২৪-এ ফাউন্ডেশনের অংশগ্রহণ;
- ফাউন্ডেশনের প্রকাশনা দর্শনার্থীদের কাছে তুলে ধরতে অমর একুশে বইমেলা ২০২৫-এ অংশগ্রহণ;
- এসএমই খাতের উন্নয়নে ২০২৪-২৫ অর্থবছরের বাজেটের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে ১৪১টি প্রস্তাব উপস্থাপন;
- এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ৯টি প্রতিষ্ঠানের ISO 22000 অর্জন;
- এসএমই ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা আয়োজন ও ক্লাস্টারে তৈরি পণ্য প্রদর্শনী;
- এসএমই উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও উন্মুক্ত ঋণ বিতরণ কর্মসূচি;
- ফাইন্যান্সিয়াল লিটারেসি, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি;
- 'SMEF Service Platform' সেবা চালু;
- নারী-উদ্যোক্তাদের জন্য 'বিজনেস পিচ কম্পিটিশন' আয়োজন;
- এসএমই ফাউন্ডেশন এবং ITC SheTrades-এর সহায়তায় নারী-উদ্যোক্তাদের যুক্তরাজ্য গমন;
- 'ইন্টারন্যাশনাল ট্রেড ফেয়ার ফর উইমেন' এবং 'Corporate Connect: Empowerlink Expo' আয়োজন;
- এসএমই খাতের উন্নয়নে ৫ বছর মেয়াদী কৌশলগত কর্মপরিকল্পনা তৈরির উদ্যোগ;
- প্রথমবারের মতো এসএমই ফাউন্ডেশন-ইআরএফ মিডিয়া অ্যাওয়ার্ড ২০২৫ প্রদান;
- গণমাধ্যমকর্মীদের নিয়ে ৫টি এসএমই ক্লাস্টার পরিদর্শন এবং চ্যালেঞ্জ ও সম্ভাবনা তুলে ধরে প্রতিবেদন ও প্রকাশ ও প্রচার;
- ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ১৪৩টি প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন;
- ৪টি ত্রৈমাসিক নিউজলেটার, ফাউন্ডেশনের ২০২৫ সালের ক্যালেন্ডার ও ডায়েরি প্রকাশ;
- আন্তর্জাতিক এমএসএমই দিবস ২০২৫ উদযাপন এবং
- এসএমই চেম্বার/অ্যাসোসিয়েশন, এসএমই ক্লাস্টারভিত্তিক উন্নয়ন এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা উন্নয়নে প্রশিক্ষণ, কর্মশালা, উদ্যোক্তা-ব্যাংকার ম্যাচমেকিং ও মতবিনিময় সভা, ওয়েবিনার, সমঝোতা স্মারক স্বাক্ষর, সেমিনারসহ ৬৫৬টি কর্মসূচি বাস্তবায়ন।

এছাড়া উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন, পণ্য বাজারজাতকরণে সহায়তা, নারী-উদ্যোক্তা উন্নয়নে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন এবং অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে উদ্যোক্তাদের পরামর্শ সেবা প্রদান করা হয়। সে সাথে জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, এলডিসি গ্র্যাজুয়েশন পরবর্তী চ্যালেঞ্জ, এসএমই নীতিমালা এবং জাতীয় শিল্পনীতি বাস্তবায়নের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থবছরের কর্মপরিকল্পনা তৈরির কাজ চলমান রয়েছে।

এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, বাজেট অনুমোদন ও গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করার জন্য আমি ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। একই সাথে ২০তম বার্ষিক সাধারণ সভা সফলভাবে আয়োজনে সহযোগিতা করার জন্য সকল সহকর্মীকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

সবশেষে, এসএমই পরিবারের সকল সদস্যের দীর্ঘায়ু, সুস্থতা ও সাফল্য কামনা করছি।

আনোয়ার হোসেন চৌধুরী

# এসএমই ফাউন্ডেশনের পরিচিতি

নাম
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন)

মন্ত্রণালয়
শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইনগত ভিত্তি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয় কর্তৃক (কোম্পানি আইন ১৯৯৪ এর ২৮ ধারায়) প্রতিষ্ঠিত
আরজেএসসি নিবন্ধন নম্বর: সি-৬৭২(১২)/০৬; ২৬ নভেম্বর ২০০৬

গেজেট ও প্রতিষ্ঠাকাল
৭ আগস্ট ২০০৭ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের মাধ্যমে এসএমই ফাউন্ডেশনের প্রতিষ্ঠা

ঠিকানা
পর্যটন ভবন (৭ম ও ৮ম তলা), ই-৫, সি/১, পশ্চিম আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ৪১০২৪১০৮-১০
ইমেইল: info@smef.gov.bd
ওয়েবসাইট: www.smef.gov.bd


ব্যাংক
সোনালী ব্যাংক লিমিটেড, কারওয়ান বাজার শাখা, ঢাকা
জনতা ব্যাংক লিমিটেড, আগারগাঁও ইউজিসি শাখা, ঢাকা
ব্যাংক এশিয়া লিমিটেড, স্কশিয়া শাখা, ঢাকা
ব্যাংক এশিয়া লিমিটেড, টাওয়ার শাখা, ঢাকা

নিরীক্ষক
কে. এম. হাসান এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস্
হোমটাউন অ্যাপার্টমেন্ট (৭-৮ম তলা)
৮৭ নিউ ইস্কাটন রোড, ঢাকা ১০০০



# ভিশন

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের মাধ্যমে অধিক কর্মসংস্থান, জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং সর্বোপরি দারিদ্র্য বিমোচন।



# মিশন

মুক্তবাজার অর্থনীতি এবং বিশ্বায়নের বর্তমান চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে জাতীয় অর্থনীতিতে বিদ্যমান ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের উন্নয়ন ও বিকাশে বহুমুখী কর্মসূচি পরিচালনার মাধ্যমে নিয়মিতভাবে সহায়তা প্রদান।

# এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গৃহীত এসএমই নীতিকৌশল বাস্তবায়নে সহায়তা, শিল্পোন্নত ও উন্নয়নশীল বিশ্বে জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই শিল্পায়নের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ভূমিকা ঐতিহাসিকভাবেই সমাদৃত। বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটেও স্বল্প পুঁজি নির্ভর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সুষ্ঠু শিল্পায়নের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের কোনো বিকল্প নেই। এসএমই ফাউন্ডেশন শিল্পায়নে নারী এবং সকল শ্রেণির এসএমই উদ্যোক্তাদের উৎসাহিত, উদ্বুদ্ধ এবং জাতীয় পর্যায়ে সুসংগঠিতকরণসহ এসএমই উন্নয়নে কাজ করছে। তৃণমূল, স্থানীয় ও জাতীয় পর্যায়ে কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক বৈষম্য দূরীকরণ এবং দারিদ্র্য বিমোচনের মাধ্যমে দেশের সাধারণ জনগোষ্ঠীকে অর্থনৈতিক উন্নয়নের মূল স্রোতধারায় এগিয়ে নেয়া এই ফাউন্ডেশনের অন্যতম লক্ষ্য।

### ফাউন্ডেশন প্রতিষ্ঠার আইনগত ভিত্তি

শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে কোম্পানি আইন ১৯৯৪-এর ২৮ ধারার বিধান অনুসারে একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্স নং: ৩০/০৬, তারিখ: ১২-১১-২০০৬ এবং যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক ২৬-১১-২০০৬ তারিখে প্রদত্ত নিবন্ধিকরণ নম্বর: সি-৬৭২(১২)/০৬ এর মাধ্যমে সরকার 'এসএমই ফাউন্ডেশন' (Small and Medium Enterprise Foundation) প্রতিষ্ঠা করে। এসএমই ফাউন্ডেশন প্রতিষ্ঠার বিষয়টি সকল মহলে অবহিত করার জন্য ০৭ আগস্ট ২০০৭ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়।

### ভিশন (Vision)

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের মাধ্যমে অধিক কর্মসংস্থান, জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং সর্বোপরি দারিদ্র্য বিমোচন।

### মিশন (Mission)

মুক্তবাজার অর্থনীতি এবং বিশ্বায়নের বর্তমান চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে জাতীয় অর্থনীতিতে বিদ্যমান ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের উন্নয়ন ও বিকাশে বহুমুখী কর্মসূচি পরিচালনার মাধ্যমে নিয়মিতভাবে সহায়তা প্রদান।

### উদ্দেশ্য (Objectives)

১. দেশব্যাপী উৎপাদনমুখী (সেবা খাতসহ) শিল্প খাতের অগ্রগতি ও উন্নয়নকে ত্বরান্বিতকরণে সর্বাত্মক সহায়তা ও উৎসাহ প্রদান করা।

২. ব্যক্তি খাতের প্রতিষ্ঠানসমূহ যেমন: ব্যবসায়িক চেম্বার, অ্যাসোসিয়েশন, বাণিজ্য সংগঠন, গবেষণা প্রতিষ্ঠান, উন্নয়ন সংস্থা, বিশ্ববিদ্যালয় এবং পরামর্শক কোম্পানি ও পেশাজীবী সংগঠন-এর কার্যাবলি সম্পাদনে পরিকল্পনা, কর্মসূচি এবং অর্থায়নের মাধ্যমে সহায়তা প্রদান করা।

৩. ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের মাঝে প্রতিযোগিতা সৃষ্টির লক্ষ্যে উৎসাহ প্রদান করা।

৪. সরাসরি ঋণ বিতরণ না করে দেশব্যাপী ক্ষুদ্র ও মাঝারি শিল্প সহায়ক ঋণের ব্যবস্থা করা, এ ক্ষেত্রে ফাউন্ডেশন বিভিন্ন ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তহবিলের যোগান দিবে যেন উক্ত তহবিল নির্দিষ্ট ক্ষুদ্র ও মাঝারি খাতের উদ্যোক্তাদের মধ্যে স্বল্প সুদে বিতরণ করা।

৫. ব্যক্তি খাতের উন্নয়নে সরকারি বিভিন্ন সহায়তার যৌক্তিকীকরণ; এবং প্রয়োজনীয় সক্ষমতা বৃদ্ধিকল্পে কর্মসূচি প্রণয়ন।

৬. দারিদ্র্য ও প্রবৃদ্ধিবান্ধব ব্যবসায়িক পরিবেশ তৈরি করা যাতে বিদ্যমান এবং সম্ভাব্য উদ্যোক্তাগণ নানামুখী সেবা যেমন: ঋণের সহজলভ্যতা, তথ্য সহায়তা, পরামর্শ সেবা, বাজারজাতকরণ, পণ্যের ডিজাইন ও গুণগত মানের উন্নয়ন বিষয়ক জ্ঞান, পারস্পরিক সংযোগ এবং প্রতিনিধিত্ব নিশ্চিত করা।

৭. নতুন উদ্যোগ স্থাপনে সহায়ক সহায়তা, পদ্ধতি ও সেবা প্রদান এবং একই সঙ্গে বিদ্যমান উদ্যোক্তাদের প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধি ও টেকসই উন্নয়ন নিশ্চিত করা।

৮. গবেষণা ও মতবিনিময়ের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে সরকারি নিয়ম-নীতিগত প্রতিকূলতা চিহ্নিতকরণ এবং যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণ।

৯. ক্রমান্বয়ে একটি একক সেবা প্রদান কেন্দ্রে পরিণত হওয়া যেখানে উদ্যোক্তাগণ বিভিন্ন অনুমোদন ও লাইসেন্স সংক্রান্ত সেবা পেতে পারে।

১০. ক্ষুদ্র ও মাঝারি শিল্পে উদ্যোক্তাগণের প্রয়োজনীয় সকল সেবা সমন্বিত একটি ডাটাবেজ তৈরি।

১১. আর্থিক প্রতিষ্ঠান, বাণিজ্য সংগঠন, সুশীল সামাজিক প্রতিষ্ঠান এবং খাতভিত্তিক অ্যাসোসিয়েশনসমূহের কার্যাবলি বৃদ্ধি ও সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা ও উৎসাহ প্রদান।

১২. গবেষণা প্রতিষ্ঠান ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পরিচালিত গবেষণার ফলাফলকে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ব্যবহারকে ত্বরান্বিত করা।

১৩. শিল্প ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে সহায়তামূলক পরিবেশ সৃষ্টি করা।

১৪. ব্যক্তি খাত, ইকোনমি অব স্কেল, স্বল্প বিনিয়োগে অধিক ফলাফল লাভ ইত্যাদি বিষয়ে গবেষণা পরিচালনা করা।

১৫. প্রশিক্ষণ, সেমিনার, মতবিনিময়, গোলটেবিল বৈঠক, এবং কারিগরি মতবিনিময় সভা ইত্যাদি আয়োজনের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি খাতকে সেবা প্রদানকারী সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোর দক্ষতা বৃদ্ধি করা।

১৬. নতুন প্রযুক্তি গ্রহণ, আত্তীকরণ, উন্নয়নকে উৎসাহিত করা।

১৭. নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে পণ্যের উৎপাদনশীলতা, গুণগত মান ও ডিজাইনের উৎকর্ষতা বৃদ্ধি করা:
- ব্যবসায়িক ও কারিগরি প্রশিক্ষণ কর্মসূচি;
- ক্ষুদ্র ও মাঝারি শিল্পে কর্ম-পরিবেশ উন্নয়ন;
- পণ্যের মান, পণ্যের ভিন্নতা ও উন্নয়নকে উৎসাহিত করা;
- উপযুক্ত প্রযুক্তি গ্রহণ ও উন্নয়নে উৎসাহিত করা;
- স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে এসএমই পণ্য বাজারজাতকরণ সম্পর্কিত তথ্য সেবা প্রদান করা;
- বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানকে এসএমই ঋণ প্রদানে জটিলতা হ্রাসের পরামর্শ এবং এসএমই খাতের চাহিদা মোতাবেক আর্থিক সেবা প্রদানকে উৎসাহিত করা;
- উদ্যোক্তা উন্নয়ন শিক্ষা সম্প্রসারণে তথ্য বিতরণ কর্মসূচি পরিচালনা করা;
- সরকার প্রদত্ত কর সুবিধা গ্রহণে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে সহায়তা প্রদান করা; এবং
- ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে সরকারি অবকাঠামো সেবা প্রদান করা।

১৮. ক্রমান্বয়ে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিপূর্বক উৎপাদনশীলতা বৃদ্ধি ও ব্যবসায়িক ব্যয় হ্রাসের ব্যবস্থা করা।

### ফাউন্ডেশনের ব্যবস্থাপনা কাঠামো

#### সাধারণ পর্ষদ

এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সার্বিক দিক নির্দেশনা প্রদানের জন্য একটি সাধারণ পর্ষদ রয়েছে। সাধারণ পর্ষদের নির্ধারিত সদস্য সংখ্যা ৬০ (ষাট)। ফাউন্ডেশনের আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশনে বর্ণিত নির্দেশনা মোতাবেক বিভিন্ন ক্যাটাগরিতে যেমন- মন্ত্রণালয়, সরকারি সংস্থা/প্রতিষ্ঠান, বিভিন্ন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, এসএমই সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, সাধারণ ও কারিগরি বিশ্ববিদ্যালয়, পেশাজীবী ও গবেষণামূলক প্রতিষ্ঠান, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রেসিডেন্ট/প্রধান নির্বাহীগণ সাধারণ পর্ষদের সম্মানিত সদস্য হিসেবে থাকবেন।

#### পরিচালক পর্ষদ

ফাউন্ডেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১৬ (ষোল) সদস্য বিশিষ্ট একটি পরিচালক পর্ষদ রয়েছে। ফাউন্ডেশনের কার্যক্রমে নীতিগত সিদ্ধান্ত ও দিক নির্দেশনা প্রদান পরিচালক পর্ষদের অন্যতম দায়িত্ব। ফাউন্ডেশনের আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশনের বিধানমতে সরকার কর্তৃক চেয়ারপার্সন নিয়োগ করা হয়। এছাড়া সরকার পরিচালক পর্ষদের ৫জন পরিচালকও মনোনয়ন দেন। উল্লেখ্য, পরিচালক পর্ষদে বেসরকারি খাত, গবেষণা ও পেশাজীবী প্রতিষ্ঠান/অ্যাসোসিয়েশনের প্রতিনিধিত্ব রয়েছে।

#### ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা

ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামোতে ১জন ব্যবস্থাপনা পরিচালক, ২জন উপব্যবস্থাপনা পরিচালক, ৪জন মহাব্যবস্থাপক, ৮জন উপমহাব্যবস্থাপক, ১৪জন সহকারী মহাব্যবস্থাপক, ২০জন ব্যবস্থাপক, ২৪জন উপব্যবস্থাপক,

৩০জন সহকারী ব্যবস্থাপক, ১৬জন প্রোগ্রাম সহকারী, ১০জন গাড়ী চালক এবং ১৫জন অফিস সহায়ক, ৬জন অফিস গার্ড/নাইট গার্ড, ৩জন ক্লিনারসহ মোট ১৫৩জন জনবলের অনুমোদন রয়েছে। কর্মরত আছেন ৭৩জন।

**ফাউন্ডেশনের কার্যক্রম পরিচালনায় বিভিন্ন অনুবিভাগ**

- বিজনেস সাপোর্ট সার্ভিসেস
- ক্লাস্টার উন্নয়ন
- ফাইন্যান্স ও ক্রেডিট সার্ভিসেস
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন
- পলিসি অ্যাডভোকেসি
- পাবলিক রিলেশন
- গবেষণা
- প্রযুক্তি উন্নয়ন
- নারী-উদ্যোক্তা উন্নয়ন
- মানবসম্পদ উন্নয়ন
- প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা

**ফাউন্ডেশনের আর্থিক ব্যবস্থাপনা**

ফাউন্ডেশনের সার্বিক কর্মকাণ্ড পরিচালনার লক্ষ্যে সরকার এন্ডাউমেন্ট ফান্ড হিসেবে ফাউন্ডেশনের অনুকূলে ২০০ কোটি টাকা বরাদ্দ করে। উক্ত ২০০ কোটি টাকা এফডিআর হিসেবে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে জমাপূর্বক তা থেকে অর্জিত মুনাফা ব্যবহার করে ফাউন্ডেশন এসএমই উন্নয়নে বিভিন্ন কার্যক্রম ও কর্মসূচি পরিচালনা করে। পরিচালক পর্ষদ কর্তৃক গঠিত একটি ফান্ড ম্যানেজমেন্ট কমিটি এই ফান্ড ম্যানেজমেন্ট কার্যক্রম পরিচালনা করে।

**এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম**

**সরকার গৃহীত এসএমই নীতিকৌশল বাস্তবায়নে সহায়তা**

সরকার কর্তৃক গৃহীত ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) উন্নয়ন নীতি কৌশল বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান করা এসএমই ফাউন্ডেশনের অন্যতম প্রধান দায়িত্ব। নীতি কৌশলে উল্লেখিত মৌলিক বিষয়াদি যেমন: রাজস্ব ও আর্থিক বিষয়াদির পরামর্শ, এসএমই পণ্যের গুণগতমান নিশ্চিতকরণে সহায়তা, দক্ষতা উন্নয়ন কৌশলে সহায়তা, টেকনো-অন্ট্রাপ্রেনিউরশিপ উন্নয়ন বিষয়ক সহায়তা, এসএমই ওয়েব পোর্টালের মাধ্যমে তথ্য সহায়তা, আন্তর্জাতিক পর্যায়ে প্রযুক্তি বিনিময় কর্মসূচিতে সহায়তা, ভার্চুয়াল এসএমই ফ্রন্ট অফিস প্রতিষ্ঠাকরণ ইত্যাদি বিষয়ে বাস্তবায়ন কার্যক্রম পরিচালনায় সরকারকে নিয়মিতভাবে সহায়তা প্রদান করে।

**গবেষণা ও পলিসি অ্যাডভোকেসি**

গবেষণা ও পলিসি অ্যাডভোকেসি কার্যক্রমের প্রধান লক্ষ্য হচ্ছে সুষ্ঠুভাবে ব্যবসা পরিচালনার ক্ষেত্রে এসএমই বান্ধব পরিবেশ সৃষ্টিতে সহায়তা করা। দেশে বিদ্যমান রেগুলেটরি প্রতিবন্ধকতাসমূহ দূর করার লক্ষ্যে এসএমই সংশ্লিষ্ট নীতিমালা ও কর্মকৌশল প্রণয়নে এসএমই ফাউন্ডেশন হালনাগাদ তথ্য ও উপাত্তসহ সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রণয়ন করে। ফাউন্ডেশন এসএমই উন্নয়নে স্বল্পমেয়াদি, দীর্ঘমেয়াদি এবং প্রেক্ষিত পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদানের জন্য গবেষণা এবং কেইস স্টাডি পরিচালনা করে।

**ক্লাস্টার উন্নয়ন**

২০১৩ সালে এক গবেষণার মধ্যে দেশের ১৭৭টি ক্লাস্টার চিহ্নিত করে এসএমই ফাউন্ডেশন। এরপর থেকে ক্লাস্টারভিত্তিক কার্যক্রম শুরু হয়। বর্তমানে দেশের ১০০টি ক্লাস্টারের উদ্যোক্তা ও কর্মীদের ব্যক্তিগত দক্ষতা, ব্যবস্থাপনা দক্ষতা ও কারিগরি দক্ষতা বাড়াতে কাজ করছে ক্লাস্টার উন্নয়ন বিভাগ।

**ফাইনান্স ও ক্রেডিট সার্ভিসেস**

ফাউন্ডেশনের ফাইনান্স ও ক্রেডিট সার্ভিসেস উইং হতে ক্রেডিট হোলসেলিং প্রোগ্রামের আওতায় দেশের বিভিন্ন অঞ্চলের সম্ভাবনাময় এসএমই সেক্টর/ক্লাস্টার/ক্লায়েন্টেল গ্রুপকে স্বল্প সুদে জামানতবিহীন ঋণ প্রদান করা হয়। মূলত: নির্বাচিত ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে এই সকল ঋণ প্রদান করা হয়। উল্লেখ্য, ফাউন্ডেশন হতে সরাসরি কোন ঋণ প্রদান করা হয় না। এছাড়া এসএমই খাতে অর্থায়ন বৃদ্ধিকল্পে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে দেশের বিভিন্ন বিভাগ/জেলা শহরে নিয়মিতভাবে এসএমই ঋণ মেলা (ফিনান্সিং ফেয়ার), ব্যাংকার-উদ্যোক্তা সম্মেলন, সেমিনার, ঋণ সম্পর্কিত ম্যাচমেকিং, ব্যাংকারদের প্রশিক্ষণ ইত্যাদি কর্মসূচি আয়োজন করা হয়।

**দক্ষতা উন্নয়ন**

এসএমই উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি এবং নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা ফাউন্ডেশনের অন্যতম কার্যক্রম। এই কার্যক্রম বাস্তবায়নে প্রশিক্ষণ ইনস্টিটিউট অথবা এসএমই সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনের সহযোগীতায় এসএমই ফাউন্ডেশন বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করে। ফাউন্ডেশন যেসব প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করে সেগুলো হলো-উদ্যোক্তা উন্নয়ন, এসএমই ক্লাস্টারভিত্তিক দক্ষতা উন্নয়ন, টেকনোলজি বেইজড এবং আইসিটি বেইজড প্রশিক্ষণ, প্রশিক্ষকদের প্রশিক্ষণ (ToT), উৎপাদনশীলতা ও পণ্যের মান উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ, বাজার ব্যবস্থাপনা ও অর্থ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রভৃতি। এছাড়া, এ কার্যক্রমের আওতায় এসএমই ট্রেডবডিজ/অ্যাসোসিয়েশনসমূহের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে।

**প্রযুক্তি উন্নয়ন ও ব্যবহার**

এসএমইদের সক্ষমতা উন্নয়নে আধুনিক প্রযুক্তির ব্যবহার, প্রযুক্তি উন্নয়ন, আমদানিকৃত প্রযুক্তি গ্রহণ, রিভার্স ইঞ্জিনিয়ারিং এবং প্রোডাক্ট কমপ্লায়েন্স ও সার্টিফিকেশনের মাধ্যমে এই খাতের উন্নয়নে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন ধরনের কর্মকাণ্ড পরিচালনা করে। এছাড়া ফাউন্ডেশন এসএমইদের গ্রিন টেকনোলজি এবং এনার্জির দক্ষ ব্যবহারে নানামুখী কাজ করে।

**একসেস টু ইনফরমেশন**

এসএমই ফাউন্ডেশন এর নিজস্ব ওয়েব পোর্টাল www.smef.gov.bd -এর মাধ্যমে এসএমই এবং এসএমই সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের ব্যবহারের উদ্দেশ্যে হালনাগাদ তথ্য ও উপাত্ত উপস্থাপন করে। এই সেক্টরের প্রসারের লক্ষ্যে স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ের এসএমই সংক্রান্ত বিভিন্ন তথ্য, উপাত্ত, টেকনোলজি ইত্যাদি বিষয়ক একটি তথ্যভাণ্ডার প্রতিষ্ঠার কাজ করছে এসএমই ফাউন্ডেশন।

**নারী-উদ্যোক্তা উন্নয়ন**

উন্নয়নের মূল স্রোত-ধারায় নারী-উদ্যোক্তাদের অন্তর্ভুক্তি এবং নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা ফাউন্ডেশনের অন্যতম প্রধান কাজ। এ সংক্রান্ত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ হলো: উইম্যান চেম্বার/ট্রেডবডিসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, নারী-উদ্যোক্তাদের অর্থায়নে ব্যাংকার উদ্বুদ্ধকরণ কর্মসূচি, নারী-উদ্যোক্তা বিষয়ক স্টাডি পরিচালনা, নারী-উদ্যোক্তা বান্ধব পরিবেশ তৈরিতে পলিসি অ্যাডভোকেসি, পণ্য বাজারজাতকরণে ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজন প্রভৃতি।

**পাবলিক রিলেশন অ্যান্ড ইনস্টিটিউশনাল লিংকেজ**

এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম দেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, ব্যবসায়ী সংগঠন এবং সরকারের বিভিন্ন দপ্তরে অবহিত করতে প্রতি বছর ৪টি করে নিউজলেটার প্রকাশ, বিভিন্ন সময়ে ফাউন্ডেশন সম্পর্কিত এবং বিভিন্ন উইং সম্পর্কিত তথ্য সম্বলিত ব্রোসিওর প্রকাশ, গণমাধ্যমকর্মীদের নিয়ে বিভিন্ন ক্লাস্টারের ব্যবসা কার্যক্রম, সমস্যা ও চ্যালেঞ্জসমূহ তুলে ধরতে কাজ করে পাবলিক রিলেশন অ্যান্ড পাবলিকেশন্স বিভাগ। এছাড়া গণমাধ্যমে এসএমই ফাউন্ডেশন এবং এসএমই খাতের কার্যক্রম তুলে ধরতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে এই বিভাগ।

**বিজনেস সাপোর্ট সার্ভিসেস**

এসএমই ফাউন্ডেশন ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তা উন্নয়নে ব্যবসা সহায়ক বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে। যেমন: এসএমই পণ্যের প্রচার, প্রসার ও বাজার সম্প্রসারণ; ভোক্তা ও উদ্যোক্তাদের মাঝে পারস্পরিক সংযোগ স্থাপন; অ্যাডভাইজারি সার্ভিস সেন্টারের মাধ্যমে নতুন ব্যবসা সৃষ্টি ও পরিচালনার বিষয়ে দিক নির্দেশনা, বিভিন্ন ধরনের তথ্য ও উপাত্ত দিয়ে সহায়তা প্রদান; ব্যবসায়িক তথ্যাবলির সহায়িকা/ম্যানুয়াল প্রকাশ ও বিতরণ, জাতীয় ও আঞ্চলিক এসএমই পণ্য মেলা, জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার/প্রতিযোগিতা আয়োজন প্রভৃতি।

**পণ্যের মান উন্নয়ন এবং কোয়ালিটি সার্টিফিকেশনে সহায়তা**

প্রতিযোগিতার প্রেক্ষাপটে পণ্যের মান বিশ্বমানে উন্নীতকরণ কোয়ালিটি সার্টিফিকেশন (যেমন-আইএসও-২২০০০, আইএসও-৫২০০০, আইএসও-১৪০০০), উন্নত ও মানসমৃদ্ধ ডিজাইন এবং উন্নত প্যাকেজিং ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা।

# সাধারণ পর্ষদ
(জ্যেষ্ঠতাভিত্তিতে নয়)

## আর্টিক্যালস্ 7(a): সরকারি প্রতিনিধি



**মোঃ হুমায়ুন কবীর**
নির্বাহী সদস্য (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)



**জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন**
মহাপরিচালক
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর



**জনাব এ. কে. এম নূরুন্নবী কবির**
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর



**জনাব এ কে এম সোহেল**
অতিরিক্ত সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়



**জনাব এম. এ. কামাল বিল্লাহ**
মহাপরিচালক
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং
ইনস্টিটিউশন (বিএসটিআই)



**জনাব মো. নাজমুল হুদা সিদ্দিকী, এনডিসি**
অতিরিক্ত সচিব
অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়



**জনাব মোহাম্মদ হাসান আরিফ**
ভাইস চেয়ারম্যান
রপ্তানি উন্নয়ন ব্যুরো



**জনাব আহসান হাবিব**
সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)
জাতীয় রাজস্ব বোর্ড



**ড. সামিনা আহমেদ**
চেয়ারম্যান
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প
গবেষণা পরিষদ (বিসিএসআইআর)



**মিজ শামিমা বেগম**
অতিরিক্ত সচিব (পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ)
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়



**জনাব মো. এনামুল হক**
সদস্য (যুগ্মসচিব)
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন



**মিজ সুলতানা ইয়াসমীন**
যুগ্মসচিব (নীতি)
শিল্প মন্ত্রণালয়



**জনাব মো. ফিরোজ উদ্দিন খলিফা**
যুগ্মসচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়



**জনাব মোহা. লিয়াকত আলী**
যুগ্মসচিব (সমন্বয় ও আইন অনুবিভাগ)
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়



**মিজ দিলসাদ বেগম**
যুগ্মসচিব (বিসিক, এসএমই ও বিটাক)
শিল্প মন্ত্রণালয়



**জনাব মো. মজিবর রহমান**
যুগ্মসচিব
ডাক টেলিযোগাযোগ
ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়



**মিজ মোছা. নারগিছ মুরশিদা**
যুগ্মসচিব (রপ্তানি-১ অধিশাখা)
বাণিজ্য মন্ত্রণালয়

**প্রতিনিধি**
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়



**ড. কে এম আলমগীর কবীর**
পরিচালক-৪ (উপসচিব)
প্রধানমন্ত্রীর কার্যালয়



**জনাব নওশাদ মোস্তাফা**
ডিরেক্টর, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক

## আর্টিক্যালস্ 7(c): এসএমই উদ্যোক্তা ক্যাটাগরি (পুরুষ ও নারী উদ্যোক্তা)




**জনাব শাহেদুল ইসলাম হেলাল**
ভাইস চেয়ারম্যান
বেঙ্গল ব্রেইডেড রাগস্ লিমিটেড



**জনাব শাহিদ হোসেন শামিম**
পরিচালক
প্রবর্তনা



**জনাব মো. রাশেদুল করীম মুন্না**
ব্যবস্থাপনা পরিচালক
ক্রিয়েশন প্রাইভেট লিমিটেড



**জনাব গাজী তৌহিদুর রহমান**
স্বত্বাধিকারী
এফএম প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড



**জনাব খালেদ মাহমুদ খান**
ম্যানেজিং পার্টনার
কে ক্রাফট



**মিজ তৌহিদা হক**
স্বত্তাধিকারী
ডেকর ইডে



**মিজ শোহেলী নাজনীন**
ব্যবস্থাপনা পরিচালক
আর্টিফ্যাক্ট



**জনাব মহিউদ্দিন হেলাল**
চেয়ারম্যান, রিভার এন্ড গ্রীণ ট্যুরস এবং
চেয়ারম্যান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল



**জনাব ফোরকান বিন কাশেম**
ব্যবস্থাপনা পরিচালক
স্পেক্ট্রাম ইঞ্জিনিয়ারিং কনসোর্টিয়াম লিমিটেড



**জনাব কে এম জহির ফারুক**
ব্যবস্থাপনা পরিচালক
নবাবী ফুটওয়্যার লিমিটেড



**মিজ কোহিনুর ইয়াসমীন**
প্রধান নির্বাহী কর্মকর্তা
তরঙ্গ



**মিজ তানিয়া ওয়াহাব**
ম্যানেজিং পার্টনার
কারিগর



**জনাব ছৈয়দ মুহাম্মদ শোয়াইব হাছান**
ম্যানেজিং পার্টনার
হিফস এগ্রো ফুড ইন্ডাস্ট্রিজ



**জনাব মেহেদী হাসান**
ব্যবস্থাপনা পরিচালক
ন্যাচার ক্রাফ্টস বাংলাদেশ লি:



**মিজ নাসরিন আক্তার মিলা**
স্বত্ত্বাধিকারী
দি ম্যাগনেটস্

## আর্টিক্যালস্ 7(d): ইন্ডাস্ট্রিজ/ট্রেডবডিজ ক্যাটাগরি



**মিজ নাসরীন ফাতেমা আউয়াল**
সভাপতি
উইমেন এন্ট্রাপ্রেনিওর এসোসিয়েশন অব বাংলাদেশ



**জনাব সামিম আহমেদ**
সভাপতি
বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স
এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন



**জনাব তাসকীন আহমেদ**
সভাপতি
ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

সভাপতি
বাংলাদেশ অ্যাগ্রো-প্রসেসরস্
অ্যাসোসিয়েশন




**মিজ আবিদা সুলতানা**
প্রেসিডেন্ট
চিটাগাং উইম্যান চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি



**জনাব মামুনুর রশীদ মামুন**
সভাপতি
রাঙ্গামাটি চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি



**জনাব মো. আলী জামান**
সভাপতি
স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ ওনার্স
এসোসিয়েশন অব বাংলাদেশ



**জনাব মো. এমদাদুল হোসেন**
সভাপতি
রংপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি



**মিজ লুবানা ইয়াছমিন শম্পা**
সভাপতি
সিলেট উইম্যান চেম্বার অব
কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

**প্রেসিডেন্ট**
খুলনা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি



**জনাব মো. বেলাল হোসেন**
প্রেসিডেন্ট
বাংলাদেশ হস্তশিল্প প্রস্তুতকারক ও
রপ্তানিকারক সমিতি (বাংলাক্রাফট)

**সভাপতি**
বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ
সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস

## আর্টিক্যালস্ 7(d): টেকনিক্যাল/সাধারণ বিশ্ববিদ্যালয় ক্যাটাগরি



**প্রফেসর ড. এ কে এম মাসুদ**
অধ্যাপক
আইপিই বিভাগ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়



**ড. মেলিতা মেহজাবীন**
অধ্যাপক, ইনস্টিটিউট অফ বিজনেস
অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ)
ঢাকা বিশ্ববিদ্যালয়



**ড. মো. মোস্তফা আকবর**
অধ্যাপক
কম্পিউটার সায়েন্স অ্যান্ড
ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট



**জনাব মো. নাজমুল হোসেন,** পিএইচডি
অধ্যাপক
মার্কেটিং বিভাগ, ব্যবসায় শিক্ষা অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়



**অধ্যাপক শেখ তৌফিক এম. হক**
ডিরেক্টর, সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব
পলিসি এন্ড গভর্নেন্স
নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

## আর্টিক্যালস্ 7(d): সিভিল সোসাইটি অর্গানাইজেশন ক্যাটাগরি



**জনাব শাহেদুজ্জামান চৌধুরী**
ট্রেজারার
সিটি বিশ্ববিদ্যালয়



**সৈয়দ আবদাল আহমদ**
নির্বাহী সম্পাদক
দৈনিক আমার দেশ



**জনাব তোফায়েল খান**
ব্যবস্থাপনা পরিচালক
দি সিটি আর্ট প্রেস

## আর্টিক্যালস্ 7(d): প্রাইভেট সেক্টর প্রফেশনাল ক্যাটাগরি



**জনাব আনোয়ার-উল-আলম চৌধুরী (পারভেজ)**
সভাপতি
বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি



**জনাব এস এ এ মাসরুর**
প্রধান নির্বাহী কর্মকর্তা
কনসোলিডেটেড টী এন্ড
ল্যান্ডস কোম্পানী লি.



**জনাব শাকিল ওয়াহেদ**
পরিচালক
আমার দেশ পাবলিকেশনস্ লিমিটেড



**জনাব এ ই আব্দুল মোহাইমেন**
স্বতন্ত্র পরিচালক
উপায় ফিনটেক



**জনাব নাসির উদ্দিন আহমেদ,** এফসিএ
ডেপুটি ম্যানেজিং পার্টনার
ম্যাবস এন্ড জে পার্টনার্স

# পরিচালক পর্ষদ
(জ্যেষ্ঠতাভিত্তিতে নয়)



**জনাব মোঃ ওবায়দুর রহমান**
চেয়ারপার্সন
এসএমই ফাউন্ডেশন



**জনাব মো. নূরুজ্জামান** এনডিসি
অতিরিক্ত সচিব
শিল্প মন্ত্রণালয়



**জনাব মো. সাইফুল ইসলাম**
চেয়ারম্যান
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির
শিল্প করপোরেশন (বিসিক)



**জনাব মোঃ ফিরোজ উদ্দিন**
মহাপরিচালক (অ. দা.)
বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল টেকনিক্যাল
এসিসটেন্স সেন্টার (বিটাক)



**ড. জিয়াউল আবেদীন**
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়



**মিজ নুরুন নাহার**
ডেপুটি গভর্নর
বাংলাদেশ ব্যাংক



**জনাব সামিম আহমেদ**
সভাপতি
বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স
এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন



**মিজ আবিদা সুলতানা**
সভাপতি
চট্টগ্রাম উইম্যান চেম্বার অব
কমার্স এন্ড ইন্ডাস্ট্রি



**জনাব খালিদ মাহমুদ খান**
ম্যানেজিং পার্টনার
কে ক্রাফট

**সভাপতি**
বাংলাদেশ এগ্রো-প্রসেসর্স
এসোসিয়েশন (বাপা)



**প্রফেসর ড. এ কে এম মাসুদ**
অধ্যাপক
আইপিই বিভাগ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়



**ড. মেলিতা মেহজাবীন**
অধ্যাপক, ইনস্টিটিউট অফ বিজনেস
অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ)
ঢাকা বিশ্ববিদ্যালয়



**মিজ নাসরীন ফাতেমা আউয়াল**
সভাপতি
উইমেন এন্ট্রাপ্রেনিওর এসোসিয়েশন অব বাংলাদেশ



**জনাব নাসির উদ্দিন আহমেদ**, এফসিএ
ডেপুটি ম্যানেজিং পার্টনার
ম্যাবস এন্ড জে পার্টনার্স



**জনাব শাহিদ হোসেন শামিম**
পরিচালক
প্রবর্তনা



**জনাব আনোয়ার হোসেন চৌধুরী**
ব্যবস্থাপনা পরিচালক
এসএমই ফাউন্ডেশন

# ২০তম বার্ষিক সাধারণ সভার নোটিশ

স্মারক: ৩৬.১২.০০০০.০০০.০০৩.০৬.০০০১.২৩-২৩০

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২
২৫ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন এর ২০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন) এর ২০তম বার্ষিক সাধারণ সভা ৩০ মার্চ ২০২৬ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ পর্যটন করপোরেশন এর শৈলপ্রপাত মিলনায়তনে (৩য় তলা, পর্যটন ভবন, ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭) অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১) গত ১০ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিতকরণ;
২) ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপন ও গ্রহণ;
৩) ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন;
৪) ফাউন্ডেশনের ২০২৫-২৬ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক (অডিটর) নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ;
৫) ফাউন্ডেশনের ২০২৬-২৭ অর্থবছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন;
৬) সভাপতির অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়।

০২। এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ এবং পরিচালক পর্ষদের সম্মানিত সকল সদস্যকে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

০৩। পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে এ নোটিশ জারি করা হলো।

(আনোয়ার হোসেন চৌধুরী)
ব্যবস্থাপনা পরিচালক
মোবাইল: ০১৭১১০৬৯৩২৯
ই-মেইল: md@smef.gov.bd

বিতরণ:
এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ ও পরিচালক পর্ষদের সম্মানিত সদস্য (সকল)।

# ২০তম বার্ষিক সাধারণ সভার কার্যপত্র

**আলোচ্যসূচি-০১: ফাউন্ডেশনের ১৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিতকরণ**

এসএমই ফাউন্ডেশনের ১৯তম বার্ষিক সাধারণ সভা ১০ মে ২০২৫ তারিখ শনিবার শৈলপ্রপাত মিলনায়তন, বাংলাদেশ পর্যটন করপোরেশন -এ ফাউন্ডেশনের চেয়ারপার্সন জনাব মো. মুসফিকুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সাধারণ পর্ষদ এবং পরিচালক পর্ষদের সদস্যগণ উপস্থিত ছিলেন। সভার কার্যবিবরণী অত্র কার্যপত্রের সাথে সংযুক্ত করা হয়েছে (সংলাগ-০১)। কার্যবিবরণীতে ১৯তম বার্ষিক সাধারণ সভার আলোচনা, মতামত ও সুপারিশসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ হলে তা সাধারণ পর্ষদ কর্তৃক গ্রহণ ও নিশ্চিত করা যেতে পারে।

**প্রস্তাব:** ফাউন্ডেশনের ১৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিত করা যেতে পারে।

**আলোচ্যসূচি-০২: ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপন ও গ্রহণ**

এসএমই ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়িত কার্যক্রমভিত্তিক পরিচালক পর্ষদের একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে (সংলাগ-০২)। প্রতিবেদনটিতে ০১ জুলাই ২০২৪ থেকে ৩০ জুন ২০২৫ সময়ে ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমসমূহ সংক্ষিপ্তভাবে উপস্থাপন করা হয়েছে। প্রতিবেদনটির ওপর সাধারণ পর্ষদ সুচিন্তিত মতামত ও মূল্যবান পরামর্শ প্রদান করতে পারে। এছাড়া, ফাউন্ডেশন কর্তৃক আগামী অর্থবছরে এবং ভবিষ্যতে যে সকল কর্মসূচি গ্রহণ করা যেতে পারে সে সকল কর্মসূচি সম্পর্কে সাধারণ পর্ষদ সদস্যবৃন্দ তাঁদের মূল্যবান মতামত, দিকনির্দেশনা ও সুপারিশ প্রদান করতে পারেন।

**প্রস্তাব:** এসএমই ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়িত কার্যক্রমভিত্তিক প্রস্তুতকৃত পরিচালক পর্ষদের প্রতিবেদনটি সাধারণ পর্ষদ গ্রহণ করতে পারে।

**আলোচ্যসূচি-০৩: ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন অনুমোদন**

০৩।এসএমই ফাউন্ডেশনের সর্বশেষ ১৯তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স কে. এম হাসান এন্ড কোং নামক নিরীক্ষক প্রতিষ্ঠানকে ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিয়োগ প্রদান করা হয়। সে অনুযায়ী মেসার্স কে. এম হাসান এন্ড কোং২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষাপূর্বক প্রতিবেদন দাখিল করে (সংলাগ-০৩)। এবিষয়ে গঠিত ওয়ার্কিং কমিটি গত ১১ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় নিরীক্ষিত আর্থিক বিবরণী ও প্রতিবেদনটি পর্যালোচনা করেছে এবং প্রতিবেদনটি কমিটির নিকট গ্রহণযোগ্য প্রতীয়মান হওয়ায় তা পরিচালক পর্ষদ সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়। ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ১৫ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত ১৪৯তম সভায় বিস্তারিত পর্যালোচনা শেষে প্রতিবেদনটি গ্রহণপূর্বক ২০তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করে। নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন ২০তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে প্রকাশিত ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। এমতাবস্থায়, ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদনের জন্য ২০তম বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হলো। নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন বিষয়ে সাধারণ পর্ষদের সদস্যবৃন্দ মূল্যবান মতামত ও সুপারিশ প্রদান করতে পারেন।

**প্রস্তাব:** ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সাধারণ পর্ষদ অনুমোদন করতে পারে।

**আলোচ্যসূচি-০৪: ফাউন্ডেশনের ২০২৫-২৬ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক (অডিটর) নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ**

০৪। ফাউন্ডেশনের সর্বশেষ ১৯তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স কে. এম. হাসান এন্ড কোং নামক নিরীক্ষক প্রতিষ্ঠানকে ভ্যাট ও ট্যাক্সসহ সাকূল্যে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা পারিশ্রমিকের বিনিময়ে ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিয়োগ করা হয়। সে অনুযায়ী প্রতিষ্ঠানটি ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষাপূর্বক প্রতিবেদন দাখিল করে যা পরিচালনা পর্ষদ কর্তৃক গ্রহণপূর্বক বর্তমান বার্ষিক সাধারণ সভায় সাধারণ পর্ষদের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। ফাউন্ডেশনের ২০২৫-২৬ অর্থবছরের হিসাব নিরীক্ষার বিষয়ে একই প্রতিষ্ঠান অর্থাৎ মেসার্স কে. এম. হাসান এন্ড কোং এর মতামত/সম্মতি কামনা করা হলে প্রতিষ্ঠানটি ভ্যাট ও ট্যাক্সসহ সাকূল্যে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা পারিশ্রমিক উল্লেখ করে আর্থিক প্রস্তাবনা উপস্থাপন করে। উল্লেখ্য, ফাউন্ডেশনের অডিটর হিসেবে কাজের অভিজ্ঞতা প্রতিষ্ঠানটির রয়েছে। এ প্রেক্ষিতে সাধারণ পর্ষদ মেসার্স কে. এম. হাসান এন্ড কোং-কে ফাউন্ডেশনের ২০২৫-২৬ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক প্রতিষ্ঠান হিসেবে নিয়োগের জন্য অনুমোদন প্রদানের বিষয়ে বিবেচনা করতে পারে।

**প্রস্তাব:** মেসার্স কে. এম. হাসান এন্ড কোং কে ভ্যাট ও ট্যাক্সসহ সাকূল্যে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা পারিশ্রমিকে ফাউন্ডেশনের ২০২৫-২৬ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগের প্রস্তাব সাধারণ পর্ষদ সদয় অনুমোদন করতে পারে।

**আলোচ্যসূচি-০৫: ফাউন্ডেশনের ২০২৬-২৭ অর্থবছরের বাজেট অনুমোদন**

০৫। এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট পূর্বে পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত হত। পরিচালক পর্ষদের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গত ২০১৫-১৬ অর্থবছর থেকে ফাউন্ডেশনের বাজেট সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদিত হচ্ছে। সে অনুযায়ী ২০২৬-২৭ অর্থবছরের জন্য সর্বমোট ২,৫৯৫,১৫৮,২৫৮ (দুইশত উনষাট কোটি একান্ন লক্ষ আটান্ন হাজার দুইশত আটান্ন টাকা) টাকার বাজেট প্রস্তাব করা হয়েছে (সংলাগ-০৪)। সাধারণ পর্ষদ কর্তৃক বাজেট অনুমোদন করা হলে আগামী অর্থবছরে সে অনুযায়ী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। উপস্থাপিত বাজেট পরিচালক পর্ষদের ১৫ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সর্বশেষ ১৪৯তম সভায় যাচাই ও পর্যালোচনা করে সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে।

**প্রস্তাব:** ফাউন্ডেশনের ২০২৬-২৭ অর্থবছরের বাজেট অনুমোদন করা যেতে পারে।

**আলোচ্যসূচি-০৬:** সভাপতির অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়।

# ১৯তম বার্ষিক সাধারণ সভার অনুমোদিত কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার তারিখ | : ১০ মে ২০২৫ শনিবার |
| সময় | : সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : শৈলপ্রপাত মিলনায়তন, বাংলাদেশ পর্যটন করপোরেশন |
| সভাপতি | : মো. মুসফিকুর রহমান, চেয়ারপার্সন, এসএমই ফাউন্ডেশন |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভাপতি সভার শুরুতে সকলকে ১৯ তম বার্ষিক সাধারণ সভায় স্বাগতঃ জানান। অতঃপর তিনি সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়ের অনুমোদনক্রমে তিনি শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে গত ১৯ জানুয়ারী ২০২৫ তারিখে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। অতি সম্প্রতি সাধারণ পর্ষদের সদস্য হিসেবে যাঁরা মনোনীত হয়েছেন বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে তিনি অভিনন্দন জানান। তিনি আগামী দুই বছর এসএমই ফাউন্ডেশন পরিবারের সদস্য হিসেবে একসাথে কাজ করার এবং সকলে মিলে দেশের এসএমই খাতের অর্থবহ উন্নয়ন ও এসএমই ফাউন্ডেশনকে দেশের অন্যতম উদ্যোক্তা উন্নয়ন প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুমোদনের জন্য সভাকে অনুরোধ জানান। ফাউন্ডেশনের সাধারণ পর্ষদের সম্মানিত সদস্য জনাব গাজী তৌহিদুর রহমান, স্বত্বাধিকারী, এফএম প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ লি. আলোচ্যসূচি অনুমোদনের প্রস্তাব করলে জনাব মহিউদ্দিন হেলাল, চেয়ারম্যান, রিভার এন্ড গ্রীণ ট্যুরস ও চেয়ারম্যান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল তা সমর্থন করেন।

০২। এসএমই ফাউন্ডেশনের ১০ মে ২০২৫ শনিবার অনুষ্ঠিত ১৯তম বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচি নিম্নরূপঃ

১) গত ১৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত ১৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিতকরণ;

২) ফাউন্ডেশনের ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপন ও গ্রহণ;

৩) ফাউন্ডেশনের ২০২৩-২৪ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন;

৪) ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক (অডিটর) নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ;

৫) ফাউন্ডেশনের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন;

৬) এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ সদস্য, পরিচালক পর্ষদ সদস্যগণের সম্মানী এবং চেয়ারপার্সনের এলাউন্স বৃদ্ধির প্রস্তাবনা অনুমোদন;

৭) ফাউন্ডেশনের আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশনের (AoA) অনুচ্ছেদ ৪১(v) অনুযায়ী সাধারণ পর্ষদ হতে তিনজন বেসরকারী প্রতিনিধিকে পরিচালক পর্ষদে অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;

৮) সভাপতির অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়।

**আলোচ্যসূচি-১ : ১৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিতকরণ**

০৩। সভাপতি জানান যে ১৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সকল সদস্যের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য কার্যবিবরণীর কপি 'বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪' এর সাথেও সংযুক্ত করা আছে। তিনি গত ১৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত ১৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়ে থাকলে তা গ্রহণ ও নিশ্চিতকরণের অনুরোধ জানালে সদস্যগণ কার্যবিবরণীটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন। ফাউন্ডেশনের সাধারণ পর্ষদের সম্মানিত সদস্য জনাব মোঃ রাশেদুল করীম মুন্না, ব্যবস্থাপনা পরিচালক, ক্রিয়েশন প্রাইভেট লিঃ আলোচ্যসূচি-১ অনুমোদনের প্রস্তাব করলে জনাব তোফায়েল খান, ব্যবস্থাপনা পরিচালক, দি সিটি আর্ট প্রেস তা সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ**

১৯.০১.০১ ১৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত এসএমই ফাউন্ডেশনের ১৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-২ : ফাউন্ডেশনের ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপন ও গ্রহণ**

০৪। সভাপতির অনুমতিক্রমে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী ফাউন্ডেশনের ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রমের ওপর ভিত্তি করে প্রস্তুতকৃত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি তাঁর উপস্থাপনায় বলেন, ২০২৩-২৪ অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের সরাসরি সেবাগ্রহীতা মোট ৩৪,৭২০ জন (পুরুষ ১৭,৭১৯ জন, নারী ১৭,০০১ জন) ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা। মোট ৮০৭ টি কার্যক্রমের মধ্যে বাস্তবায়িত হয়েছে ৬৯২ টি। বাস্তবায়নের হার ৮৫%। অতঃপর তিনি বিজনেস সাপোর্ট সার্ভিসেস, ক্লাস্টার উন্নয়ন, ফাইন্যান্স ও ক্রেডিট সার্ভিসেস, মানব সম্পদ উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, পলিসি অ্যাডভোকেসি, পাবলিক রিলেশানস্, প্রযুক্তি উন্নয়ন, নারী উদ্যোক্তা উন্নয়ন, রিসার্চ অ্যান্ড পাবলিকেশন, বিজনেস ইউকিউবেশন সেন্টার, প্রশাসন প্রভৃতি অনুবিভাগ/শাখার ২০২৩-২৪ অর্থবছরের বিভিন্ন কার্যক্রমের একটি সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন।

পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপনের জন্য সভাপতি ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী-কে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি বলেন, এসএমই ফাউন্ডেশন এসএমই খাতের উন্নয়নে সারাবছর নিরলসভাবে কাজ করে। এ কার্যক্রমসমূহ বাস্তবায়নের

ক্ষেত্রে ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ, পরিচালক পর্ষদের সম্মানিত সদস্যসহ সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সহযোগিতা পাওয়ায় তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। সভাপতি এ পর্যায়ে উপস্থাপিত প্রতিবেদনের ওপর আলোচনার জন্য সাধারণ পর্ষদ সদস্যদের আমন্ত্রণ জানান।

জনাব মো. নাজমুল হোসেন পিএইচডি, অধ্যাপক, মার্কেটিং বিভাগ, ব্যবসায় শিক্ষা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় বলেন, নতুন ব্যবসা শুরুর পূর্বে বাজারের আকার, সম্ভাব্য লাভজনক সেগমেন্ট নির্ধারণ এবং প্রতিযোগিদের সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকা অত্যন্ত জরুরী। এসব গুরুত্বপূর্ণ তথ্যের অভাবে অধিকাংশ নতুন উদ্যোক্তা সঠিক সিদ্ধান্ত নিতে ব্যর্থ হন, যা তাঁদের ব্যবসার টেকসই উন্নয়নে বাধা সৃষ্টি করে। এ কারণে তিনি এসএমই ফাউন্ডেশন কর্তৃক একাডেমিক রিসার্চ এর পাশাপাশি মার্কেট ওরিয়েন্টেড রিসার্চ নিয়ে কাজ করার পরামর্শ প্রদান করেন। তিনি ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের পণ্য ও সেবা টার্গেটেড ক্রেতাদের সামনে তুলে ধরার কৌশল হাতে কলমে শেখানো এবং তাদের প্রতিনিয়ত গাইড/দিকনির্দেশনা প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করেন এবং একটি ডেটিকেটেড ডিজিটাল মার্কেটিং উইং স্থাপন করার প্রস্তাব করেন। তিনি বলেন, ছাত্রদের উদ্যোক্তা উন্নয়ন বিষয়ে পড়ানোর ক্ষেত্রে বাস্তব উদাহরণ হিসেবে একজন উদ্যোক্তা কি কি চ্যালেঞ্জ এর সম্মুখীন হয় সে বিষয়ে উদ্যোক্তার নিকট হতে সরাসরি জানলে ছাত্ররা উপকৃত হয়। এসএমই ফাউন্ডেশনের উদ্যোক্তার সফলতার গল্পের পাশাপাশি ব্যর্থতার গল্পও তৈরি করা উচিত বলে তিনি মতামত ব্যক্ত করেন। ব্যর্থতার গল্প থেকে একজন উদ্যোক্তার ব্যর্থতার কারণ জানা যাবে বলে তিনি মনে করেন। এক্ষেত্রে তিনি এসএমই ফাউন্ডেশন ও মার্কেটিং বিভাগ, ব্যবসায় শিক্ষা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর মধ্যে একটি MoU স্বাক্ষর করার প্রস্তাব করেন। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী বলেন, এসএমই ফাউন্ডেশনের আগামী পাঁচ বছরের স্ট্র্যাটেজিক প্ল্যানে তাঁর এই মূল্যবান মতামত ও পরামর্শগুলো অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনাব ফোরকান বিন কাশেম, ব্যবস্থাপনা পরিচালক, স্পেক্ট্রাম ইঞ্জিনিয়ারিং কনসোর্টিয়াম লিমিটেড এসএমই ফাউন্ডেশনের 'রিসার্চ এন্ড পাবলিকেশন' উইং-কে আরও বাস্তবমুখী করতে নাম পরিবর্তন করে 'রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট' করা যেতে পারে মর্মে মত প্রকাশ করেন। তিনি বলেন, উদ্যোক্তা উন্নয়নের মাধ্যমে শিক্ষিত বেকারত্ব হ্রাস করার লক্ষ্যে দেশে শিক্ষা ব্যবস্থার পরিবর্তন জরুরী। তিনি দেশের বিভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন শিল্পের সম্ভাবনার ভিত্তিতে আলাদা TVET প্রোগ্রাম চালু করা প্রয়োজন মর্মে মত প্রকাশ করেন। তিনি বলেন, উদ্যোক্তাদের চাহিদা অনুযায়ী এসএমই ফাউন্ডেশন কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এধরনের কর্মসূচীর সাথে TVET-এর শক্তিশালী সংযোগ স্থাপন করা জরুরী বলে তিনি উল্লেখ করেন। এছাড়াও তিনি সাধারণ পর্ষদে শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান।

জনাব কে এম জহির ফারুক, ব্যবস্থাপনা পরিচালক, নবাবী ফুটওয়্যার লিমিটেড বলেন, অনেক ট্রেডবডি অ্যাসোসিয়েশন এসএমই ফাউন্ডেশন থেকে শুধুমাত্র ফান্ড নেয়ার জন্য প্রশিক্ষণের আয়োজন করে থাকে। এসকল ক্ষেত্রে একই প্রশিক্ষণার্থীদের বার বার প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে মর্মে অভিযোগ রয়েছে। এসএমই ফাউন্ডেশনকে এ বিষয়ে আরো সচেতন হওয়া প্রয়োজন মর্মে মত প্রকাশ করেন। তিনি ১০ দিনব্যাপী এসএমই পণ্য মেলা আয়োজন এবং মেলার দিন বা সময় নির্ধারণের ক্ষেত্রে ২ টি শুক্রবার বিবেচনায় নিয়ে মেলা আয়োজনের জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়াও তিনি সকল পর্যায়ের ক্রেতা-বিক্রেতার কাছে মেলার তথ্য পৌছানোর ক্ষেত্রে প্রচার ও প্রচারণা বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, ISO সনদ প্রাপ্তির ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা রুলস ও রেগুলেশনগুলোর বিষয়ে উদ্যোক্তাদের অজ্ঞতা এবং এক্ষেত্রে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টে ভুল বিনিয়োগ করে উদ্যোক্তাদের ক্ষতিগ্রস্থ হতে হয়। এক্ষেত্রে তিনি ISO সনদ প্রাপ্তির ক্ষেত্রে রুলস ও রেগুলেশনগুলোর বিষয়ে উদ্যোক্তাদের মধ্যে সচেতনতা তৈরি করার পরামর্শ প্রদান করেন। সভাপতি বলেন, এসএমই ফাউন্ডেশনের ই-ডাটাবেজ তৈরির প্রক্রিয়া চলমান রয়েছে এবং পরবর্তীতে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণে অপ্রয়োজনীয় পুনরাবৃত্তি হ্রাস পাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

জনাব মো. আলী জামান, সভাপতি, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ বলেন, এসএমই উদ্যোক্তারা তাঁদের উৎপাদিত পণ্য নিয়ে বৃহৎ উদ্যোক্তাদের সাথে প্রতিযোগিতায় টিকে থাকতে পারে না, যা একটি বড় সমস্যা। তিনি উল্লেখ করেন, বৃহৎ প্রতিষ্ঠানগুলো এসএমই পণ্য উৎপাদন করছে এবং তাদের মার্কেটিং ব্যবস্থাপনা অত্যন্ত শক্তিশালী। এক্ষেত্রে ক্ষুদ্র উদ্যোক্তারা যাতে বাজারে টিকে থাকতে পারে সেজন্য সরকার হতে নীতি সহায়তা প্রদানের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, চীন ১০০% শুল্ক রেয়াত সুবিধায় বাংলাদেশ হতে তাদের দেশে পণ্য সরবরাহের সুযোগ প্রদান করেছে। সম্প্রতি কয়েকজন চীনা বিনিয়োগকারী বাংলাদেশ সফরে আসবেন উল্লেখ করে তিনি বলেন, তাঁদের সঙ্গে যোগাযোগ স্থাপন ও যৌথ কার্যক্রমের অংশ হিসেবে ফাউন্ডেশন কর্তৃক একটি বৈঠক আয়োজনের মাধ্যমে ক্ষুদ্র ব্যবসায়ীরা উপকৃত হতে পারেন।

জনাব মো. আনোয়ার হোসেন, ভাইস চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো বলেন, এসএমই ফাউন্ডেশন বিভিন্ন কার্যক্রমের ফলো-আপ এবং মূল্যায়ন প্রয়োজন। গত এক বছরে এসব কার্যক্রমের মাধ্যমে ২-৩টি পণ্যের বাজার সম্প্রসারণ করা সম্ভব হয়েছে কিনা, অথবা জাতীয় বাজেটে এসএমই খাতের অবদান কতটুকু বৃদ্ধি পেয়েছে তা জানা প্রয়োজন বলে তিনি মনে করেন। গতানুগতিক বিভিন্ন কার্যক্রমে সময় ও রিসোর্সের অপচায় না করে ফাউন্ডেশনের মূল লক্ষ্য অনুযায়ী পণ্য উন্নয়ন ও স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে বিভিন্ন কার্যক্রম গ্রহণে গুরুত্বারোপ করা উচিত মর্মে তিনি মত প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন, বর্তমানে পর্যাপ্ত ও নির্ভরযোগ্য তথ্যভান্ডার না থাকার কারণে আন্তর্জাতিক বাজারে পৌঁছাতে সমস্যার সম্মুখীন হতে হয়। তিনি বলেন, আন্তর্জাতিক বাজার বিভিন্ন কারণে ক্রমান্বয়ে প্রতিযোগিতামূলক হয়ে উঠলেও আন্তর্জাতিক বাজারে নতুন নতুন এসএমই পণ্যের চাহিদা তৈরি হচ্ছে। তাই কমপ্লায়েন্স পূরণ করে এসএমই উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি করে গ্লোবাল মার্কেটে ধরতে পারলে সেটি ফাউন্ডেশনের একটি বড় অর্জন হবে বলে তিনি মত প্রকাশ করেন। বিভিন্ন ক্লাস্টারভিত্তিক পণ্য উন্নয়নের সুযোগকে কাজে লাগানোর জন্যও তিনি পরামর্শ প্রদান করেন।

ড. খন্দকার আজিজুল ইসলাম, নির্বাহী সদস্য (অতিরিক্ত সচিব), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) সভাকে অবহিত করেন যে, ১ জুন ২০২৫ তারিখে চীনের বাণিজ্য মন্ত্রীর নেতৃত্বে চীন হতে ২০০ জনের একটি ডেলিগেশন বাংলাদেশে আসছে। মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয় কর্তৃক অনুষ্ঠান উদ্বোধনের পর ই২ই এবং নেটওয়ার্কিং সেশন অনুষ্ঠিত হবে। এসএমই ফাউন্ডেশনের কোন উদ্যোক্তা উক্ত নেটওয়ার্কিং এবং ই২ই সেশনে অংশগ্রহণে আগ্রহী হলে ফাউন্ডেশন হতে বিডা বরাবর উদ্যোক্তাদের একটি তালিকা প্রেরণ করার জন্য তিনি অনুরোধ জানান।

প্রফেসর ড. মেলিতা মেহজাবীন বলেন, এসএমই ফাউন্ডেশন অনেক ধরনের কাজ করলেও এবং অনেক সাফল্যের গল্প থাকলেও ফাউন্ডেশনের গুরুত্বপূর্ণ বিভিন্ন কার্যক্রমের Outcome Assessment করা প্রয়োজন। তিনি প্রশিক্ষণ-উত্তর তথ্য সংগ্রহ, প্রশিক্ষণার্থীদের উন্নয়ন পরিমাপ ও উৎপাদনে সম্পৃক্ততার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনার আহ্বান জানান। তিনি ফাউন্ডেশনের ক্যাপাসিটি বিল্ডিং, ট্রেনিং ইনস্টিটিউটের রিসোর্স, টেকনোলজি ও অও ব্যবহারে বিনিয়োগ বৃদ্ধির পরামর্শ দেন। তিনি বাজেট বরাদ্দে সীমাবদ্ধতার কথা তুলে ধরে ফাউন্ডেশনকে অধিকতর ক্ষমতায়নের জন্য মন্ত্রণালয়কে উদ্যোগ নেওয়ার অনুরোধ জানান। তিনি অনলাইন জার্নাল প্রকাশ, আইবিএ-এসএমই ফাউন্ডেশন যৌথভাবে কেইস স্টাডি করা এবং ক্লাইমেট চেঞ্জ নিয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার প্রস্তাব দেন।

মিজ নাসরীন ফাতেমা আউয়াল, সভাপতি, উইমেন এন্ট্রাপ্রিনিয়র এসোসিয়েশন অব বাংলাদেশ (WEAB) বলেন, যেহেতু এসএমই ফাউন্ডেশন নারী উদ্যোক্তাদের নিয়ে বেশি কাজ করে, তাই পরিচালনা পর্ষদে নারীর অংশগ্রহণ আরও বাড়ানো উচিত। তিনি জানান, ডউঅই শুরু থেকেই ফাউন্ডেশনের কার্যক্রমে যুক্ত ছিল। তিনি উল্লেখ করেন, চীন হতে ওয়েব-কে প্রস্তাব দেয়া হয় যে, চীনের ট্রেনার এসে বাংলাদেশের ক্রাফটস্ কর্মীদের প্রশিক্ষিত করতে পারে এবং পরবর্তীতে বাংলাদেশ থেকে তাঁদের হ্যান্ডিক্রাফটস এর বিভিন্ন অর্ডার এর সোর্সিং করতে পারে। এক্ষেত্রে তিনি ফাউন্ডেশনের সহায়তা চান। তিনি প্রশিক্ষণের মেয়াদ বাড়ানো, ফলো-আপ ট্রেনিং চালু এবং প্রশিক্ষণ-পরবর্তী সময়ে নারী উদ্যোক্তাদের পুঁজি ও ঋণ সুবিধার ব্যবস্থা করার প্রস্তাব দেন, যাতে তারা ব্যবসায়িক মূলধারায় সম্পৃক্ত হতে পারে।

মিজ তানিয়া ওয়াহাব, ম্যানেজিং পার্টনার, কারিগর এসএমই ফাউন্ডেশনের প্রথম জাতীয় উদ্যোক্তা পুরস্কার বিজয়ী হিসেবে পরিচিতি দেন এবং জানান, চামড়াশিল্পে তিনি নারী উদ্যোক্তা হিসেবে দীর্ঘ ২০ বছর পূর্ণ করলেন। তিনি জাতীয় এসএমই পণ্য মেলাকে গুরুত্বপূর্ণ ইভেন্ট হিসেবে উল্লেখ করে বিদেশী বায়ার আকৃষ্ট করার জন্য ফাউন্ডেশন হতে বিভিন্ন অ্যাসোসিয়েশনের সহযোগিতা চাওয়ার প্রস্তাব দেন। তিনি মেলায় প্রকৃত ক্রেতাদের ব্যবসায়িক আলোচনা করার জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। মেলার মাধ্যমে কর্পোরেট গিফ্ট আইটেম সেক্টরে দেশীয় পণ্যের বিকাশে ফাউন্ডেশনের ভূমিকা বৃদ্ধির পরামর্শ দেন। তিনি প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ ডাটা সংগ্রহের মাধ্যমে উদ্যোক্তাদের বাস্তব অবস্থা জানার বিষয়ে গুরুত্বারোপ করেন ও আন্তর্জাতিক মেলায় বায়ার সংক্রান্ত তথ্য বিশ্লেষণের মাধ্যমে রপ্তানি বাজার উন্নয়নের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

জনাব মো. রাশেদুল করীম মুন্না, ব্যবস্থাপনা পরিচালক, ক্রিয়েশন প্রাইভেট লিমিটেড, তাঁর বক্তব্যে বলেন যে বাংলাদেশের জিডিপিতে এসএমই খাতের অবদান ৬০-৭০% এ উন্নীত করার জন্য এর সক্ষমতা বাড়ানো প্রয়োজন। তিনি এসএমই শিল্পের সংজ্ঞা সুস্পষ্ট না থাকাকে ব্যাংক ঋণ প্রাপ্তির অন্যতম অন্তরায় হিসেবে চিহ্নিত করেন। তিনি সরকারি ক্রয়ে প্রতিবেশী দেশের মতো ২৫-২৬% এসএমই পণ্যের জন্য কোটা রাখার প্রস্তাব দেন। বিভিন্ন মন্ত্রণালয় এসএমই নিয়ে কাজ করলেও সমন্বয়ের অভাব রয়েছে বলে তিনি উল্লেখ করেন। তিনি জেলাভিত্তিক এসএমই ডাটাবেজ, রিসোর্স ও হেরিটেজ সংক্রান্ত ম্যাপিংসহ ৫ বছর মেয়াদি স্ট্র্যাটেজিক প্ল্যান তৈরি এবং প্ল্যান বাস্তবায়নে এসএমই ফাউন্ডেশনকে ক্যাটালিস্টের ভূমিকা পালনের প্রস্তাব দেন। রপ্তানি নীতিমালায় উল্লিখিত সম্ভাবনায় সেক্টরের বিভিন্ন প্রোডাক্ট ক্যাটাগরিতে ফাউন্ডেশন ফোকাস করতে পারে মর্মে তিনি মত প্রকাশ করেন। নির্দিষ্ট পণ্যের ওপর ১০০-২০০ উদ্যোক্তাকে নিয়ে প্রশিক্ষণ, গবেষণা, ঋণ, পণ্যের বৈচিত্র্য ও মানোন্নয়ন ও বাজার সংযোগসহ একটি সমন্বিত সাপোর্ট সিস্টেম গড়ে তোলার পরামর্শ দেন। বাজেট সংকট নিরসনে ফাউন্ডেশন কর্তৃক সরকারের কাছে কার্যকর প্রস্তাব দেয়া এবং উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে ফান্ড সংগ্রহে কাজ করার জন্যও তিনি পরামর্শ প্রদান করেন।

জনাব মহিউদ্দিন হেলাল, চেয়ারম্যান, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল বলেন যে, জাতীয় দক্ষতা নীতিমালার সাথে NSDA ও BTEB-এর ট্রেনিং কার্যক্রম সমন্বয় করা প্রয়োজন। তিনি সনদের ডিজিটাইজেশন, বৈশ্বিক স্বীকৃতি এবং ব্যাংক ঋণে সনদের গ্রহণযোগ্যতা নিশ্চিত করতে একটি সমন্বিত ফ্রেমওয়ার্ক প্রস্তাব করেন। ফাউন্ডেশনের কার্যক্রমের আউটকাম ও স্থায়িত্ব নিয়ে গবেষণা করার আহ্বান জানান এবং স্কিল ফান্ড সংগ্রহে উন্নয়ন সহযোগিদের সঙ্গে কাজ করার তাগিদ দেন। ফাউন্ডেশনকে শুধু ক্রাফট ও ফ্যাশন খাত নয়, অন্তর্ভুক্তিমূলকভাবে অন্যান্য  এসএমই খাতেও কাজ বাড়ানো প্রয়োজন মর্মে মত প্রকাশ করেন। তিনি বলেন, দেশের জিডিপিতে এসএমই খাতের ২৫%-২৭% অবদান থাকলেও ফাউন্ডেশন কতটুকু অংশ নিয়ে কাজ করছে, তা বিশ্লেষণের প্রয়োজন রয়েছে। কাইজেন চর্চার প্রশংসা করে তিনি বলেন, এটি ফাউন্ডেশনের কাজের অগ্রাধিকার নির্ধারণে সহায়ক হতে পারে। ফাউন্ডেশন যেন সারাদেশে বিভিন্ন ট্রেডবডি, চেম্বার ও অ্যাসোসিয়েশনের সাথে অংশীদারিত্বে কাজ করে, সে পরামর্শ দেন। এছাড়া, তিনি স্যুভিনির মার্কেট নিয়ে সম্ভাবনার কথা বলেন। তিনি কক্সবাজারসহ বাংলাদেশের বিভিন্ন ট্যুরিস্ট ডেস্টিনেশনে স্যুভিনির সরবরাহ এবং রপ্তানির জন্য পণ্যের রঙ, সাইজ, ওজন প্রভৃতি আন্তর্জাতিক মান বজায় রাখতে উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির তাগিদ দেন।

মোছা. নারগিছ মুরশিদা, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয় বলেন, রপ্তানি নীতিমালা ২০২৪-২০২৭ এর সাথে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রমের সামঞ্জস্যতা বজায় রাখা গুরুত্বপূর্ণ। তিনি প্রস্তাব করেন, ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদনে 'রপ্তানিতে এসএমই খাতের অবদান' সংক্রান্ত একটি বিস্তারিত প্রতিবেদন যুক্ত করা যেতে পারে, যাতে এসএমই খাতের রপ্তানি অংশীদারত্ব, গার্মেন্টসের বাইরের খাতগুলোর অংশগ্রহণ, পণ্যের বৈচিত্র্যতা ও বহুমুখীকরণের সুযোগ তুলে ধরা হয়। তিনি আরও বলেন, সরকার ঘোষিত 'Product of the Year'-এর সঙ্গে মিল রেখে ফাউন্ডেশন প্রতি বছর কর্মসূচি গ্রহণ করতে পারে, যাতে নীতিনির্ধারকদের উদ্যোগ ও ফাউন্ডেশনের কার্যক্রম সমন্বিতভাবে অগ্রসর হয়।

মিজ তৌহিদা হক, স্বত্বাধিকারী, ডেকর ইডে বলেন, উদ্যোক্তাদের দক্ষতা ও গ্রহণযোগ্যতা বাড়াতে ডিপ্লোমা ডিগ্রির ব্যবস্থা করা যেতে পারে, যা ঋণ পাওয়ার ক্ষেত্রেও যোগ্যতার একটি মানদন্ড হিসেবে বিবেচিত হতে পারে। এছাড়া, তিনি উদ্যোক্তা উন্নয়নে পণ্যের উদ্ভাবন, অনন্য ডিজাইন ও মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন, যা পণ্যের বাজার সম্প্রসারণে সহায়ক হবে।

জনাব নওশাদ মোস্তফা, পরিচালক, বাংলাদেশ ব্যাংক বলেন, এসএমই ফাউন্ডেশনের ৫ বছরব্যাপী স্ট্র্যাটেজিক প্ল্যান আরও সুচিন্তিত করা যেতে পারে এবং তিনি এতে মতামত দিতে আগ্রহ প্রকাশ করেন। তিনি জানান, বাংলাদেশ ব্যাংক নতুন ক্লাস্টার নীতিমালা প্রণয়ন করছে। বাংলাদেশ ব্যাংক ফাউন্ডেশনের সাথে ক্লাস্টার উন্নয়নে যৌথভাবে কাজ করতে পারে মর্মে তিনি মত প্রকাশ করেন। তিনি বলেন, উদ্যোক্তাদের আর্থিক দক্ষতা বৃদ্ধির জন্য বাংলাদেশ ব্যাংকের ১০০ ঘণ্টার ফাইন্যান্সিয়াল কারিকুলাম ফাউন্ডেশন উদ্যোক্তাদের আর্থিক স্বাক্ষরতায় কাজে লাগাতে পারে।

এছাড়া, শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে ফাউন্ডেশনের সমন্বিত কার্যক্রম জোরদারকরণ এবং বাংলাদেশ ব্যাংকের সম্ভাব্য অর্থায়নের সুযোগ চিহ্নিত করার লক্ষ্যে একটি ওয়ার্কিং কমিটি গঠনের প্রস্তাব দেন।

মিজ আবিদা সুলতানা, প্রেসিডেন্ট, চিটাগাং উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (CWCCI) বলেন যে সিডব্লিউসিসিআই শুরু থেকেই ফাউন্ডেশনের সাথে কাজ করে আসছে। নারী উদ্যোক্তাদের সমস্যা ও সম্ভাবনা নিয়ে চিটাগাং উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এসএমই ফাউন্ডেশনের সাথে বিস্তারিত আলোচনায় বসতে পারে এবং এর ফলে প্রান্তিক নারী উদ্যোক্তাদের অর্থনীতিতে সম্পৃক্তকরণ সহজতর হবে মর্মে তিনি মত প্রকাশ করেন।

এ পর্যায়ে, সভাপতি পরিচালক পর্ষদের প্রতিবেদনের ওপর আলোচনায় অংশ নিয়ে তাঁদের অভিজ্ঞতালব্ধ পরামর্শ প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জানান। তিনি জানান যে, সাধারণ পর্ষদ ও পরিচালক পর্ষদ সদস্যদের নিকট হতে ফিডব্যাক গ্রহণের এ প্রক্রিয়া অব্যাহত থাকবে এবং মাঝে মাঝেই সবাই মিলিত হবেন। অতঃপর পরিচালক পর্ষদের প্রতিবেদনটি অনুমোদনের জন্য তিনি প্রস্তাব আহবান করলে মিজ নাসরীন ফাতেমা আউয়াল, সভাপতি, উইমেন এন্ট্রাপ্রিনিয়র এসোসিয়েশন অব বাংলাদেশ (WEAB) প্রতিবেদনটি অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব মোঃ আকবর আলী, সভাপতি, রংপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, রংপুর তা সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ**

১৯.০২.০১ এসএমই ফাউন্ডেশনের ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রমের ওপর ভিত্তি করে প্রস্তুতকৃত পরিচালক পর্ষদের প্রতিবেদনটি গ্রহণ ও নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-৩ ফাউন্ডেশনের ২০২৩-২৪ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন**

০৫। সভাপতি জানান যে এসএমই ফাউন্ডেশনের সর্বশেষ ১৮তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স কে. এম হাসান এন্ড কোং নামক নিরীক্ষক প্রতিষ্ঠানকে ২০২৩-২৪ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিয়োগ প্রদান করা হয়। সে অনুযায়ী মেসার্স কে. এম হাসান এন্ড কোং ২০২৩-২৪ অর্থবছরের হিসাব নিরীক্ষাপূর্বক প্রতিবেদন দাখিল করে। ফাউন্ডেশনের ২০২৩-২৪ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সকল সদস্যের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য প্রতিবেদনটি 'বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪' এর সাথেও সংযুক্ত করা আছে। তিনি আরও উল্লেখ করেন যে এবিষয়ে গঠিত ওয়ার্কিং কমিটি গত ০৮ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় নিরীক্ষিত আর্থিক বিবরণী ও প্রতিবেদনটি পর্যালোচনা করেছে এবং দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদন যথাযথ থাকায় তা গ্রহণ করে ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ সভায় অনুমোদনের জন্য উপস্থাপনের বিষয়ে সুপারিশ করেছে। ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ১১ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৪০তম সভায় বিস্তারিত পর্যালোচনা শেষে প্রতিবেদনটি গ্রহণপূর্বক ১৯তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করে। নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন ১৯তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে প্রকাশিত ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। অডিট এন্ড একাউন্টস উইং এর মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেনকে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের সার-সংক্ষেপ উপস্থাপন করার জন্য সভাপতি অনুরোধ জানালে তিনি নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সংক্ষিপ্ত আকারে সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে, সভাপতি ২০২৩-২৪ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদনটির বিষয়ে কোন মতামত থাকলে তা ব্যক্ত করার আহবান জানান এবং অনুমোদনের জন্য প্রস্তাব আহবান করেন।

ড. মেলিতা মেহজাবীন, প্রফেসর, ইনস্টিটিউট অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ), ঢাকা বিশ্ববিদ্যালয় ট্রেজারী বন্ডে বিনিয়োগ অধিকতর লাভজনক বিবেচনায় ফাউন্ডেশনের তহবিল এফডিআর এর পাশাপাশি ট্রেজারী বন্ডে বিনিয়োগ করার পরামর্শ প্রদান করেন। সভাপতি জানান যে ফাউন্ডেশনের তহবিল বন্ডে বিনিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং এর কার্যক্রম চলমান রয়েছে।

জনাব নাসির উদ্দিন আহমেদ, এফসিএ, ডেপুটি ম্যানেজিং পার্টনার, ম্যাবস এন্ড জে পার্টনার্স বলেন প্রায় ৫২ কোটি ৭৪ লক্ষ টাকা ইন্টারন্যাশনাল লিজিং এ বিনিয়োগ রয়েছে এবং আইএফআরএস-১৬ অনুসরণ করা হয়নি মর্মে অডিট রিপোর্টে Qualified Opinion দেয়া হয়েছে। এ দু'টি বিষয়ে গুরুত্ব প্রদানের জন্য তিনি পরামর্শ প্রদান করেন।

এ পর্যায়ে, সভাপতি অনুমোদনের জন্য প্রস্তাব আহবান করলে জনাব ফোরকান বিন কাশেম, ব্যবস্থাপনা পরিচালক, স্পেক্ট্রাম ইঞ্জিনিয়ারিং কনসোর্টিয়াম লিমিটেড প্রতিবেদনটি অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব নাসির উদ্দিন আহমেদ, এফসিএ, ডেপুটি ম্যানেজিং পার্টনার, ম্যাবস এন্ড জে পার্টনার্স তা সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ**

১৯.০৩.০১ এসএমই ফাউন্ডেশনের ২০২৩-২৪ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সাধারণ পর্ষদ কর্তৃক গ্রহণ ও অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচি-৪ ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক (অডিটর) নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ**

০৬। সভাপতি বলেন, ফাউন্ডেশনের সর্বশেষ ১৮তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স কে. এম. হাসান এন্ড কোং নামক নিরীক্ষক প্রতিষ্ঠানকে ভ্যাটসহ সাকুল্যে ১,০৫,০০০ (এক লক্ষ পাঁচ হাজার) টাকা পারিশ্রমিকের বিনিময়ে ২০২৩-২৪ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিয়োগ করা হলে প্রতিষ্ঠানটি সফলভাবে হিসাব নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করে। প্রতিষ্ঠানটি ২০২৩-২৪ অর্থবছরের হিসাব নিরীক্ষাপূর্বক প্রতিবেদন দাখিল করে যা পরিচালনা পর্ষদ কর্তৃক গ্রহণপূর্বক বর্তমান বার্ষিক সাধারণ সভায় সাধারণ পর্ষদের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। তিনি জানান, ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার বিষয়ে একই প্রতিষ্ঠান অর্থাৎ মেসার্স কে. এম. হাসান এন্ড কোং এর মতামত/সম্মতি কামনা করা হলে প্রতিষ্ঠানটি ভ্যাট ব্যতীত ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা পারিশ্রমিক উল্লেখ করে আর্থিক প্রস্তাবনা উপস্থাপন করে। তবে ১৪১ তম পর্ষদ সভায় ভ্যাট ও ট্যাক্সসহ সাকূল্যে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা পারিশ্রমিক নির্ধারনের সুপারিশ করা হয় এবং মেসার্স কে. এম. হাসান এন্ড কোং উক্ত প্রস্তাবে সম্মত হয়। সভাপতি উল্লেখ করেন, ফাউন্ডেশনের অডিটর হিসেবে কাজের অভিজ্ঞতা

জনাব নাসির উদ্দিন আহমেদ, এফসিএ, ডেপুটি ম্যানেজিং পার্টনার, ম্যাবস এন্ড জে পার্টনার্স বলেন প্রায় ৫২ কোটি ৭৪ লক্ষ টাকা ইন্টারন্যাশনাল লিজিং এ বিনিয়োগ রয়েছে এবং আইএফআরএস-১৬ অনুসরণ করা হয়নি মর্মে অডিট রিপোর্টে Qualified Opinion দেয়া হয়েছে। এ দু'টি বিষয়ে গুরুত্ব প্রদানের জন্য তিনি পরামর্শ প্রদান করেন।

এ পর্যায়ে, সভাপতি অনুমোদনের জন্য প্রস্তাব আহবান করলে জনাব ফোরকান বিন কাশেম, ব্যবস্থাপনা পরিচালক, স্পেক্ট্রাম ইঞ্জিনিয়ারিং কনসোর্টিয়াম লিমিটেড প্রতিবেদনটি অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব নাসির উদ্দিন আহমেদ, এফসিএ, ডেপুটি ম্যানেজিং পার্টনার, ম্যাবস এন্ড জে পার্টনার্স তা সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ**

১৯.০৩.০১ এসএমই ফাউন্ডেশনের ২০২৩-২৪ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সাধারণ পর্ষদ কর্তৃক গ্রহণ ও অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচি-৪ ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক (অডিটর) নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ**

০৬। সভাপতি বলেন, ফাউন্ডেশনের সর্বশেষ ১৮তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স কে. এম. হাসান এন্ড কোং নামক নিরীক্ষক প্রতিষ্ঠানকে ভ্যাটসহ সাকুল্যে ১,০৫,০০০ (এক লক্ষ পাঁচ হাজার) টাকা পারিশ্রমিকের বিনিময়ে ২০২৩-২৪ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিয়োগ করা হলে প্রতিষ্ঠানটি সফলভাবে হিসাব নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করে। প্রতিষ্ঠানটি ২০২৩-২৪ অর্থবছরের হিসাব নিরীক্ষাপূর্বক প্রতিবেদন দাখিল করে যা পরিচালনা পর্ষদ কর্তৃক গ্রহণপূর্বক বর্তমান বার্ষিক সাধারণ সভায় সাধারণ পর্ষদের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। তিনি জানান, ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার বিষয়ে একই প্রতিষ্ঠান অর্থাৎ মেসার্স কে. এম. হাসান এন্ড কোং এর মতামত/সম্মতি কামনা করা হলে প্রতিষ্ঠানটি ভ্যাট ব্যতীত ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা পারিশ্রমিক উল্লেখ করে আর্থিক প্রস্তাবনা উপস্থাপন করে। তবে ১৪১ তম পর্ষদ সভায় ভ্যাট ও ট্যাক্সসহ সাকূল্যে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা পারিশ্রমিক নির্ধারনের সুপারিশ করা হয় এবং মেসার্স কে. এম. হাসান এন্ড কোং উক্ত প্রস্তাবে সম্মত হয়। সভাপতি উল্লেখ করেন, ফাউন্ডেশনের অডিটর হিসেবে কাজের অভিজ্ঞতা প্রতিষ্ঠানটির রয়েছে। এ পর্যায়ে, সভাপতি ফাউন্ডেশনের ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার বিষয়ে মেসার্স কে. এম. হাসান এন্ড কোং কে সভায় ভ্যাট ও ট্যাক্সসহ সাকূল্যে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা পারিশ্রমিকে নিরীক্ষক হিসেবে নিয়োগের প্রস্তাব আহবান করলে জনাব তোফায়েল খান, ব্যবস্থাপনা পরিচালক, দি সিটি আর্ট প্রেস প্রস্তাবটি অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব নওশাদ মোস্তাফা, ডিরেক্টর, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক তা সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ**

১৯.০৪.০১ মেসার্স কে. এম. হাসান এন্ড কোং নামক নিরীক্ষক প্রতিষ্ঠানকে ভ্যাট ও ট্যাক্সসহ সাকূল্যে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা পারিশ্রমিকে ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগের বিষয়টি অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচি-৫ ফাউন্ডেশনের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন**

০৭। সভাপতি জানান, ফাউন্ডেশনের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট অনুমোদনের জন্য বর্তমান সভায় উপস্থাপন করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, উপস্থাপিত বাজেট পরিচালক পর্ষদের ১৬ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৪১তম সভায় যাচাই ও পর্যালোচনা করে সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে। সভাপতি অডিট এন্ড একাউন্টস উইং এর মহাব্যবস্থাপক জনাব মোঃ জাহাঙ্গীর হোসেনকে আগামী অর্থবছরের বাজেটের সংক্ষিপ্তসার উপস্থাপনের অনুরোধ করলে তিনি তা উপস্থাপন করেন। জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন ২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের সার-সংক্ষেপ তুলে ধরে বলেন, ২০২৫-২৬ অর্থবছরের জন্য বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ২৩,৪৩,২৬,৩০০ (তেইশ কোটি তেতাল্লিশ লক্ষ ছাব্বিশ হাজার তিনশত) টাকার কর্মসূচি বাজেটসহ মোট ২১৮,২২,০৬,৩৫৩ (দুইশত আঠার কোটি বাইশ লক্ষ ছয় হাজার তিনশত তেপ্পান্ন) টাকার বাজেট প্রস্তাব করা হয়েছে। যার মধ্যে ক্রেডিট হোলসেলিং বাবদ রয়েছে ১৬৪,৭৫,০০,৮২০ (একশত চৌষট্টি কোটি পঁচাত্তর লক্ষ আটশত বিশ) টাকা। সাধারণ পর্ষদ কর্তৃক বাজেট অনুমোদন করা হলে সে অনুযায়ী আগামী ২০২৫-২৬ অর্থবছরের জন্য বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হবে। ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন সাপেক্ষে আন্ত-উইং বাজেট সমন্বয় করা যেতে পারে।

জনাব মোঃ আনোয়ার হোসেন, ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো বাজেটে মুলধনী ব্যয় বৃদ্ধির কারণ জানতে চাইলে জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন বলেন, ফাউন্ডেশনের নতুন লোক নিয়োগের পরিকল্পনা থাকায় সেসব জনবলের জন্য ওয়ার্ক স্টেশন, ফার্নিচার, ল্যাপটপ ও অন্যান্য সরঞ্জাম বাবদ ব্যয় ধরা হয়েছে বিধায় প্রাক্কলিত মূলধনী ব্যয় বৃদ্ধি পেয়েছে।

সভাপতি বলেন, বিগত ১৮ বছরে ২০০ কোটি টাকা এন্ডাউমেন্ট ফান্ড বিভিন্ন ব্যাংকে এফডিআর আকারে বিনিয়োগ করে অর্জিত আয়ের সম্পূর্ণ অংশ ব্যয় না করে, একটি অংশ সঞ্চয় এবং পাশাপাশি ব্যয় সাশ্রয়ের মাধ্যমে অতিরিক্ত ১৯০ কোটি টাকা সঞ্চয় করা হয়েছে। ফলে বর্তমানে ফাউন্ডেশনের মোট ফান্ডের পরিমাণ প্রায় ৩৯০ কোটি টাকায় উন্নীত হয়েছে। এতে করে ফাউন্ডেশনের সক্ষমতা ও আয়- দুটিই বৃদ্ধি পেয়েছে, যা অধিক কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তিনি উল্লেখ করেন, কোভিডের সময়ে সরকার এসএমই ফাউন্ডেশনকে ৩০০ কোটি টাকার স্টিউমূলাস ফান্ড প্রদান করে। ফাউন্ডেশন উক্ত তহবিল সফলভাবে ঋণ হিসেবে বিতরণ করে। বর্তমানে ফাউন্ডেশন ক্রেডিট হোলসেলিং নামক ঋণ কর্মসূচির আওতায় ২৩টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত ফান্ড বিভিন্ন অগ্রাধিকারভূক্ত খাত, সম্ভাবনাময় ক্লাস্টার ও নারী উদ্যোক্তাসহ প্রান্তিক উদ্যোক্তাদের অনুকূলে ৬% সুদে ঋণ হিসেবে বিতরণ করছে। অর্থ বিভাগের অনুমোদন মোতাবেক, উক্ত ফান্ড হতেও ফাউন্ডেশন সার্ভিস চার্জ বাবদ একটি নির্দিষ্ট অংশ আয় করে (০.৫০%)। তিনি জানান, এসএমই ফাউন্ডেশন বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক, জাইকা, আইএলও, ইউএনডিপি, এশীয়া ফাউন্ডেশন, জিআইজেড, আইটিসি-শীট্রেড সহ বিভিন্ন উন্নয়ন সহযোগি প্রতিষ্ঠনের আর্থিক সহায়তায় কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। এতে করে ফাউন্ডেশনের নিজস্ব তহবিল সাশ্রয় হয়। তিনি বলেন, এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম দিনদিন বৃদ্ধি পেলেও আয় ও সম্পদ সে অনুযায়ী বৃদ্ধি পাচ্ছেনা। এটি ফাউন্ডেশনের জন্য বড় চ্যালেঞ্জ। তিনি এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।

এ পর্যায়ে সভাপতি আলোচ্যসূচি-৫ অনুমোদনের জন্য প্রস্তাব আহবান করলে মিজ তানিয়া ওয়াহাব, ম্যানেজিং পার্টনার, কারিগর অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব কে এম জহির ফারুক, ব্যবস্থাপনা পরিচালক, নবাবী ফুটওয়্যার লিমিটেড তা সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ**

**১৯.০৫.০১** ফাউন্ডেশনের ২০২৫-২৬ অর্থবছরের জন্য উপস্থাপিত মোট ২১৮,২২,০৬,৩৫৩ (দুইশত আঠার কোটি বাইশ লক্ষ ছয় হাজার তিনশত তেপ্পান্ন) টাকার বাজেট অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচি-৬ এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ সদস্য, পরিচালক পর্ষদ সদস্যগণের সম্মানী এবং চেয়ারপার্সনের এলাউন্স বৃদ্ধির প্রস্তাবনা অনুমোদন**

০৮। সভাপতি বলেন, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সনসহ সাধারণ পর্ষদ ও পরিচালক পর্ষদ সদসগণ ফাউন্ডেশন হতে মাসিক ভিত্তিতে কোন বেতন বা সন্মানী প্রাপ্ত হননা। সাধারণ ও পরিচালক পর্ষদ সদস্যগণ শুধুমাত্র বিভিন্ন সভায় অংশগ্রহণের জন্য নির্দিষ্ট হারে সন্মানী প্রাপ্ত হন। এছাড়া, চেয়ারপার্সন নির্ধারিত হারে এলাউন্স প্রাপ্ত হন। এব্যতিত, তাঁরা আর কোন আর্থিক সুবিধা প্রাপ্ত হননা। তিনি জানান, চেয়ারপার্সনসহ সাধারণ পর্ষদ এবং পরিচালক পর্ষদের সদস্যবৃন্দের সন্মানী ২০১৩ সালের পর আর বৃদ্ধি করা হয়নি। এসময়ের মধ্যে পিকেএসএফ, এসডিএফ এবং এনজিও ফাউন্ডেশনের চেয়ারপার্সনসহ সদস্যবৃন্দের সন্মানীর পরিমাণ বৃদ্ধি করা হয়েছে। বর্তমানে তাঁদের সন্মানীর পরিমাণ এসএমই ফাউন্ডেশনের তুলনায় অনেক বেশী। এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সম্প্রতি অন্যান্য প্রতিষ্ঠানের সন্মানী ও বর্তমান প্রেক্ষাপট বিবেচনা করে চেয়ারপার্সনসহ সাধারণ পর্ষদ এবং পরিচালক পর্ষদের সদস্যবৃন্দের সন্মানী বৃদ্ধির বিষয়ে একমত হয়ে একটি প্রস্তাব প্রস্তুত করে, যা সুপারিশ আকারে অদ্যকার সভায় উপস্থাপন করা হয়েছে। তিনি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে বিষয়টি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

ব্যবস্থাপনা পরিচালক বলেন, বিগত ১৩ সেপ্টেম্বর ২০১৩ তারিখ অনুষ্ঠিত এসএমই ফাউন্ডেশনের ৫৮ তম পরিচালক পর্ষদের সভার সিদ্ধান্ত অনুযায়ী এজিএম ও বিভিন্ন ওয়ার্কিং কমিটির সভায় সাধারণ পর্ষদ সদস্যদের সম্মানী ৫,০০০ টাকা, পরিচালক পর্ষদের সদস্যদের সম্মানী ৭,৫০০ টাকা নির্ধারন করা হয় যা বর্তমানেও প্রদান করা হচ্ছে। তিনি জানান, অনেকদিন এ সম্মানী বৃদ্ধি করা হয়নি এবং সমধর্মী অন্যান্য প্রতিষ্ঠানে এ ধরনের সম্মানী তুলনামূলকভাবে অনেক বেশি। এছাড়া ২১ জানুয়ারি ২০১৩ তারিখ অনুষ্ঠিত পরিচালক পর্ষদের ৬৪ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ফাউন্ডেশন এর চেয়ারপার্সনের এলাউন্স ২৮,০০০ টাকা (আপ্যায়ন ভাতা ২০,০০০ টাকা, টেলিফোন বিল ৫,০০০ টাকা, ইন্টারনেট বিল ৩,০০০ টাকা) নির্ধারণ করা হয় যা বর্তমানেও প্রদান করা হচ্ছে। বর্তমান সময়ে সমধর্মী অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় এটিও অত্যন্ত নগণ্য যা বৃদ্ধি করা প্রয়োজন। সম্প্রতি পরিচালক পর্ষদের ১৬ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৪১ তম সভায় এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ সদস্য ও পরিচালক পর্ষদ সদস্যগণের সম্মানী আয়কর ব্যতীত ১০,০০০ টাকা নির্ধারণের বিষয়ে ১৯তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে পর্ষদ কর্তৃক গঠিত ওয়ার্কিং কমিটির সভায় সাধারণ পর্ষদ সদস্য ও পরিচালক পর্ষদ সদস্যগণের সম্মানী আয়কর ব্যতীত ৫,০০০ টাকা নির্ধারণের বিষয়ে ১৯তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন এর এলাউন্স আয়কর ব্যতীত ১,০০,০০০ টাকা (আপ্যায়ন ভাতা ৫০,০০০ টাকা, টেলিফোন/মোবাইল বিল ৫,০০০ টাকা, ইন্টারনেট বিল ৫,০০০ টাকা, হাউস কিপিং ২৫,০০০ টাকা, হাউস ক্লিনিং ১৫,০০০ টাকা) নির্ধারনের বিষয়ে ১৯তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি উল্লেখ করেন, ফাউন্ডেশনের সাধারণ পর্ষদের সদস্যগণ ফাউন্ডেশনের বার্ষিক সাধারণ সভা ও বিশেষ সাধারণ সভাসহ পরিচালক পর্ষদ কর্তৃক গঠিত বিভিন্ন ওয়ার্কিং কমিটির সভায় অংশগ্রহণ করে ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে অবহিত হয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদান করেন এবং সে অনুযায়ী ফাউন্ডেশনের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণীত ও বাস্তবায়িত হয়। একইভাবে, ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদ সভার আয়োজন করে ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে নিয়মিতভাবে অবহিত হন, তদারকি করেন এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন। এছাড়া বিভিন্ন সাব-কমিটির মাধ্যমেও তাঁরা ফাউন্ডেশনকে বিভিন্ন সময়ে মতামত ও পরামর্শ প্রদান করেন। এমতাবস্থায়, বর্তমান প্রেক্ষাপটে সাধারণ পর্ষদ ও পরিচালনা পর্ষদের সন্মানীত সদস্যবৃন্দের মূল্যবান সময় ও অবদান বিবেচনা করে পরিচালক পর্ষদের পক্ষ হতে উক্ত সম্মানী বৃদ্ধির প্রস্তাব আনা হয়েছে। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সনের এলাউন্স অনেকদিন আগে নির্ধারণ করা হয়েছে। এটি বৃদ্ধি করা প্রয়োজন বিধায় পরিচালক পর্ষদের পক্ষ হতে এলাউন্স বৃদ্ধির প্রস্তাব আনা হয়েছে। এ পর্যায়ে সভাপতি আলোচ্যসূচি-৬ অনুমোদনের জন্য প্রস্তাব আহবান করলে জনাব মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী, সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব শাহিদ হোসেন শামিম, পরিচালক, প্রবর্তনা তা সমর্থন করেন। সভাপতি সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদিত ভাতা ও এলাউন্সসমূহ ১৯ তম বার্ষিক সাধারণ সভার দিন অর্থাৎ ১০ মে ২০২৫ তারিখ হতে কার্যকর করার প্রস্তাব রাখলে এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্তঃ**

**১৯.০৬.০১** এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ সদস্য ও পরিচালক পর্ষদ সদস্যগণের সম্মানী আয়কর ব্যতীত ১০,০০০ (দশ হাজার) টাকা সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়।

**১৯.০৬.০২** পর্ষদ কর্তৃক গঠিত ওয়ার্কিং কমিটির সভায় সাধারণ পর্ষদ সদস্য ও পরিচালক পর্ষদ সদস্যগণের সম্মানী আয়কর ব্যতীত ৫,০০০ (পাঁচ হাজার) টাকা সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়।

**১৯.০৬.০৩** এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন এর এলাউন্স আয়কর ব্যতীত ১,০০,০০০ (এক লক্ষ) টাকা (আপ্যায়ন ভাতা ৫০,০০০ টাকা, টেলিফোন/মোবাইল বিল ৫,০০০ টাকা, ইন্টারনেট বিল ৫,০০০ টাকা, হাউস কিপিং ২৫,০০০ টাকা ও হাউস ক্লিনিং ১৫,০০০ টাকা) সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়।

**১৯.০৬.০৪** সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদিত উপরোল্লিখিত ভাতা ও এলাউন্সসমূহ ১৯ তম বার্ষিক সাধারণ সভার দিন অর্থাৎ ১০ মে ২০২৫ তারিখ হতে কার্যকর হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি-৭ ফাউন্ডেশনের আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশনের (AoA) অনুচ্ছেদ 41(v) অনুযায়ী সাধারণ পর্ষদ হতে তিনজন বেসরকারী**

**প্রতিনিধিকে পরিচালক পর্ষদে অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

০৯। সভাপতি বলেন, ফাউন্ডেশনের আর্টিক্যালস অব এসোসিয়েশনের অনুচ্ছেদ 41(v) মোতাবেক বর্তমান বার্ষিক সাধারন সভার মাধ্যমে সাধারন পর্ষদ হতে বেসরকারী খাতের ৩(তিন) জন সদস্যকে পরিচালক পর্ষদে অন্তর্ভূক্ত করা হবে, যাঁদের মেয়াদ হবে দুই বছর। অর্থাৎ, সাধারণ পর্ষদের প্রতিনিধি হিসেবে তাঁরা আগামী ২৬ জুন ২০২৫ হতে ২৫ জুন ২০২৭ পর্যন্ত পরিচালক পর্ষদে অন্তর্ভুক্ত থাকবেন। তিনি সভাকে অবহিত করেন যে, জনাব মির্জা নুরুল গণী শোভন, স্বত্বাধিকারী, এমএনজি মেটাল ইন্ডাস্ট্রিজ, মিজ মানতাশা আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, রিলা'স ফ্যাশন বুটিক এবং জনাব শাহেদুল ইসলাম হেলাল, ভাইস চেয়ারম্যান, বেঙ্গল ব্রেইডেড রাগস্ লিঃ ১২ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের ১৭তম বার্ষিক সাধারণ সভায় সাধারণ পর্ষদের বেসরকারি প্রতিনিধি পরিচালক পর্ষদের সদস্য হিসেবে নির্বাচিত হন। তিনি উল্লেখ করেন, জনাব মির্জা নুরুল গণী শোভন ও মিজ মানতাশা আহমেদ ব্যক্তিগত কারণে পদত্যাগ করেন। জনাব শাহেদুল ইসলাম হেলাল এর মেয়াদ আগামী ২৫ জুন ২০২৫ তারিখে উত্তীর্ণ হবে। তিনি ২য় মেয়াদে ২০২৩ থেকে ২০২৫ সময় পর্যন্ত দুই বছরের জন্য পরিচালক পর্ষদে দায়িত্ব পালন করায় আর্টিক্যাল ৪৫ অনুযায়ী তাঁকে পুনরায় নির্বাচিত করার সুযোগ নেই। এমতাবস্থায়, ২৫ জুন ২০২৫ এর পূর্বে ফাউন্ডেশনের পরবর্তী বার্ষিক সাধারণ সভা আয়োজন করার কোন সম্ভাবনা না থাকায় বর্তমান বার্ষিক সাধারণ সভায় ফাউন্ডেশনের আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশনের অনুচ্ছেদ 41(v) অনুযায়ী সাধারণ পর্ষদ হতে পুনরায় তিনজন প্রতিনিধি নির্বাচন করতে হবে। এপ্রেক্ষিতে, সভাপতি সাধারণ পর্ষদের বেসরকারি প্রতিনিধি থেকে তিনজন প্রতিনিধিকে পরিচালক পর্ষদে নির্বাচনের জন্য উপস্থিত সদস্যবৃন্দকে আহবান জানান। এ পর্যায়ে জনাব শোহেলী নাজনীন, ব্যবস্থাপনা পরিচালক, আর্টিফ্যাক্ট পরিচালক পর্ষদের সদস্য হিসেবে জনাব শাহিদ হোসেন শামিম, পরিচালক, প্রবর্তনা এর নাম প্রস্তাব করলে জনাব মহিউদ্দিন হেলাল, চেয়ারম্যান, রিভার এন্ড গ্রীণ ট্যুরস তা সমর্থন করেন। ড. মেলিতা মেহজাবীন, প্রফেসর, ইনস্টিটিউট অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ) পরিচালক পর্ষদের সদস্য হিসেবে জনাব নাসির উদ্দিন আহমেদ, এফসিএ, ডেপুটি ম্যানেজিং পার্টনার, ম্যাবস এন্ড জে পার্টনার্স জেনেটিক অরুনাচল এর নাম প্রস্তাব করলে জনাব শাহেদুজ্জামান চৌধুরী, ট্রেজারার, সিটি বিশ্ববিদ্যালয় তা সমর্থন করেন। জনাব কোহিনুর ইয়াসমীন, প্রধান নির্বাহী কর্মকর্তা, তরঙ্গ পরিচালক পর্ষদের সদস্য হিসেবে জনাব মোঃ রাশেদুল করীম মুন্না, ব্যবস্থাপনা পরিচালক, ক্রিয়েশন প্রাইভেট লিঃ এর নাম প্রস্তাব করলে জনাব জনাব মেহেদী হাসান, ব্যবস্থাপনা পরিচালক, ন্যাচার ক্রাফটস বাংলাদেশ লি: তা সমর্থন করেন। জনাব গাজী তৌহিদুর রহমান, স্বত্বাধিকারী, এফএম প্লাষ্টিক ইন্ডাস্ট্রিজ লি. পরিচালক পর্ষদের সদস্য হিসেবে মিজ নাসরীন ফাতেমা আউয়াল, সভাপতি, উইমেন এন্ট্রাপ্রেনিউর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (WEAB) এর নাম প্রস্তাব করলে জনাব মোঃ আনোয়ার হোসেন, ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো তা সমর্থন করেন। জনাব মোঃ আকবর আলী, সভাপতি, রংপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি পরিচালক পর্ষদের সদস্য হিসেবে জনাব মোঃ আলী জামান, সভাপতি, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর নাম প্রস্তাব করেন। জনাব কে এম জহির ফারুক, ব্যবস্থাপনা পরিচালক, নবাবী ফুটওয়্যার লিমিটেড নিজে ফাউন্ডেশনের পরিচালক হিসেবে তাঁর নাম প্রস্তাব করেন।

সভায় পরিচালক পর্ষদের সদস্য হিসেবে ৬ জন সদস্যের প্রস্তাব পাওয়ায় বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর ডিরেক্টর জনাব নওশাদ মোস্তাফা বলেন, প্রস্তাবিত ৬ জন সদস্যই পরিচালক পর্ষদের সদস্য হওয়ার যোগ্য। সুতরাং সে বিষয়টি বিবেচনায় এনে ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের সদস্য নির্বাচনের ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন কর্তৃক প্রস্তাবিত ৬ জন সদস্য হতে ৩ জন সদস্য নির্বাচনের প্রস্তাব রাখেন। সভায় উপস্থিত সকলে উক্ত প্রস্তাবে একমত পোষণ করেন। এ পর্যায়ে সভাপতি সাধারণ পর্ষদের সদস্য মিজ নাসরীন ফাতেমা আউয়াল, সভাপতি, উইমেন এন্ট্রাপ্রেনিওর এসোসিয়েশন অব বাংলাদেশ; জনাব নাসির উদ্দিন আহমেদ, এফসিএ, ডেপুটি ম্যানেজিং পার্টনার, ম্যাবস এন্ড জে পার্টনার্স জেনেটিক অরুনাচল এবং জনাব শাহিদ হোসেন শামিম, পরিচালক, প্রবর্তনা-কে ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের পরিচালক হিসেবে নির্বাচনের জন্য প্রস্তাব উত্থাপন করলে উপস্থিত সদস্যবৃন্দ করতালির মাধ্যমে নির্বাচিত সদস্যদের অভিনন্দন জানিয়ে তাঁদের প্রতি সমর্থন জানান।

**সিদ্ধান্তঃ**

**১৯.০৭.০১** মিজ নাসরীন ফাতেমা আউয়াল, সভাপতি, উইমেন এন্ট্রাপ্রেনিওর এসোসিয়েশন অব বাংলাদেশ; জনাব নাসির উদ্দিন আহমেদ, এফসিএ, ডেপুটি ম্যানেজিং পার্টনার, ম্যাবস এন্ড জে পার্টনার্স জেনেটিক অরুনাচল এবং জনাব শাহিদ হোসেন শামিম, পরিচালক, প্রবর্তনা-কে ২৬ জুন ২০২৫ হতে পরবর্তী ২ (দুই) বছরের জন্য ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের সদস্য হিসেবে নির্বাচিত করা হয়।

এ পর্যায়ে সভাপতি সাধারণ পর্ষদ এবং পরিচালক পর্ষদের সদস্যবৃন্দকে ১৯তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে তাঁদের সুচিন্তিত মতামত, পরামর্শ ও দিকনির্দেশনা প্রদানের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, আজকের এই সভায় যে সকল পরামর্শ উঠে এসেছে সেগুলো বিভিন্ন ওয়ার্কিং কমিটি ও পরিচালক পর্ষদের সভার মাধ্যমে বাস্তবায়ন করা হবে। আগামীতেও ফাউন্ডেশনের কার্যক্রমকে এগিয়ে নিতে সাধারণ পর্ষদের সদস্যবৃন্দ মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করবেন মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি এসএমই ফাউন্ডেশনকে সর্বক্ষেত্রে সহযোগিতা করার জন্য উপস্থিত সরকারি ও বেসরকারি প্রতিনিধিদের প্রতি আহবান জানান। সবশেষে, সভাপতি ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকসহ ফাউন্ডেশনের সকল কর্মকর্তা-কর্মচারীকে ১৯তম বার্ষিক সাধারণ সভা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে ১৯তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মো. মুসফিকুর রহমান)**
সভাপতি

# চিত্রে ফাউন্ডেশনের ১৯তম বার্ষিক সাধারণ সভা






# পরিচালক পর্ষদের প্রতিবেদন

- বিজনেস সাপোর্ট সার্ভিসেস
- ক্লাস্টার উন্নয়ন
- ফাইন্যান্স ও ক্রেডিট সার্ভিসেস
- মানব সম্পদ উন্নয়ন
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- গবেষণা ও পলিসি অ্যাডভোকেসি
- পাবলিক রিলেশন ও ইনস্টিটিউশনাল লিংকেজ
- প্রযুক্তি উন্নয়ন
- নারী-উদ্যোক্তা উন্নয়ন
- বিজনেস ইনকিউবেশন সেন্টার
- মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন
- প্রকল্প ব্যবস্থাপনা
- প্রশাসন

# পরিচালক পর্ষদের প্রতিবেদন

## এসএমই ফাউন্ডেশনের ২০তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়িত কার্যক্রমের ওপর ভিত্তি করে প্রণীত

এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম


এসএমই ফাউন্ডেশনের ২০তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে সাধারণ পর্ষদের সম্মানিত সকল সদস্যকে পরিচালক পর্ষদের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। আপনারা জানেন, বার্ষিক সাধারণ সভায় এসএমই ফাউন্ডেশন পরিবারের সকল সদস্য একত্রিত হয়ে বিগত অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী অনুমোদনসহ ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত কার্যক্রম সম্পর্কে অবহিত হন। এই সভায় তাদের মূল্যবান বক্তব্য, সুচিন্তিত মতামত ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন, যা পরবর্তী বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুতের ক্ষেত্রে গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়। তাই আজকের দিনটি ফাউন্ডেশনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।


এসএমই ফাউন্ডেশনের সর্বশেষ ১৯তম বার্ষিক সাধারণ সভা ১০ মে ২০২৫ আগারগাঁও পর্যটন ভবনে অনুষ্ঠিত হয়। সভায় ফাউন্ডেশনের ২০২৩-২৪ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণীসহ অন্যান্য বিধিবদ্ধ বিষয় গৃহীত ও অনুমোদিত হয়। সভায় সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ যে সকল মতামত, পরামর্শ, দিক নির্দেশনা ও সুপারিশ প্রদান করেন, তা ফাউন্ডেশনের ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনায় প্রতিফলিত হয়েছে এবং বাস্তবায়িত হচ্ছে। এ প্রেক্ষিতে সম্মানিত সদস্যবৃন্দ ২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ওপর মতামত ও পরামর্শ প্রদান করতে পারেন। পরিচালক পর্ষদ উক্ত মতামত ও পরামর্শের ওপর ভিত্তি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ফাউন্ডেশনের কার্যক্রমের সাথে সাধারণ পর্ষদের সদস্যবৃন্দকে সংশ্লিষ্টকরণ এবং তাঁদের অভিজ্ঞ মতামত ও সুচিন্তিত পরামর্শ গ্রহণের লক্ষ্যে সাধারণ পর্ষদ এবং পরিচালক পর্ষদের সদস্যবৃন্দের সমন্বয়ে ১৪টি ওয়ার্কিং কমিটি এবং পরিচালক পর্ষদের সদস্যবৃন্দের সমন্বয়ে ১টি এডিটোরিয়াল বোর্ড গঠন করা হয়। কমিটির মতামতের ভিত্তিতে ফাউন্ডেশনের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে।

আপনারা জানেন, দেশের প্রায় সব অঞ্চলের মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (এমএসএমই) উদ্যোক্তাগণ তাদের ব্যবসার ক্ষেত্রে তহবিল সংকট, বাজারজাতকরণসহ নানা সমস্যার সম্মুখীন হন। এসএমই ফাউন্ডেশন অগ্রাধিকার ভিত্তিতে উদ্যোক্তাদের জন্য ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় ৪ ধাপে প্রায় ১২ হাজার উদ্যোক্তার মাঝে ১১০০ কোটি টাকা বেশি ঋণ বিতরণ করেছে। ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের মধ্যে প্রায় ২৫% নারী। এজন্য, আমি ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদ সদস্যবৃন্দ, সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ও ফাউন্ডেশনের কর্মকর্তাগণকে ধন্যবাদ জানাচ্ছি। তবে এখনো অনেক উদ্যোক্তা ঋণের আওতার বাইরে থাকার বিষয়টি সরকারের নজরে আনার চেষ্টা করে যাচ্ছি। এছাড়া উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণ, পণ্য বহুমুখীকরণ, রপ্তানিমুখী পণ্য তৈরি, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়েও ফাউন্ডেশনের পক্ষ থেকে উদ্যোগ নেয়া হচ্ছে। এসব দৃষ্টিকোণ থেকে এবারের বার্ষিক সাধারণ সভা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি আন্তরিকভাবে বিশ্বাস করি, সকলে মিলে আমরা এসএমই ফাউন্ডেশনকে একটি আধুনিক, গতিশীল এবং কার্যকর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে পারবো, যাতে করে ফাউন্ডেশন দেশের এসএমই খাতের উন্নয়নের মাধ্যমে সরকারের বিভিন্ন লক্ষ্যমাত্রা অর্জনে একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করতে পারে।


২০২৪-২৫ অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের সরাসরি সুবিধাভোগী মোট ৪৬,৪৫৯জন (পুরুষ ২৩,৫৫০জন, নারী ২২,৮৩৯জন, তৃতীয় লিঙ্গ ৭০জন) ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা। ৭৭১টি কার্যক্রমের মধ্যে বাস্তবায়িত হয়েছে ৬৫৬টি। বাস্তবায়নের হার ৮৫%। এ পর্যায়ে ফাউন্ডেশনের কার্যক্রমের ওপর ভিত্তি করে প্রণয়নকৃত পরিচালক পর্ষদের প্রতিবেদন অর্থাৎ জুলাই ২০২৪ হতে জুন ২০২৫ সময়ে ফাউন্ডেশন কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত কার্যক্রমসমূহ সংক্ষিপ্তভাবে ক্রমান্বয়ে তুলে ধরা হলো:



# বিজনেস সাপোর্ট সার্ভিসেস

ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তা উন্নয়নে ব্যবসা সহায়ক বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে এসএমই ফাউন্ডেশন। এসএমই পণ্যের প্রচার, প্রসার ও বাজার সম্প্রসারণ, ভোক্তা ও উদ্যোক্তাদের মাঝে পারস্পরিক সংযোগ স্থাপন, অ্যাডভাইজারি সার্ভিস সেন্টারের মাধ্যমে নতুন ব্যবসা সৃষ্টি ও পরিচালনার বিষয়ে দিক নির্দেশনা, বিভিন্ন ধরনের তথ্য ও উপাত্ত দিয়ে সহায়তা প্রদান, ব্যবসায়িক তথ্যাবলির সহায়িকা/ম্যানুয়াল প্রকাশ ও বিতরণ, জাতীয় ও বিভাগীয়/আঞ্চলিক/খাতভিত্তিক এসএমই পণ্য মেলা আয়োজন, আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ, জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার/প্রতিযোগিতা আয়োজন প্রভৃতি। ২০২৪-২৫ অর্থবছরে বিজনেস সাপোর্ট সার্ভিসেস উইংয়ের কর্মপরিকল্পনায় ৫১টি কার্যক্রমের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে ৪১টি। বাস্তবায়নের হার ৮০%। উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:




## সিলেট, বগুড়া, বরিশাল ও রংপুরে বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৫ আয়োজন



সিলেট, বগুড়া, বরিশাল ও রংপুরে বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৫ আয়োজন

১৭-২৩ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও জেলা প্রশাসনের সহায়তায় সিলেট আলিয়া মাদ্রাসা মাঠে বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৪ আয়োজন করা হয়। উদ্বোধন করেন জেলা প্রশাসক জনাব মোহাম্মদ শের মাহবুব মুরাদ এবং এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব মো. নাজিম হাসান সাত্তার। মেলায় সিলেট বিভাগসহ বিভিন্ন জেলার ৬০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

০৪-১০ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহায়তায় রাজশাহী বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৫ আয়োজন করা হয়। ০৪ জানুয়ারি ২০২৫ বগুড়ার আলতাফুন্নেছা খেলার মাঠে বিভাগীয় এসএমই পণ্য মেলা উদ্বোধন করেন জেলা প্রশাসক জনাব হোসনা আফরোজা। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব মো. মেজবাউল করিম'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার জনাব মো. জেদান আল মুসা, এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার, বিসিক বগুড়ার উপমহাব্যবস্থাপক জনাব একেএম মাহফুজুর রহমান। উপস্থিত ছিলেন যুব উন্নয়ন বগুড়ার উপপরিচালক জনাব মো. তোছাদ্দেক হোসেন, বগুড়া পৌরসভার নির্বাহী কর্মকর্তা মো. শাহজাহান আলম। মেলায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন ও বিক্রির জন্য ৬৫টি স্টল ছিল।

০৭-১৩ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহায়তায় বরিশাল বিভাগীয় এসএমই পণ্যমেলা ২০২৫ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার জনাব খন্দকার আনোয়ার হোসেন। সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব লুসিকান্ত হাজং। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন বরিশাল চেম্বার অব কমার্সের সভাপতি জনাব এবায়েদুল হক চাঁন, চেম্বারের পরিচালক জনাব জিএম আতায়ে রাব্বি, বীর মুক্তিযোদ্ধা জনাব নুরুল আলম ফরিদ, অতিরিক্ত পুলিশ সুপার জনাব আলাউল হাসান, বরিশাল উইমেন্স চেম্বার অব কমার্সের সভাপতি জনাব বিলকিস আহমেদ লিলি।

২৩-২৮ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহায়তায় রংপুর বিভাগীয় এসএমই পণ্যমেলা ২০২৫ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো. শহিদুল ইসলাম ইসলাম এনডিসি, বিভাগীয় কমিশনার, রংপুর। সভাপতিত্ব করেন মোহাম্মদ রবিউল ফয়সাল, জেলা প্রশাসক, রংপুর। বিশেষ অতিথি ছিলেন আবু সালেহ মো. আশরাফুল আলম, অ্যাডিশনাল ডিআইজি, রংপুর মেট্রোপলিটন পুলিশ এবং মো. জয়নাল আবেদীন, অতিরিক্ত পুলিশ সুপার, রংপুর। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন মোসা. নাজমা খাতুন, সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন।

## ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয়



বাণিজ্য উপদেষ্টার কাছ থেকে স্টল ক্যাটাগরিতে ১ম পুরস্কার গ্রহণ: এসএমই ফাউন্ডেশনের স্টল

নারায়ণগঞ্জের পূর্বাচলের বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার (বিসিএফসি)-এ রপ্তানি উন্নয়ন ব্যুরো'র উদ্যোগে ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (DITF)-এ এসএমই ফাউন্ডেশনের

প্যাভিলিয়নে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয় কর্মসূচি আয়োজন করা হয়। ০১ জানুয়ারি ২০২৫ মেলা উদ্বোধন করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। উদ্বোধনী অনুষ্ঠানের পর মেলায় এসএমই ফাউন্ডেশনের প্যাভিলিয়ন পরিদর্শন করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী। বাণিজ্য মেলায় অংশগ্রহণ করেছে বিশ্বের ৭টি দেশের ১১টি প্রতিষ্ঠানসহ ৩৬২টি স্টল ও প্যাভিলিয়ন। মাসব্যাপী মেলা সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত আর সাপ্তাহিক ছুটির দিনগুলোতে চলে রাত ১০টা পর্যন্ত। ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় এসএমই ফাউন্ডেশনের ষ্টলে ১১জন উদ্যোক্তা তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পান। মেলার সমাপনী অনুষ্ঠানে সংরক্ষিত স্টল ক্যাটাগরিতে ১ম পুরস্কার গ্রহণ করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী।

## চীনের কুনমিং মেলায় ফাউন্ডেশনের সহায়তায় ১৫টি এসএমই প্রতিষ্ঠানের অংশগ্রহণ



চীনের কুনমিং মেলায় ফাউন্ডেশনের সহায়তায় উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয়

এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় ও এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (ইপিবি)-এর উদ্যোগে চীনের ইউনান প্রদেশের কুনমিং শহরে 'The 9th China South Asia Expo and 29th China Kunming Import & Export Fair 2025' মেলায় ফাউন্ডেশনের সহায়তায় ১৫টি এসএমই প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে। ১৯-২৫ জুন ২০২৫ আয়োজিত এক্সিবিশনে রপ্তানি সম্ভবানাময় চামড়াজাত, পাটজাত, হস্তশিল্প, ফ্যাশন খাতের অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ হচ্ছে, ফ্যাশনিস্তা, আস্থা জুট অ্যান্ড হ্যান্ডিক্রাফটস, ওয়েফেয়ার, বেনে, বিদোরা, এডকনঅরা, ফেস্ট ডিলস, ফার্নিকম, পল্লীক্র্যাফটস, রেস টেকনোলজি, শাবাব লেদার, থ্রী টেক, উঠান, স্বপ্নিল হাউজ ও মেখলা। মেলায় উদ্যোক্তারা আশানুরূপ বিক্রয় এবং অর্ডার পেয়েছেন।

## 7th China International Expo 2024-এ এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ



চীনের সাংহাই-এ '7th China International Expo 2024(CIIE)' মেলায় এসএমই ফাউন্ডেশন অংশগ্রহণ

০৫-১০ নভেম্বর ২০২৪ রপ্তানি উন্নয়ন ব্যুরো(ইপিবি)-এর উদ্যোগে চীনের সাংহাই-এ '7th China International Expo 2024 (CIIE)' মেলায় এসএমই ফাউন্ডেশন অংশগ্রহণ করে। Country Exhibition ক্যাটাগরিতে বাংলাদেশ প্যাভিলিয়নে বাংলাদেশের সংস্কৃতি, অর্থনৈতিক উন্নয়ন অগ্রযাত্রা, শিল্পায়ন, বিনিয়োগ ও পযটন সম্ভাবনা চীন তথা বিশ্ব বাজারে সম্ভাবনাময় রপ্তানি পণ্যসমূহ উপস্থাপন করা হয়। দেশী ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের তৈরি বৈচিত্র্যময় পণ্য সামগ্রী রপ্তানির লক্ষ্যে প্রদর্শনীতে ফাউন্ডেশনের প্রতিনিধিত্ব করেন ব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন। এটি বিশ্বের অন্যতম আন্তর্জাতিক আমদানি মেলা। মেলার আয়তন ছিল প্রায় ৪.২ লাখ বর্গমিটার। ১৫২টি দেশ, অঞ্চল ও আন্তর্জাতিক সংস্থার পক্ষ থেকে থেকে ৩৪৯৬টি কোম্পানি এতে অংশগ্রহণ করে, যার মধ্যে বিশ্বের সেরা ৫০০টি প্রতিষ্ঠানের অর্ধেক রয়েছে। তাছাড়া ১৮৬টি শিল্প প্রতিষ্ঠান ও সংস্থা টানা ৭ বছর ধরে এ মেলায় অংশগ্রহণ করে আসছে। বাংলাদেশ প্যাভিলিয়নে প্রদর্শিত দেশীয় পণ্যসামগ্রী তাৎক্ষণিক অর্ডার ও আমদানিকারকদের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে।

## পরিবেশ মেলায় উদ্যোক্তাদের পরিবেশবান্ধব পণ্য নিয়ে এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ



পরিবেশ মেলায় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে উদ্যোক্তাদের পণ্য প্রর্শনী

বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে শেরে বাংলা নগরের পুরাতন আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে পরিবেশ অধিদপ্তরের উদ্যোগে ২৫-২৭ জুন ২০২৫ পর্যন্ত বিশেষ পরিবেশ মেলার আয়োজন করা হয়। ২৫ জুন ২০২৫ রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস 'পরিবেশ মেলা ২০২৫' ও জাতীয় বৃক্ষরোপণ অভিযান এবং বৃক্ষমেলা উদ্বোধন করেন। এই আয়োজনে এসএমই ফাউন্ডেশনের সহায়তায় প্লাস্টিকের বিকল্প পণ্য প্রস্তুতকারী ও বিকল্প প্রযুক্তি ব্যবহারকারী ২৫জন উদ্যোক্তা বিনামূল্যে পণ্য প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পেয়েছেন। মেলা প্রাঙ্গণ ও এসএমই ফাউন্ডেশনের স্টল পরিদর্শন করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। উল্লেখ্য, বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের উদ্যোগে আয়োজিত পরিবেশ মেলায় ১ম পুরস্কার গ্রহণ করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন।

## পাটপণ্য উদ্যোক্তারা পরিবেশ অধিদপ্তরে মেলায় অংশগ্রহণ



পাট পণ্য মেলায় এসএমই ফাউন্ডেশনের স্টল

সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগের বিকল্প পণ্যের বিষয়ে সচেতনতা ও বিকল্প পণ্য সরবরাহ সহজীকরণের লক্ষ্যে ২৯ সেপ্টেম্বর রাজধানীর আগারগাঁওয়ে পরিবেশ অধিদপ্তরে মেলা ও সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। বিশেষ অতিথি ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন সচিব ড. ফারহিনা আহমেদ এবং সভাপতিত্ব করেন পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. আব্দুল হামিদ। মেলায় ২৫টি স্টলে সরকারি বেসরকারি প্রতিষ্ঠানসহ ক্ষুদ্র ও মাঝারি পরিবেশবান্ধব পণ্য উৎপাদনকারী উদ্যোক্তারা অংশগ্রহণ করেন। এছাড়া বিভিন্ন দোকান মালিক ও সুপারশপ মালিক সমিতিসহ উন্নয়ন সংস্থা ও সংগঠনের প্রতিনিধিবৃন্দ মেলায় উপস্থিত ছিলেন। মেলায় এসএমই ফাউন্ডেশনের স্টলে পাটপণ্য উৎপাদন ও রপ্তানিকারক প্রতিষ্ঠান বাংলাদেশ জুট প্রোডাক্টস ম্যানুফ্যাকচারস অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশনস এর ৩০জন উদ্যোক্তার তৈরি পণ্য প্রদর্শন করা হয়। প্রাথমিকভাবে উদ্যোক্তারা মেলা থেকে প্রায় ৪০ হাজার পিস পাটের তৈরি শপিং ব্যাগের অর্ডার পেয়েছেন।

## শ্রীমঙ্গলে 'Harmony Festival 2025' আয়োজন



শ্রীমঙ্গল ও তৎসংলগ্ন এলাকার বিভিন্ন নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী খাবার, পণ্য ও বৈচিত্র্যময় সংস্কৃতি নিয়ে বর্ণিল 'Harmony Festival 2025' আয়োজন

১০-১২ জানুয়ারি ২০২৫ মৌলভীবাজারের শ্রীমঙ্গল ও তৎসংলগ্ন এলাকার বিভিন্ন নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী খাবার, পণ্য ও বৈচিত্র্যময় সংস্কৃতি নিয়ে বর্ণিল 'Harmony Festival 2025' আয়োজন করা হয়। কাকিয়াছড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ, শ্রীমঙ্গলে 'Harmony Festival 2025'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এম সিরাজ উদ্দিন মিয়া, মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়। গেস্ট অব অনার ছিলেন নাসরীন জাহান, সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। বিশেষ অতিথি ছিলেন আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, শিল্প মন্ত্রণালয়, খান মো. রেজা-উন-নবী, বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, এম, কে, এইচ জাহাঙ্গীর হোসেন, পুলিশ সুপার, মৌলভীবাজার। স্বাগত বক্তব্য প্রদান করেন মো. ইসরাইল হোসেন জেলা প্রশাসক, মৌলভীবাজার। সভাপতিত্ব করেন আবু তাহের মুহাম্মদ জাবের, প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড। ট্যুরিজম বোর্ডের উদ্যোগে আয়োজিত এই মেলায় এমএমই ফাউন্ডেশন ইন অ্যাসোসিয়েশন পার্টনার হিসেবে ১০টি স্টলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উদ্যোক্তাদের অংশগ্রহণে সহায়তা করে।

## বিজয় মেলা ২০২৪-এ এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ

ঢাকা জেলা প্রশাসনের উদ্যোগে মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত বিজয় মেলা ২০২৪-এ এসএমই ফাউন্ডেশন অংশগ্রহণ করে। মেলার শুভ উদ্বোধন করেন ঢাকার জেলা প্রশাসক তানভীর আহম্মেদ।




বিজয় মেলা ২০২৪-এ এসএমই ফাউন্ডেশনের স্টল

মেলায় জেলা প্রশাসনসহ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহ ২২টি স্টলে অংশগ্রহণ করে।

## 'Export Readiness' প্রশিক্ষণ




RISE কর্মসূচির আওতায় 'Export Readiness' প্রশিক্ষণ আয়োজন

'Readiness for Internationalization through Skill Enhancement (RISE)' কর্মসূচির আওতায় এসএমই ফাউন্ডেনের উদ্যোগে ঢাকায় ২২-২৪ এপ্রিল ২০২৫ 'Export Readiness' প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্বোধন করেন রপ্তানি উন্নয়ন ব্যুরো'র ভাইস চেয়ারম্যান জনাব মো. আনোয়ার হোসেন। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বেবী রাণী কর্মকার, মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো ও জনাব মো. নাজিম হাসান সাত্তার, উপব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক জনাব ফাহিম-বিন-আসমত ও সঞ্চালনা করেন সহকারী মহাব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন। প্রশিক্ষণে পাটজাত, হস্তশিল্প, কৃষি প্রক্রিয়াজাত পণ্য, চামড়াজাত পণ্যসহ বিভিন্ন খাতের ৩০জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উল্লেখ্য, কর্মসূচির আওতায় বছরব্যাপী বিভিন্ন সহযোগিতার মাধ্যমে উদ্যোক্তাদের রপ্তানি সক্ষমতা বৃদ্ধি করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## 'Export Finance & Documentation' প্রশিক্ষণ



RISE কর্মসূচির আওতায় 'Export Finance & Documentation' প্রশিক্ষণ

২০-২১ মে ২০২৫ 'Readiness for Internationalization through Skill Enhancement (RISE)' কর্মসূচির আওতায় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় 'Export Finance &

Documentation’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে পাটজাত, হস্তশিল্প, কৃষি প্রক্রিয়াজাত পণ্য, চামড়াজাত পণ্যসহ বিভিন্ন খাতের ৩০জন ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে Export Documentation, Payment, Logistics, Finance & Risk Management বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষক ছিলেন এক্সপোর্ট সেবা’র স্বত্বাধিকারী জাহিদ হাসান এবং মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের কর্মকর্তা মো. জাকির হোসেন।

## ‘Handicrafts Sector’ বিষয়ে অংশীজন পরামর্শ সভা




‘Handicrafts Sector’ বিষয়ে অংশীজন পরামর্শ সভা

২৫ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Stakeholder Consultation Meeting on Handicrafts Sector’ মতবিনিময় সভা আয়োজন করা হয়। হস্তশিল্প সেক্টরের ৫০জন উদ্যোক্তা অংশগ্রহণে আয়োজিত সভায় এই খাতের দীর্ঘ কর্মঅভিজ্ঞতার আলোকে তথ্য বিনিময় করেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক ও বেঙ্গল ব্রেইডেড রাগস্-এর ভাইস প্রেসিডেন্ট শাহেদুল ইসলাম হেলাল এবং পণ্যের নতুনত্ব ও ডিজাইন বিষয়ে ধারণা প্রদান করেন ডিজাইনার শৈবাল সাহা। দেশীয় এবং আন্তর্জাতিক বাজার সম্পর্কে ধারণা প্রদান করেন ‘অপরাজেয়’-এর স্বত্বাধিকারী কাজী মনির হোসেন। এছাড়া পণ্য রপ্তানির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন তরঙ্গ এর স্বত্বাধিকারী কোহিনুর ইসলাম, ঐতিহ্যবাহী হস্ত ও কারুশিল্প সংরক্ষণ ও উন্নয়ন নিয়ে আলোচনা করেন যথাশিল্পের স্বত্বাধিকারী ডিজাইনার শাওন আকন্দ। সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। এছাড়া বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহউদ্দিন মাহমুদ। প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী।

## ‘Consultation Meeting on RISE for SMEs to Export’ আলোচনা সভা



‘Consultation Meeting on RISE for SMEs to Export’ শীর্ষক আলোচনা সভা

১৯ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশনের ‘Consultation Meeting on RISE for SMEs to Export’ শীর্ষক আলোচনা সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, রোড টু এক্সপোর্ট বিষয়ে আলোচনা করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, রপ্তানিতে বিভিন্ন সেক্টরের সার্বিক পরিসংখ্যান ও সম্ভাব্যতা বিষয়ে ধারণা প্রদান করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক ফাহিম বিন আসমাত। আলোচনা সভা সঞ্চালনা করেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন।

## SME-RISE কর্মসূচি’র আওতায় উদ্যোক্তাদের কারখানা পরিদর্শন



কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাত খাতের উদ্যোক্তাদের নিয়ে ঢাকার উত্তরায় রপ্তানিমুখী প্রতিষ্ঠান প্রমি অ্যাগ্রো ফুডস সরেজমিন পরিদর্শন

২২ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের ‘SMEs’ Readiness for Internationalization through Skills Enhancement (SME-RISE)’ কর্মসূচির আওতায় কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাত খাতের উদ্যোক্তাদের নিয়ে ঢাকার উত্তরায় রপ্তানিমুখী প্রতিষ্ঠান প্রমি অ্যাগ্রো ফুডস সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে উদ্যোক্তাদের প্রমি অ্যাগ্রো ফুডস-এর উৎপাদন ব্যবস্থা, প্যাকেজিং, কাঁচামাল, রপ্তানি পণ্য প্রক্রিয়া, পণ্যের দেশীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ, সমস্যা ও সম্ভাবনা নিয়ে অভিজ্ঞতা বিনিময় করা হয়। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক ফাহিম-বিন-আসমত, সহকারী মহাব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন এবং প্রমি অ্যাগ্রো ফুডস-এর রপ্তানি বিভাগের কর্মকর্তাবৃন্দ।

## এসএমই ফাউন্ডেশন ইপিবি’র যৌথ কর্মসূচি লক্ষ্যে মতবিনিময় সভা



রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)’র সাথে মতবিনিময় সভা

এসএমই উদ্যোক্তাদের উন্নয়নে একসাথে কাজ করবে এসএমই ফাউন্ডেশন ও রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)। ২২ এপ্রিল ২০২৫ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ইপিবি’র ভাইস চেয়ারম্যান মো. আনোয়ার হোসেন, মহাপরিচালক বেবী রাণী কর্মকার ও পরিচালক আবু মোখলেছ আলমগীর হোসেন এবং এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার ও ফারজানা খান, মহাব্যবস্থাপক জাহাঙ্গীর হোসেন ও আব্দুস সালাম সরদার, উপমহাব্যবস্থাপক ফাহিম-বিন-আসমত এবং সহকারী মহাব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন।

## শিল্প মন্ত্রণালয়ে এসএমই পণ্যের ডিসপ্লে সেন্টার স্থাপন




এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে শিল্প মন্ত্রণালয়ে এসএমই পণ্যের ডিসপ্লে সেন্টার


২০২৪-২৫ অর্থবছরের বাজেট বরাদ্দের আওতায় এসএমই খাতের পণ্যসমূহকে দেশি-বিদেশি দর্শনার্থীদের কাছে তুলে ধরার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে একটি আধুনিক ডিসপ্লে সেন্টার নির্মাণ করা হয়েছে। ২৫ জুন ২০২৫ শিল্প মন্ত্রণালয়ের সচিব আনুষ্ঠানিকভাবে এই ডিসপ্লে সেন্টার উদ্বোধন করেন। এর মাধ্যমে এসএমই খাতের উদ্যোক্তাদের উৎপাদিত দেশীয় পণ্যের প্রচার-প্রসার এবং বাজার সম্প্রসারণে একটি নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে।

শিল্প মন্ত্রণালয়ে আগত দেশি ও বিদেশি দর্শনার্থীদের কাছে বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের বৈচিত্র্যময় পণ্যসম্ভার তুলে ধরার উদ্দেশ্যে ডিসপ্লে সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে। এর মাধ্যমে দেশের প্রান্তিক পর্যায় থেকে শুরু করে বিভিন্ন স্তরের উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যসমূহ প্রদর্শনের সুযোগ সৃষ্টি হয়েছে।

ডিসপ্লে সেন্টারে দেশের বিভিন্ন অঞ্চলের উদ্যোক্তাদের তৈরি বহুমাত্রিক পণ্য প্রদর্শনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো–হস্তশিল্প, পাটজাত পণ্য, চামড়াজাত পণ্য, বাঁশ ও বেতজাত পণ্য, জুয়েলারি, মৃৎশিল্প, হ্যান্ডমেইড সিরামিকস, ফ্যাশন ডিজাইনসহ নানাবিধ দেশীয় পণ্য। এই উদ্যোগের মাধ্যমে একদিকে যেমন দেশীয় পণ্যের বৈচিত্র্য ও মান সর্বস্তরে তুলে ধরার সুযোগ তৈরি হয়েছে, অন্যদিকে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য সম্ভাবনাময় বাজার সম্প্রসারণের পথও সুগম হয়েছে।

# ক্লাস্টার উন্নয়ন

২০১৩ সালে এক গবেষণার মাধ্যমে দেশের ১৭৭টি ক্লাস্টার চিহ্নিত করে এসএমই ফাউন্ডেশন। এরপর থেকে ক্লাস্টারভিত্তিক উন্নয়ন কার্যক্রম শুরু হয়। বর্তমানে দেশের ৪০টিরও বেশি ক্লাস্টারের উদ্যোক্তা ও কর্মীদের ব্যক্তিগত দক্ষতা, ব্যবস্থাপনা দক্ষতা ও কারিগরি দক্ষতা বাড়াতে কাজ করছে এসএমই ফাউন্ডেশন। ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনায় ক্লাস্টার উন্নয়ন উইংয়ের ২৩টি কার্যক্রমের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে ২২টি। বাস্তবায়নের হার ৯৬%। এর মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপঃ




## ক্লাস্টার পণ্য প্রদর্শনী ও ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজনের প্রস্তুতি সভা



ক্লাস্টার পণ্য প্রদর্শনী ও ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজনের প্রস্তুতি সভা

এসএমই ক্লাস্টার উদ্যোক্তাদের বাজার ব্যবস্থার সাথে সংযোগ তৈরি, পণ্যের প্রচার-প্রসার এবং ক্রেতা ও বিক্রেতাদের মধ্যে সেতুবন্ধন তৈরির লক্ষ্যে 'এসএমই ক্লাস্টার পণ্য প্রদর্শনী ও ক্রেতা-বিক্রেতা সম্মিলন' আয়োজনের পরিকল্পনা গ্রহণ করেছে এসএমই ফাউন্ডেশন। এ লক্ষ্যে ২৩ অক্টোবর ২০২৪ ফাউন্ডেশনের সভাকক্ষে ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন মহাব্যবস্থাপক জনাব ফারজানা খান। ক্লাস্টারে উৎপাদিত পণ্য এবং আসন্ন 'এসএমই ক্লাস্টার পণ্য প্রদর্শনী ও ক্রেতা-বিক্রেতা সম্মিলন ২০২৪' এর উপর প্রেজেন্টেশন প্রদান করেন উপমহাব্যবস্থাপক জনাব আবু মঞ্জুর সাঈফ। সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক জনাব মাহবুবুর রহমান এবং বাটা বাংলাদেশ, এপেক্স ফুটওয়্যার, ইউনিমার্ট, নিপুণ ক্র্যাফটস, বিবিয়ানা, প্রকৃতি, বাংলা ক্রাফট, কর্পোরেট ভিউ, ই-ক্যাব, ডিজিটাল পল্লীসহ স্বনামধন্য প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ।

## এসএমই ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা আয়োজন ও ক্লাস্টারে তৈরি পণ্য প্রদর্শনী



এসএমই ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা ও ক্লাস্টারে তৈরি পণ্য প্রদর্শনী

১৯ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে সারা দেশের এসএমই ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা আয়োজন ও ক্লাস্টারে তৈরি পণ্য প্রদর্শনী আয়োজন করা হয়। মতবিনিময় সভায় ক্লাস্টারসমূহে এসএমই ফাউন্ডেশনের চলমান ও ভবিষ্যত কার্যক্রম সম্পর্কে অংশীজনদের অবহিত করা হয় এবং ক্লাস্টারের নেতৃস্থানীয় উদ্যোক্তারা তাদের ব্যবসার বর্তমান অবস্থা তুলে ধরেন। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার ও ফারজানা খান এবং মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। সভা সঞ্চালনা করেন আবু মঞ্জুর সাঈফ, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। ঐতিহ্যবাহী তাঁতশিল্পের জন্য প্রসিদ্ধ শাহজাদপুর তাঁত শিল্প ক্লাস্টার, সাটুরিয়া তাঁত শিল্প ক্লাস্টার, মিরপুর বেনারসি ক্লাস্টার, কুমারখালী টেক্সটাইল মিল ক্লাস্টার, সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস ক্লাস্টার, গোবিন্দগঞ্জ হোসিয়ারি ক্লাস্টার, শাওইল হ্যান্ডলুম ক্লাস্টার; নকশিকাথাঁর জন্য স্বনামধন্য রাজশাহী নকশিকাঁথা ক্লাস্টার, জামালপুর নকশিকাঁথা ক্লাস্টার, যশোর নকশিকাঁথা ক্লাস্টার; পাদুকা শিল্পের জন্য অগ্রগণ্য ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টার, পূর্ব মাদারবাড়ি লেদার ক্লাস্টার; লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টর থেকে বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার, যশোর লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার, শ্যামপুর-কদমতলী ইলেকট্রিক্যাল পণ্য ক্লাস্টার এবং অন্যান্য খাতের মধ্যে নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টার, বাউফল মৃৎশিল্প ক্লাস্টার, নলতা গজ-ব্যান্ডেজ শিল্প ক্লাস্টার, সুজানগর আগর আতর ক্লাস্টার, কেশবপুর হ্যান্ডিক্রাফট ক্লাস্টার, নলছিটি শীতলপাটি ক্লাস্টার, ঘিওর বাঁশ-বেত শিল্প ক্লাস্টারসহ ২৬টি ক্লাস্টারের প্রায় ৪৯জন নেতৃস্থানীয় উদ্যোক্তা মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন। সভা শেষে ক্লাস্টার প্রতিনিধিগণ তাদের তৈরিকৃত পণ্য প্রদর্শন করেন।

## মিরপুর বেনারসি ক্লাস্টারে পণ্য বৈচিত্র্যকরণ ও মানোন্নয়নে বিশেষ কর্মসূচি



মিরপুর বেনারসি ক্লাস্টারে মতবিনিময় সভায় শিল্প উপদেষ্টা

৮ মে ২০২৫ মিরপুর বেনারসি ক্লাস্টারে পণ্য প্রদর্শনী কর্মসূচি পরিদর্শন করেন শিল্প এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপদেষ্টা জনাব আদিলুর রহমান খান, ইঞ্জিনিয়ার মো. রিয়াজুল ইসলাম, চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন জনাব মো. মুসফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক জনাব অনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন উপব্যবস্থাপনা পরিচালক জনাব ফারজানা খান। উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক জনাব মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও জনাব আব্দুস সালাম সরদার। ২৭ এপ্রিল-৮ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মিরপুর বেনারসি ক্লাস্টারে পণ্য বৈচিত্র্যকরণ ও মানোন্নয়নে বিশেষ কর্মসূচি আয়োজন করা হয়। দ্বিতীয় ধাপে আয়োজিত এই কর্মশালায় উদ্যোক্তারা প্রথাগত বেনারসি শাড়ির পাশাপাশি বেনারসি কাপড় থেকে লেহেঙ্গা, গাউন, শার্ট, প্যান্ট, টাই, টুপি, বাটুয়া, পার্স, মানিব্যাগ, পর্দা, কুশন কাভারসহ হাউজহোল্ডের বিভিন্ন পণ্য উৎপাদন শেখানো হয়।

## ‘বেনারসি পণ্যের বৈচিত্র্যকরণ’ কর্মশালা



‘বেনারসি পণ্যের বৈচিত্র্যকরণ’ কর্মশালা

২০-২২ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকার মিরপুর বেনারসি ক্লাস্টারে ‘বেনারসি পণ্যের বৈচিত্র্যকরণ’ কর্মশালার প্রথম ধাপ আয়োজন করা হয়। রিসোর্স পার্সন ছিলেন শাহানা জেফরিন। প্রশিক্ষণে ক্লাস্টারটিতে বেনারসির পর্দা, কুইল্ট, কুশন কভার, কটি, হেয়ার ব্যান্ড, টেবিল ল্যাম্প শেড-এর কাজ শেখানো হয়। এছাড়া সেলাই ও ডিজাইনে অভিনবত্ব এবং বিক্রয়ের লক্ষ্যে যথাযথভাবে উপস্থাপন কৌশল শেখানো হয়। ২২ জানুয়ারি ২০২৫ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে সার্টিফিকেট বিতরণ করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান।

## ‘ক্রিকেট ব্যাট ও হ্যান্ডিক্রাফটস ক্লাস্টার উন্নয়নে করণীয়’ কর্মশালা



‘ক্রিকেট ব্যাট ও হ্যান্ডিক্রাফটস ক্লাস্টার উন্নয়নে করণীয়’ কর্মশালা

যশোরের এসএমই ক্লাস্টার উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ৫ জুলাই ২০২৪ ‘ক্রিকেট ব্যাট ও হ্যান্ডিক্রাফটস শিল্পোন্নয়নে করণীয়’ কর্মশালার আয়োজন করা হয়। ব্যাংকার-উদ্যোক্তা সমন্বয়ে আয়োজিত এ কর্মশালায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক জনাব সালাহউদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক জনাব ফারজানা খান, উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ, সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া, সহকারী ব্যবস্থাপক আবু সালেহ মো. এমদাদুল্লাহ এবং বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট-এর পরিচালক মোহাম্মদ আশিকুর রহমান, অতিরিক্ত পরিচালক মো. মাহবুবুর রহমান এবং যুগ্ম পরিচালক অভীক চৌধুরী। কর্মশালায় উদ্যোক্তাগণ অর্থায়নে প্রতিবন্ধকতাসমূহ তুলে ধরেন এবং ১১টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ এ সমস্যা সমাধানে করণীয় বিষয়ে আলোচনা করেন। এসময় বাংলাদেশ ব্যাংক প্রতিনিধিদল ক্লাস্টার উদ্যোক্তাদের ব্যবসা উন্নয়নে এবং ঋণ প্রদানে ব্র্যাক ব্যাংক, ব্যাংক এশিয়া এবং আইডিএলসি ব্যাংকের প্রতিনিধিদের দায়িত্ব প্রদান করেন।

## ‘পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন’ প্রশিক্ষণ

২৯ জুন-০৩ জুলাই ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মানিকগঞ্জের ঘিওরে ‘বাঁশ-বেত পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। ঘিওর উপজেলার বড়টিয়া, গোয়ালডাঙ্গী, জাবরা, তরা (মির্জাপুর), কেল্লাই, উভাজানী এলাকায় বংশ পরম্পরায় বাঁশ ও বেত শিল্পের সঙ্গে জড়িত ছিল ৫ শতাধিক পরিবার। বরটিয়া ইউনিয়নের উত্তর শ্রীবাড়ী ঋষিপাড়া গ্রামের ১২০-১৩০টি পরিবার বাঁশ ও বেত দিয়ে প্রচলিত কুলা, ডালা, ঝুড়ি, চালুন ইত্যাদি তৈরি করত। পণ্যে ডিজাইন ও মানোন্নয়ন প্রশিক্ষণের ফলে বিভিন্ন ডিজাইনের বৈচিত্র্যময় ফ্রুট কাপ, টিফিন ক্যারিয়ার, নৌকা বাস্কেট, পাল্লা, চাটাই মোড়া, খালোই, টুকরিসহ হরেক রকমের চলনসই ও রপ্তানিযোগ্য দ্রব্যসমগ্রী তৈরি করতে পারছে। এসব পণ্য জেলার বিভিন্ন হাট-বাজারে বিক্রয়ের পাশাপাশি রাজধানী ঢাকা হয়ে সিঙ্গাপুর, থাইল্যান্ড, ইন্দোনেশিয়াসহ বেশ কয়েকটি দেশে যাচ্ছে। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী ব্যবস্থাপক মো. আরিফুল ইসলাম। উল্লেখ্য, ক্লাস্টারটিতে পণ্যের ডিজাইন ও মান্নোন্নয়নে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন, প্রোডাক্ট ক্যাটালগ প্রকাশ এবং এসএমই মেলায় অংশগ্রহণের সুযোগ করে দেয়া হয়।

৩১ আগস্ট-০৪ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চট্টগ্রামের বাঁশখালী মৃৎশিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য ‘মৃৎশিল্প পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ব্যবস্থাপনা, বাজারজাতকরণ প্রক্রিয়া, ডিজাইনের আধুনিকীকরণের মাধ্যমে উৎপাদিত পণ্যের গুণগত মান বৃদ্ধি করে অধিকতর লাভজনক করার পদ্ধতি শেখানো হয়।

২৯-৩১ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টারে ‘পণ্যের ডিজাইন ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া।



‘বাঁশজাত শিল্প পণ্যের বৈচিত্র্যকরণ এবং ডিজাইন ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণ

০৪-০৮ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মানিকগঞ্জের ঘিওর বাঁশ-বেত ক্লাস্টারের উদ্যোক্তাদের ‘বাঁশজাত শিল্প পণ্যের বৈচিত্র্যকরণ এবং ডিজাইন ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তারা ২০ ধরনের প্রায় ৬০টি নতুন পণ্য তৈরির কৌশল আত্মস্থ করেন। ঘিওর বাঁশ-বেত ক্লাস্টারে ফাউন্ডেশনের উদ্যোগে ইতোমধ্যে বাস্তবায়িত ‘পণ্যের ডিজাইন ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণের ফলে এখন উদ্যোক্তারা ১৫০ ধরনেরও বেশি পণ্য তৈরি করছেন। এই ক্লাস্টার এলাকায় বাঁশজাত পণ্যের কাঁচামাল সহজলভ্য হওয়ায় ‘বাঁশজাত শিল্প পণ্যের বৈচিত্র্যকরণ এবং ডিজাইন ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণ বাস্তবায়ন পরবর্তীতে অধিক কর্মসংস্থান ও নতুন পণ্য যুক্ত হয়ে বাজার সহায়ক হবে মর্মে আশা করা যায়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের উপব্যবস্থাপক আশরাফুল আমিন এবং অসীম কুমার হালদার উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

## মানিকগঞ্জের ঘিওর বাঁশ-বেত শিল্প ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়

১০ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মানিকগঞ্জের ঘিওর বাঁশ-বেত শিল্প ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক ফারজানা খান, এবং উপব্যবস্থাপক অসীম কুমার হালদারসহ ঘিওর বাঁশ-বেত শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাবৃন্দ। সভায় উদ্যোক্তারা ক্লাস্টারের উৎপাদিত পণ্য সরাসরি রপ্তানি, বাজারজাতকরণ, দেশী ও আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের সুযোগ, স্বল্প সুদে ঋণ এবং যুগোপযোগী প্রশিক্ষণ প্রাপ্তিতে ফাউন্ডেশনের সহযোগিতা চান। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কারিগরি প্রশিক্ষণ, সহজ শর্তে অর্থায়ন, নিত্য নতুন পণ্যের ডিজাইন কর্মসূচি বাস্তবায়নের ফলে উদ্যোক্তারা এখন প্রায় ৭০ ধরনেরও বেশি পণ্য তৈরি করছেন।

## মৌলভীবাজারে আগর-আতর ক্লাস্টারে ‘এক্সপোর্ট রেডিনেস’ কর্মশালা



মৌলভীবাজারে আগর-আতর ক্লাস্টারে ‘এক্সপোর্ট রেডিনেস’ কর্মশালা

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে গত ২৬-২৮ জানুয়ারি ২০২৫ মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলায় আগর-আতর ক্লাস্টারে ‘এক্সপোর্ট রেডিনেস’ কর্মশালার আয়োজন করা হয়। রিসোর্স পার্সন ছিলেন রফিজুল হক। আগর-আতর শিল্পের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন করা হয়। ২৮ জানুয়ারি ২০২৫ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ এবং বাংলাদেশ আগর-আতর প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির সভাপতি আনসারুল হক।

## ‘চামড়া শিল্প-বর্জ্যের পুনর্ব্যবহারের মাধ্যমে পণ্যের বৈচিত্র্যকরণ’ কর্মশালা



‘চামড়া শিল্প-বর্জ্যের পুনর্ব্যবহারের মাধ্যমে পণ্যের বৈচিত্র্যকরণ’ কর্মশালা

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২১-২৩ জানুয়ারি ২০২৫ চট্টগ্রাম পূর্ব মাতারবাড়ী লেদার ক্লাস্টারে ‘চামড়া শিল্প-বর্জ্যের পুনর্ব্যবহারের

মাধ্যমে পণ্যের বৈচিত্র্যকরণ’ শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। রিসোর্স পার্সন ছিলেন চামড়া ও চামড়াজাত শিল্পের প্রশিক্ষক তাসনিম এ. শাহিন। প্রশিক্ষণে ক্লাস্টারটিতে চামড়া ও চামড়াজাত বর্জ্য দিয়ে মানিব্যাগ, কার্ড হোল্ডার, চাবির রিং, বিভিন্ন সৌখিন সামগ্রী বানানো শেখানো হয়। ২৩ জানুয়ারি ২০২৫ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ এবং সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া।

## চামড়াজাত পণ্য উৎপাদনকারী ক্লাস্টারের উদ্যোক্তাদের নিয়ে বাটা’র কারখানা পরিদর্শন




চামড়াজাত পণ্য উৎপাদনকারী ক্লাস্টারের উদ্যোক্তাদের নিয়ে বাটা’র কারখানা পরিদর্শন

৩০ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চামড়াজাত পণ্য উৎপাদনকারী ক্লাস্টারের উদ্যোক্তাদের নিয়ে গাজীপুরের টঙ্গীতে বাটা’র কারখানা পরিদর্শন এবং ম্যাচমেকিং কর্মসূচি আয়োজন করা হয়। কর্মসূচিতে চট্টগ্রামের পূর্ব মাদারবাড়ী লেদার ক্লাস্টার এবং ঢাকার হাজারীবাগ লেদার ক্লাস্টারের ১২জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উদ্যোক্তারা বাটা’র পণ্য, উৎপাদন পদ্ধতি, টেকনোলজি, ইনভেন্টরি, কোয়ালিটি কন্ট্রোল, কাঁচামাল, পণ্য ও কাঁচামালের বাজার, উৎপাদন প্রক্রিয়া থেকে শুরু করে পণ্য বাজারজাতকরণ পর্যন্ত বিভিন্ন ধাপ সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করেন।

## পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টারে এক্সপোজার ভিজিট

৩১ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চট্টগ্রামের বাঁশখালী মৃৎশিল্প ক্লাস্টারের উদ্যোক্তা প্রতিনিধিদের নিয়ে পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টারে এক্সপোজার ভিজিট আয়োজন করা হয়। বাঁশখালী মৃৎশিল্প ক্লাস্টারের সাতজন কারিগর ও উদ্যোক্তা বাউফল মৃৎশিল্প ক্লাস্টারের কার্যক্রম প্রত্যক্ষ করেন ও হাতে-কলমে কাজ করেন। কর্মসূচিতে অংশগ্রহণ করেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া।

## বগুড়া, গাইবান্ধা ও নীলফামারীতে এসএমই ক্লাস্টার পরিদর্শন ও মতবিনিময়



বগুড়া, গাইবান্ধা ও নীলফামারীতে এসএমই ক্লাস্টার পরিদর্শন ও মতবিনিময়

ফাউন্ডেশনের ক্লাস্টার উন্নয়ন কর্মসূচির আওতায় সারা দেশে এসএমই ক্লাস্টারসমূহে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এ কার্যক্রমসমূহের প্রভাব মূল্যায়ন, বিদ্যমান সমস্যাবলী চিহ্নিতকরণ এবং ভবিষ্যৎ উন্নয়ন সম্ভাব্যতা নিরূপণের লক্ষ্যে ২৬ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন জনাব মো. মুসফিকুর রহমান বগুড়ার শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টার পরিদর্শন করেন। ২৬ এপ্রিল ২০২৫ বগুড়া জেলা প্রশাসকের কার্যালয়ে একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, জেলা পর্যায়ের উদ্যোক্তাবৃন্দ এবং এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। সভায় সভাপতিত্ব করেন বগুড়ার জেলা প্রশাসক জনাব হোসনা আফরোজা। প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন জনাব মো. মুসফিকুর রহমান। ২৭ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধিদল গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলার হোসিয়ারি ক্লাস্টার পরিদর্শন করে। ২৭ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধিদল নীলফামারী জেলার সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করে। পরিদর্শন ও মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন জনাব মো. মুসফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক জনাব মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও জনাব আব্দুস সালাম সরদার এবং উপমহাব্যবস্থাপক জনাব সুমন চন্দ্র সাহা।

## কুমিল্লার ঐতিহ্যবাহী খাদি শিল্পোন্নয়নে চাহিদা নিরূপণ ও মতবিনিময় সভা



কুমিল্লার ঐতিহ্যবাহী খাদি শিল্পোন্নয়নে চাহিদা নিরূপণ ও মতবিনিময় সভা

০৬ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কুমিল্লার ঐতিহ্যবাহী খাদি শিল্পোন্নয়নে চাহিদা নিরূপণ ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উপস্থিত ছিলেন উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা, সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মোরশেদ আলম, সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া এবং সহকারী ব্যবস্থাপক আবু সালেহ মো. এমদাদুল্লাহ। মতবিনিময় সভায় খাদি শিল্পের উদ্যোক্তা প্রদীপ কুমার রাহা ও আল হেলাল এই শিল্পের বর্তমান অবস্থা এবং উন্নয়নে বিভিন্ন প্রস্তাবনা তুলে ধরেন। এসময় বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের স্থানীয় প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভা শেষে ফাউন্ডেশনের প্রতিনিধিদল কুমিল্লার দেবিদ্বারে খাদি শিল্পের তাঁত পরিদর্শন ও তাঁতীদের সাথে মতবিনিময় করা হয়। উল্লেখ্য, নিরূপিত উন্নয়ন চাহিদা মোতাকে পরবর্তীতে ক্লাস্টারটিতে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী উন্নয়ন কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করা হবে।

## কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টার পরিদর্শন এবং মতবিনিময় সভা



কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টার পরিদর্শন এবং মতবিনিময় সভা

১১ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী রাজশাহী চারঘাট উপজেলার কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টার পরিদর্শন এবং উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করেন। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, সহকারী কমিশনার (ভূমি) মো. আরিফ হোসেন এবং উপজেলা সমবায় কর্মকর্তা মো. মহসীন মজুমদার। এসময় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে স্থাপিত কমন ফ্যাসিলিটি সেন্টারের সার্বিক কার্যক্রম সম্পর্কে উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করা হয়।

## বাংলাদেশ ব্যাংক প্রতিনিধিসহ যশোরের ক্রিকেট ব্যাট ও হস্তশিল্প ক্লাস্টার পরিদর্শন এবং মতবিনিময় সভা



যশোরের ক্রিকেট ব্যাট ও হস্তশিল্প ক্লাস্টার পরিদর্শন এবং মতবিনিময় সভা

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ০৪ জুলাই ২০২৪ যশোরের নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টার ও কেশবপুর হস্তশিল্প ক্লাস্টার পরিদর্শন ও মতবিনিময় সভা করা হয়। এসময় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহউদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ, সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া, সহকারী ব্যবস্থাপক আবু সালেহ মো. এমদাদুল্লাহ এবং বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট এর পরিচালক মোহাম্মদ আশিকুর রহমান, অতিরিক্ত পরিচালক মো. মাহবুবুর রহমান এবং যুগ্ম পরিচালক অভীক চৌধুরী। এসময় বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিদল নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপনের প্রস্তাবিত স্থান পরিদর্শন করেন। ক্লাস্টার উদ্যোক্তাদের উন্নয়নে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে কর্মশালায় অংশগ্রহণের মাধ্যমে ক্লাস্টারের ঋণ প্রবাহ নিশ্চিত করতে আমন্ত্রন জানানো হয়। উল্লেখ্য, ইতিপূর্বে ক্লাস্টার দু'টিতে ব্যবসা ব্যবস্থাপনা, পণ্যের বৈচিত্র্যকরণ ও মানোন্নয়নে প্রশিক্ষণ কর্মশালা অয়োজন করা হয়। এছাড়াও জাতীয় এসএমই পণ্য মেলায় বিনামূল্যে স্টল প্রদান এবং প্রোডাক্ট ক্যাটালগ প্রকাশে সহায়তা করা হয়।

## চামড়াজাত পণ্য ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা



চামড়াজাত পণ্য ক্লাস্টার পরিদর্শন

১৭ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকার হাজারীবাগ লেদার পণ্য ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। বক্তব্য প্রদান করেন মহাব্যবস্থাপক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ এবং সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়াসহ হাজারীবাগ লেদার পণ্য ক্লাস্টারের উদ্যোক্তাবৃন্দ। মতবিনিময় সভায় উদ্যোক্তারা ক্লাস্টারটিতে কমন ফ্যাসিলিটি ল্যাব স্থাপন, সরাসরি পণ্য রপ্তানিতে সহায়তা, আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণে সহায়তা এবং ঢাকার কাছাকাছি স্থায়ী প্লট প্রাপ্তিতে ফাউন্ডেশনের সহযোগিতা চান।

## মৌলভীবাজারের শ্রীমঙ্গল মনিপুরী ক্লাষ্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়



মৌলভীবাজারের শ্রীমঙ্গল মনিপুরী ক্লাষ্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়

১১ জানুয়ারি ২০২৫ ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী মৌলভীবাজারের শ্রীমঙ্গল মনিপুরী হস্তশিল্প পণ্য ক্লাষ্টার পরিদর্শন করেন। এসময় তিনি ক্লাস্টার সদস্যদের সাথে মতবিনিময় সভা করেন। সভায় সদস্যরা তাঁদের বর্তমান অবস্থা ও চ্যালেঞ্জসমূহ উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত ক্লাস্টার বিষয়ে ফাউন্ডেশনের বহুমুখী পরিকল্পনা নিয়ে সদস্যদের সাথে বিশদ আলোচনা করেন। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার ক্লাষ্টারে ফাউন্ডেশনের গৃহীত বিভিন্ন কর্মসূচি বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

## যশোরে ৪টি এসএমই ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়



এসএমই ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়

০১ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে যশোর নকশি ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। মতবিনিময় সভায় উদ্যোক্তারা ক্লাস্টারে উৎপাদিত পণ্য তৈরিতে আধুনিক ডিজাইন, স্কিন ও ব্লক প্রিন্টিং, ট্রেসিং মেকিং টেকনিক প্রশিক্ষণ, সমজাতীয় নকশি ক্লাস্টারে এক্সপোজার ভিজিটের ব্যবস্থা, ডিসপ্লে সেন্টার স্থাপন, বাজার সংযোগ, দেশি ও আন্তর্জাতিক মেলায় অংগ্রহণের সুযোগ, স্বল্প সুদে ঋণ এবং যুগোপযোগী প্রশিক্ষণ প্রাপ্তিতে ফাউন্ডেশনের সহযোগিতা চান। ০২ জুন ২০২৫ যশোরের লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার, নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টার এবং

কেশবপুর হ্যান্ডিক্রাফট ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান এবং ব্যবস্থাপক অসীম কুমার হালদারসহ ক্লাস্টারের উদ্যোক্তাবৃন্দ।

## এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কুমিল্লার বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কুমিল্লার বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন


আগস্ট-সেপ্টেম্বর ২০২৪-এ বন্যা পরিস্থিতি নিয়ে উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনায় এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধিদল কুমিল্লার বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করে। ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহার নেতৃত্বে সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মোরশেদ আলম এবং সহকারী ব্যবস্থাপক আবু সালেহ মো. এমদাদুল্লাহ ক্ষতিগ্রস্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। এসময় শহরের লাইট ইঞ্জিনিয়ারিং পণ্যোৎপাদনকারী প্রতিষ্ঠান, বিসিক শিল্প এলাকা, কুমিল্লার দেবিদ্বারের উদ্যোক্তাগণ এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে আলোচনা করে এসএমই উদ্যোক্তাদের বন্যা পরবর্তী অবস্থার ক্ষয়ক্ষতি সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়।

## লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প ক্লাস্টারে আন্তঃক্লাস্টার অভিজ্ঞতা বিনিময়


১৭ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে হবিগঞ্জের শায়েস্তাগঞ্জ লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প ক্লাস্টারের প্রতিনিধিদের নিয়ে যশোর লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প ক্লাস্টারে আন্তঃক্লাস্টার কার্যপরিচিতি ও অভিজ্ঞতা বিনিময় কর্মসূচি আয়োজন করা হয়। হবিগঞ্জের শায়েস্তাগঞ্জ লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প ক্লাস্টারের ১১জন উদ্যোক্তা যশোর লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প ক্লাস্টারের বিভিন্ন ফ্যাক্টরি পরিদর্শন করেন এবং পণ্য, টেকনোলোজি, কাঁচামাল, পণ্য ও কাঁচামালের বাজার, উৎপাদন প্রক্রিয়া থেকে শুরু করে পণ্য বাজারজাতকরণ পর্যন্ত বিভিন্ন ধাপ সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করেন। এক্সপোজার ভিজিট কর্মসূচি ক্লাস্টারসমূহের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক সৃষ্টির পাশাপাশি পণ্য, কাঁচামাল, টেকনোলোজি হস্তান্তরে বিশেষ ভূমিকা পালন করবে মর্মে আশা করা যায়।

# ফাইন্যান্স ও ক্রেডিট সার্ভিসেস

দেশের বিভিন্ন অঞ্চলের সম্ভাবনাময় এসএমই সেক্টর/ক্লাস্টার/ক্লায়েন্টেল গ্রুপকে সহজ শর্তে ৪% সুদে জামানতবিহীন ঋণ প্রদানের লক্ষ্যে ক্রেডিট হোলসেলিং প্রোগ্রাম পরিচালনা করে ফাইনান্স ও ক্রেডিট সার্ভিসেস উইং। তবে ফাউন্ডেশন হতে সরাসরি কোন ঋণ প্রদান করা হয় না বরং অংশীদার ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ঋণ প্রদান করা হয়। এছাড়া এসএমই খাতে অর্থায়ন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে দেশব্যাপী নিয়মিতভাবে এসএমই ঋণ মেলা (ফাইন্যান্সিং ফেয়ার), ব্যাংকার-উদ্যোক্তা সম্মেলন, সেমিনার, ঋণ সম্পর্কিত ম্যাচমেকিং, ব্যাংকারদের প্রশিক্ষণ ইত্যাদি কর্মসূচি আয়োজন করে ফাইনান্স ও ক্রেডিট সার্ভিসেস উইং। ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনায় ফাইন্যান্স ও ক্রেডিট সার্ভিসেস উইংয়ের ৫২টি কার্যক্রমের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে ৪৮টি। বাস্তবায়নের হার ৯২%। এর মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:




### এসএমই উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও উন্মুক্ত ঋণ বিতরণ কর্মসূচি



বগুড়া ও গাইবান্ধায় এসএমই উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও উন্মুক্ত ঋণ বিতরণ

এসএমই ফাউন্ডেশনের 'রিভলভিং ফান্ড' থেকে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ব্র্যাক ব্যাংক, ব্যাংক এশিয়া ও শাহজালাল ইসলামী ব্যাংকের সহযোগিতায় ২৬ এপ্রিল ২০২৫ বগুড়ার আদমদিঘী উপজেলার শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টারের উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও উন্মুক্ত ঋণ বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আদমদীঘি উপজেলার উপজেলা নির্বাহী অফিসার জনাব মোছা রুমানা আফরোজ। প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন জনাব মো. মুসফিকুর রহমান এবং বিশেষ অতিথি ছিলেন ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন উপব্যবস্থাপনা পরিচালক জনাব মো. নাজিম হাসান সাত্তার। উপস্থিত ছিলেন FES Bangladesh-এর রেসিডেন্ট রিপ্রেজেন্টেটিভ Dr. Felix Gerdes এবং ব্যাংক কর্মকর্তাবৃন্দ। এছাড়া, BUTEX, Reverse Resources ও Urmi Group-এর প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন ও ক্লাস্টারের উদ্যোক্তাসহ প্রায় ১৫০জন অনুষ্ঠানে

অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে ৭৪.৫০ লক্ষ্য টাকা ঋণ বিতরণ করা হয়। ২৭ এপ্রিল ২০২৫ কর্মসূচির আওতায় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ব্র্যাক ব্যাংক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক ও শাহজালাল ইসলামী ব্যাংকের সহযোগিতায় গাইবান্ধার গোবিন্দগঞ্জ হোসিয়ারি ক্লাস্টারে উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও উন্মুক্ত ঋণ বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা ইয়াসমিন সুলতানা। প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের সম্মানিত চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। অনুষ্ঠানে ১.৪০ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়। কর্মসূচির আওতায় এ পর্যন্ত উল্লেখিত তিন ক্লাস্টারের ৫৯০জন উদ্যোক্তার মাঝে অদ্যাবধি ৪০.২৪ কোটি টাকা বিতরণ করা হয় এবং গাইবান্ধা জেলার উদ্যোক্তা উন্নয়নে প্রায় ১৩ কোটি টাকা বিতরণ করা হয়।

## এসএমই ফাউন্ডেশনের সাথে সিটি ব্যাংকের সঙ্গে চুক্তি স্বাক্ষর



এসএমই ফাউন্ডেশনের সাথে সিটি ব্যাংকের সঙ্গে চুক্তি স্বাক্ষর

রপ্তানি সম্ভাবনাময় পণ্যসহ 'আমদানি-বিকল্প পণ্যের' উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতে ঋণের প্রবাহ বৃদ্ধিতে উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যে ২৯ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের সাথে সিটি ব্যাংকের সঙ্গে চুক্তি স্বাক্ষর করা হয়। রাজধানীর সিটি ব্যাংক সেন্টারে আয়োজিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী, সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব মাসরুর আরেফিন স্বীয় প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব মো. নাজিম হাসান সাত্তার ও জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা, সিটি ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. মাহবুবুর রহমান এফসিএ, উপব্যবস্থাপনা পরিচালক জনাব মেসবাউল আসিফ সিদ্দিকী, এসএমই বিভাগের প্রধান জনাব কামরুল মেহেদিসহ উভয় প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

## ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি



মৌলভীবাজারে ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি

১৮ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় মৌলভীবাজারের শ্রীমঙ্গলে ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি আয়োজন করা হয়। মৌলভীবাজারের শ্রীমঙ্গলের রামনগর ইউনিয়নে সম্ভাবনাময় মনিপুরী তাঁত শিল্প ক্লাস্টারে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচিতে উপস্থিত ছিলেন নওশাদ মোস্তফা, পরিচালক, এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ, বাংলাদেশ ব্যাংক, এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার এবং উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা। কর্মসূচিতে মণিপুরি তাঁত শিল্পের ২৫জন উদ্যোক্তা ও শ্রীমঙ্গলের ১৫টি ব্যাংকের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট অংশীজন উপস্থিত ছিলেন।



ঢাকায় ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি

২৬ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় 'রিভলভিং তহবিল' থেকে ৩য় দফায় ঋণ বিতরণ ত্বরান্বিতকরণে বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (BEIOA)-এর সদস্য উদ্যোক্তাদের সহজ শর্তে ও স্বল্প সুদে জামানতবিহীন ঋণ প্রদানের উদ্দেশ্যে ফাউন্ডেশনের অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং এ সেক্টরের উদ্যোক্তাদের অংশগ্রহণে ঋণ ম্যাচমেকিং কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচিতে বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতির সভাপতি মো. আব্দুর রাজ্জাক উপস্থিত ছিলেন। সভায় ৩য় দফার আওতায় স্বাক্ষরিত চুক্তিনামার শর্তাবলী স্পষ্টীকরণ এবং ঋণ সম্পর্কিত ধারণা বিষয়ে আলোকপাতসহ উপস্থিত উদ্যোক্তা, ব্যাংকের প্রতিনিধিদের উক্ত কর্মসূচির আওতায় ঋণ বিতরণ সংক্রান্ত প্রশ্নের উত্তর প্রদান করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা।

১০ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সোনালী ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ব্র্যাক ব্যাংক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক ও এনআরবিসি ব্যাংকের প্রধান কার্যালয় ও স্থানীয় শাখার এসএমই বিভাগ এবং ফাউন্ডেশনের প্রতিনিধিদের সমন্বয়ে গাইবান্ধার গোবিন্দগঞ্জ হোসিয়ারি ক্লাস্টার পরিদর্শন এবং ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচিতে অংশীদার ব্যাংকের প্রধান কার্যালয় ও স্থানীয় শাখার এসএমই বিভাগের কর্মকর্তাসহ এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা অংশগ্রহণ করেন।

## ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের এসএমই প্রধানদের সাথে মতবিনিময় সভা



ঢাকায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের এসএমই প্রধানদের সাথে মতবিনিময় সভা

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড থেকে ৩য় দফায় ঋণ বিতরণের অগ্রগতি এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২৯ জানুযারি ২০২৫ ফাউন্ডেশনের কনফারেন্স রুমে চুক্তিবদ্ধ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের এসএমই প্রধানদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের

চেয়ারপার্সন জনাব মো. মুসফিকুর রহমান। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আনোয়ার হোসেন চৌধুরী। স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন এবং ঋণ বিতরণ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন জনাব সুমন চন্দ্র সাহা, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ উক্ত তহবিল বাস্তবায়নে তাঁদের অভিজ্ঞতা ও ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা অর্জনে পরবর্তী করণীয় বিষয়ে মতামত প্রদান করেন। ০৫ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের সভাকক্ষে বিভিন্ন ব্যাংকের এসএমই বিজনেস ও রিস্ক ম্যানেজমেন্ট বিভাগের অভিজ্ঞ ব্যাংকারগণের অংশগ্রহণে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব মো. নাজিম হাসান সাত্তার। ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক জনাব সুমন চন্দ্র সাহা সভায় উপস্থিত ছিলেন।

২৭ আগস্ট ২০২৪ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে ফাউন্ডেশনের অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের এসএমই বিভাগের প্রধানগণের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় দেশে চলমান বন্যা পরিস্থিতিসহ সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনান্তে ক্ষতিগ্রস্থ উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ ত্বরান্বিতকরণে বিস্তারিত আলোচনা করা হয়।

### অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দের সাথে মতবিনিময় সভা



বগুড়ায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের এসএমই প্রধানদের সাথে মতবিনিময় সভা

১২ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও সোনালী ব্যাংকের সহায়তায় বগুড়ায় অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সোনালী ব্যাংকের বিভাগীয় মহাব্যবস্থাপকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় বন্যাসহ সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনান্তে উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ ত্বরান্বিতকরণে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সোনালী ব্যাংকের বগুড়া অঞ্চলের মহাব্যবস্থাপক মো. রশিদুল ইসলাম।

১৪ জুলাই ২০২৪ বাংলাদেশ সরকারের অন্যতম অগ্রাধিকার প্রকল্প- এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় 'রিভলভিং তহবিল' থেকে ৩য় দফায় সারাদেশের উৎপাদন ও সেবা খাতের উদ্যোক্তাসহ ক্লাস্টার, ক্লায়েন্টেল ও অ্যাসোসিয়েশন সদস্য উদ্যোক্তা এবং নারী-উদ্যোক্তাদের ঋণ বিতরণের লক্ষ্যে অনলাইনে এসএমই ফাউন্ডেশনের সাথে ট্রাস্ট ব্যাংকের কর্মকর্তাদের মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার।

১১ সেপ্টেম্বর ২০২৪ সোনালী ব্যাংক ও ব্র্যাক ব্যাংকের প্রধান কার্যালয় ও স্থানীয় শাখার এসএমই বিভাগের প্রতিনিধিবৃন্দসহ এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা বগুড়ায় ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের কারখানা পরিদর্শন ও ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

১২ সেপ্টেম্বর ২০২৪ সিরাজগঞ্জে ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের কারখানা পরিদর্শন ও ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় সভা আয়োজন করা হয়। এখানকার উদ্যোক্তাদের সহজ শর্তে অর্থায়নে কাজ করছে এসএমই ফাউন্ডেশন। ইতোমধ্যে ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং তহবিল হতে ব্র্যাক ব্যাংকের মাধ্যমে ২২জন উদ্যোক্তাকে ১ কোটি ৭০ লক্ষ টাকা অর্থায়ন করা হয়েছে, যা ভবিষ্যতে আরো বৃদ্ধি করা হবে। কর্মসূচিতে ব্র্যাক ব্যাংক এর প্রধান ও স্থানীয় কার্যালয়ের এসএমই বিভাগের প্রতিনিধিবৃন্দসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা অংশগ্রহণ করেন।

### ঋণ সুবিধাপ্রাপ্ত উদ্যোক্তাদের প্রতিষ্ঠান পরিদর্শন ও মতবিনিময়

০২ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন রিভলভিং তহবিল থেকে চলমান ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিংয়ের অংশ হিসেবে ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক জনাব সুমন চন্দ্র সাহার নেতৃত্বে প্রতিনিধিদলের নরসিংদীর মাধবদীতে টেক্সটাইল খাতে ঋণ সুবিধাপ্রাপ্ত উদ্যোক্তাদের প্রতিষ্ঠান পরিদর্শন ও মতবিনিময় করেন। এই সময় উদ্যোক্তাদের ব্যবসার খোঁজ-খবর নেয়া হয় ও তাদের প্রত্যাশাসমূহ শোনা হয়। পরিদর্শনকালে অংশীদার প্রতিষ্ঠান লংকাবাংলার প্রধান শাখা ও স্থানীয় এসএমই ইউনিটের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, রপ্তানি সম্ভাবনাময় পণ্যসহ আমদানি-বিকল্প পণ্যের উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতে ঋণের প্রবাহ বৃদ্ধিতে কাজ করছে এসএমই ফাউন্ডেশন। এ লক্ষ্যে ফাউন্ডেশন ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন রিভলভিং তহবিল থেকে ৩য় দফায় উদ্যোক্তা পর্যায়ে ঋণ বিতরণের উদ্দেশ্যে ১১ জুন ২০২৪ বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তিবদ্ধ হয়।

১৯ আগস্ট ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন রিভলভিং তহবিল থেকে ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিংয়ের অংশ হিসেবে ফাউন্ডেশনের একটি প্রতিনিধিদলের ঢাকার কেরানীগঞ্জের ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের প্রতিষ্ঠান পরিদর্শন ও মতবিনিময় করেন। এ সময় অংশীদার ব্যাংক হিসেবে ব্র্যাক ব্যাংকের প্রধান শাখা ও স্থানীয় এসএমই ইউনিটের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকৃত উদ্যোক্তাগণ ক্ষুদ্র গার্মেন্টস প্রস্তুতকারক। উল্লেখ্য, রপ্তানি সম্ভাবনাময় পণ্যসহ আমদানি-বিকল্প পণ্যের উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতে ঋণের প্রবাহ বৃদ্ধিতে কাজ করছে এসএমই ফাউন্ডেশন। এ লক্ষ্যে ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন রিভলভিং তহবিল হতে ৩য় দফায় উদ্যোক্তা পর্যায়ে ঋণ বিতরণের উদ্দেশ্যে ১১ জুন ২০২৪ বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তিবদ্ধ হয়।

২২ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন রিভলভিং তহবিল থেকে চলমান ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিংয়ের অংশ হিসেবে ০২ অক্টোবর ২০২৪ জামালপুরের মেলান্দহ, ২৩ অক্টোবর ২০২৪ ফেনী, ১৮ ডিসেম্বর ২০২৪ গাইবান্ধার গোবিন্দগঞ্জ, ১৯ ডিসেম্বর ২০২৪ বগুড়ার ধুনট, ২২ ডিসেম্বর ২০২৪ রাজশাহীর বোয়ালিয়া

থানা ও পবা উপজেলায় ঋণপ্রাপ্ত উদ্যোক্তার ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা, উপব্যবস্থাপক সাজু বড়ুয়া, সহকারী ব্যবস্থাপক মো. সালমান ইবনে মামুন পরিদর্শন সম্পন্ন করেন। পরিদর্শনকালে বাংলাদেশ কৃষি ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, ব্র্যাক ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের এসএমই শাখার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

### ফাইন্যান্সিয়াল লিটারেসি, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি



ঢাকায় ফাইন্যান্সিয়াল লিটারেসি, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি

১২ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ফ্লাওয়ার গ্রোয়ার্স সোসাইটি অব বাংলাদেশ ও বাংলাদেশ ফ্লাওয়ার সোসাইটির সদস্য উদ্যোক্তাদের ঋণ প্রদানের উদ্দেশ্যে ফাইন্যান্সিয়াল লিটারেসি, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি আয়োজন করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি ব্যাংক ও কর্মসংস্থান ব্যাংকের এসএমই বিভাগের প্রধানসহ প্রতিনিধিবৃন্দ ফাইন্যান্সিয়াল লিটারেসি সেশন পরিচালনা করেন। বাংলাদেশ কৃষি ব্যাংকের পক্ষ থেকে উপমহাব্যবস্থাপক আশীষ কুমার দাস, সহকারী মহাব্যবস্থাপক মো. পারভেজ কাওসার সরকার এবং কর্মসংস্থান ব্যাংকের উপমহাব্যবস্থাপক মো. মশিউর রহমান উদ্যোক্তাদের এসএমই ঋণ সংক্রান্ত প্রশ্নোত্তর প্রদান পূর্বক সামগ্রিক বিষয়ে ধারণা প্রদান করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন এবং অতিথি ছিলেন আনোয়ার ফারুক, উপদেষ্টা, ফ্লাওয়ার গ্রোয়ার্স সোসাইটি অব বাংলাদেশ ও বাংলাদেশ ফ্লাওয়ার সোসাইটি। স্বাগত বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা।



সিলেটে 'ফাইন্যান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালা

১৯ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ ব্যাংক, সিলেট কার্যালয়ের সহযোগিতায় সিলেটে 'ফাইন্যান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালা বাংলাদেশ ব্যাংক, সিলেট কার্যালয়ে অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধনী পর্বে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মো. সাইফুল ইসলাম খান, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, সিলেট কার্যালয় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মোহাম্মদ আবদুল হাশেম, পরিচালক (পরিদর্শন), বাংলাদেশ ব্যাংক সিলেট কার্যালয়, নওশাদ মোস্তফা, পরিচালক (এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন ও মুজিবুর রহমান মিন্টু, ভারপ্রাপ্ত সভাপতি, দি সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি। উদ্বোধনী পর্বে অংশগ্রহণ করেন সিলেটের বিভিন্ন ব্যাংকের জোনাল হেড, ব্যবস্থাপকবৃন্দ, বাংলাদেশ ব্যাংক প্রতিনিধি, সিলেট জেলার বিভিন্ন উদ্যোক্তা অ্যাসোসিয়েশনের উদ্যোক্তা প্রতিনিধিবৃন্দ, ইউডিসি উদ্যোক্তা ও উদ্যোক্তা উন্নয়ন সংশ্লিষ্ট বিভিন্ন সরকারী সংস্থার কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। কর্মশালায় ৪টি ওয়ার্কিং সেশন পরিচালনা করেন বাংলাদেশ ব্যাংকের পরিচালক নওশাদ মোস্তফা, এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, ইস্টার্ন ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ও চিফ রিস্ক অফিসার মো. খোরশেদ আলম এবং এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা। সেশনসমূহে এসএমই খাতে ঋণ সরবরাহ বৃদ্ধিকল্পে বাস্তবায়নাধীন বিভিন্ন তহবিল, বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন নীতিমালা, সার্কুলার, প্রকাশনা, কর্মসূচি ইত্যাদি বিষয়ে অবহিতকরণসহ এসএমই ঋণ অনুমোদন ও আদায় সম্পর্কিত কৌশল এবং দেশী-বিদেশী সফল ঋণ মডেল সম্পর্কে ব্যাংকারদের ধারণা প্রদান করা হয়।



যশোরে ফাইন্যান্সিয়াল লিটারেসি, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি

২৬ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং আইপিডিসি ফাইন্যান্স ও বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় যশোরের লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প পরিদর্শন, উদ্যোক্তাদের সাথে মতবিনিময়, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি আয়োজন করা হয়। সম্ভাবনাময় এই শিল্পের উদ্যোক্তাদের এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন রিভলভিং ফান্ড থেকে ঋণ বিতরণ, বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন ঋণ স্কিমসমূহ সম্পর্কে অবহিতকরণ, এবং সহজ শর্তে ঋণ বিতরণের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নওশাদ মোস্তাফা, পরিচালক, বাংলাদেশ ব্যাংক। সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, যশোর শাখার সভাপতি আশরাফুল ইসলাম বাবু এবং আইপিডিসি ফাইন্যান্স-এর আঞ্চলিক প্রধান মো. আনোয়ার হোসেন। কর্মসূচিতে এ শিল্পে নিয়োজিত ৫০জন উদ্যোক্তা ও আইপিডিসি ফাইন্যান্স-এর কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

২৬ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং আইপিডিসি ফাইন্যান্স ও বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় যশোরের গদখালীতে ফুলের বাণিজ্যিক সম্প্রসারণে নিয়োজিত উদ্যোক্তাদের কার্যক্রম পরিদর্শন, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি আয়োজন করা হয়।

এছাড়া ২৩ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশন ও ঢাকা ব্যাংকের

উদ্যোগে রাজশাহীতে উদ্যোক্তাদের আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধিসহ তাঁদের এসএমই ঋণ প্রাপ্তির সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে রেশম শিল্পে উদ্যোক্তাদের জন্য উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময়, ঋণ ম্যাচমেকিং ও ফাইন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচি আয়োজন করা হয়।



জামালপুরে ফাইন্যান্সিয়াল লিটারেসি ফর ফাইন্যান্সিয়াল ইনক্লুশন অফ এসএমইস কর্মসূচি

ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই উদ্যোক্তাদের আর্থিক অন্তর্ভুক্তি ত্বরান্বিতকরণসহ ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে 'Acceleration Program on Financial Literacy for Financial Inclusion of SMEs' কর্মসূচির আওতায় নির্দিষ্ট মানদণ্ড বিচারে নির্ধারিত উদ্যোক্তাদের নিয়ে ০৩ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের সহায়তায় জামালপুরের মেলান্দহে, ১৭ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সহায়তায় চট্টগ্রামে, ২৪ অক্টোবর ২০২৪ ফেনীতে ও ১৭ নভেম্বর ২০২৪ ব্র্যাক ব্যাংকের আয়োজনে এবং বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের সহায়তায় মৌলভীবাজারের বড়লেখা আগর-আতর ক্লাস্টারে উদ্যোক্তা, সংশ্লিষ্ট অংশীজনসহ স্থানীয় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের উপস্থিতিতে কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালাসমূহে বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক ও কর্মসংস্থান ব্যাংকের প্রতিনিধিবৃন্দ এবং ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। ০৯ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ওয়েভ ফাউন্ডেশনের সহায়তায় চুয়াডাঙ্গায় এসএমই উদ্যোক্তাদের আর্থিক সক্ষমতা বৃদ্ধিসহ তাঁদের অর্থনৈতিক সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে 'Financial Literacy for Financial Inclusion of SMEs' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদের এসএমই অর্থায়ন ও ব্যাংক ঋণ গ্রহণের প্রক্রিয়া এবং যথাযথ প্রস্তুতির অভাবে ঋণ না পাওয়া উদ্যোক্তাদের গ্রুমিং ও ব্যাংকের সাথে সংযোগ স্থাপন করানো হয়।

### 'এসএমই অর্থায়নে ব্লেন্ডেড ফাইন্যান্সিং ফ্যাসিলিটির উপযোগিতা ও বাস্তবায়নের সম্ভাব্যতা' গবেষণা পরিচালনা



'এসএমই অর্থায়নে ব্লেন্ডেড ফাইন্যান্সিং ফ্যাসিলিটির উপযোগিতা ও বাস্তবায়নের সম্ভাব্যতা' গবেষণা বিষয়ে ফোকাস গ্রুপ আলোচনা সভা

ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (UNDP)-এর উদ্যোগে এবং এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় এসএমই উদ্যোক্তাদের জন্য সহজ অর্থায়ন ত্বরান্বিতকরণের লক্ষ্যে দেশে একটি ব্লেন্ডেড ফাইন্যান্স ফ্যাসিলিটি চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জলবায়ু সহিষ্ণু ব্যবসার সাথে খাপ খাওয়ানোর লক্ষ্যে এসএমই উদ্যোক্তাদের অর্থায়ন প্রক্রিয়ায় ব্লেন্ডেড ফাইন্যান্সিং-এর উপযোগিতা ও এর বাস্তবায়ন সম্ভাব্যতা যাচাইকরণ কর্মসূচির মূল উদ্দেশ্য। কর্মসূচির আওতায় বিভিন্ন সময়ে বিভিন্ন সেক্টরের অংশীজনের সমন্বয়ে ফোকাস গ্রুপ আলোচনা সভা আয়োজন করা হয়। পাশাপাশি জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহ পরিদর্শন করে এসএমই শিল্পের সাথে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে সভা অনুষ্ঠিত হয়। কর্মসূচির আওতায় ইউএনডিপি প্রতিনিধিদল ০৬ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাদের সাথে সৌজন্য সাক্ষাত এবং একত্রে কাজ করার সম্ভাব্য ক্ষেত্রসমূহ নিয়ে আলোচনা করেন। ০৮ অক্টোবর ২০২৪ বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণে ফাউন্ডেশনের কার্যালয়ে ফোকাস গ্রুপ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ১২ নভেম্বর ২০২৪ সরকারি সংস্থা, বিভিন্ন চেম্বার, অ্যাসোসিয়েশন, ট্রেডবডি, ক্লাস্টার প্রতিনিধিবৃন্দের সাথে ফোকাস গ্রুপ আলোচনা করা হয়। ১৪ নভেম্বর ২০২৪ জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত পটুয়াখালী ও চট্টগ্রামে ফোকাস গ্রুপ আলোচনা সভা আয়োজন করা হয়। ১৮ নভেম্বর ২০২৪ ফাউন্ডেশনের কার্যালয়ে আয়োজিত সভায় দেশের শীর্ষস্থানীয় ফিনটেক, স্টার্টআপ, ভেঞ্চার ক্যাপিটাল প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। চট্টগ্রাম বিভাগের বিভিন্ন জেলার উইম্যান অ্যাসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দের অংশগ্রহণে ১৯ নভেম্বর ২০২৪ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহে ইউএনডিপি'র পক্ষ থেকে প্রতিষ্ঠানের আন্তর্জাতিক পরামর্শক রাগিনী বাজাজ চৌধুরী ও স্থানীয় কার্যালয়ের প্রতিনিধিবৃন্দ এবং ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা উপস্থিত ছিলেন। গবেষণায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে পাইলট কর্মসূচি পরিচালনা করা হবে।

### ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকের সাথে 'FAUREE'র প্রতিনিধি দলের মতবিনিময়



ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকের সাথে 'FAUREE'র প্রতিনিধি দলের মতবিনিময়

০৩ মার্চ ২০২৫ এসএমইদের আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিতকরণের উদ্দেশ্যে ফিনটেক প্রতিষ্ঠান 'FAUREE'র একটি প্রতিনিধি দল ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী ও উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তারের সাথে মতবিনিময় করেন। সাপ্লাই চেইন সমাধান, ডিজিটাল পেমেন্ট, ওয়ার্কিং ক্যাপিটাল অপ্টিমাইজেশান, এসএমই উদ্যোক্তাদের আর্থিক অন্তর্ভুক্তিকরণে ফাউন্ডেশনের সাথে কৌশলগত দ্বিপাক্ষিক সহযোগিতা বিষয়ে আলোচনা করেন। প্রতিষ্ঠানটি বাংলাদেশের এসএমইদের জন্যে একটি সাপ্লাই চেইন প্ল্যাটফর্ম চালু করার পরিকল্পনা করেছে যার মাধ্যমে উদ্যোক্তা, সাপ্লায়ার, ফাইন্যান্সার ও ক্রেডিট গ্যারান্টর একই ছাতার নিচে আসবে। সভায় 'FAUREE'র পরিচালক সিব আলী, প্রধান নির্বাহী কর্মকর্তা আজহার তাসাদ্দুক এবং প্রতিষ্ঠানটির আইন উপদেষ্টা টবি ক্যাডম্যান উপস্থিত ছিলেন।

## অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যৌথভাবে কাজ করবে এসএমই ফাউন্ডেশন এবং আইএফসি



এসএমই ফাউন্ডেশন এবং আইএফসি কর্মকর্তাগণ

আইএফসি কারিগরি সহায়তায় বাংলাদেশ সরকার ১৩ নভেম্বর ২০২৪ ঋণ প্রদান ও গ্রহণের সুযোগ সৃষ্টি এবং ঋণদাতা ও ঋণগ্রহীতার লেনদেনে সুরক্ষা প্রদানের উদ্দেশ্যে ‘সুরক্ষিত লেনদেন (অস্থাবর সম্পত্তি) আইন ২০২৩’ প্রণয়ন করে। অস্থাবর সম্পত্তি জামানত রেখে এসএমই উদ্যোক্তাদের অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যৌথভাবে কাজ করবে এসএমই ফাউন্ডেশন এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশন (আইএফসি)। এ লক্ষ্যে ০৭ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সাথে মতবিনিময় করেন আইএফসি’র এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের প্রিন্সিপাল অপারেশন অফিসার জিনচাং লাই ও মিজ অনন্যা ওয়াহিদ কাদের, ক্রস রিজিওনাল হেড, এশিয়া অ্যান্ড প্যাসিফিক এফআইজি অ্যাডভাইজরি। সভায় এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার ও উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা উপস্থিত ছিলেন।

## বাংলাদেশ ব্যাংকের সার্কুলার হালনাগাদকরণে এসএমই ফাউন্ডেশনের নীতি সংলাপ আয়োজন



বাংলাদেশ ব্যাংকের সার্কুলার হালনাগাদকরণে এসএমই ফাউন্ডেশনের নীতি সংলাপ আয়োজন

০৬ জানুয়ারি ২০২৫ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার হালনাগাদকরণে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নীতি সংলাপ আয়োজন করা হয়। সংলাপে সিএমএসএমই খাতে ঋণ বিতরণ বাড়াতে ট্রেড লাইসেন্সের শর্ত শিথিল, অস্থাবর সম্পত্তিকে সহায়ক জামানত হিসেবে বিবেচনা, জামানতবিহীন ঋণকে উৎসাহ দেয়াসহ বেশ কিছু পরামর্শ দিয়েছেন ব্যাংকার ও উদ্যোক্তাগণ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর নূরুন নাহার। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের পরিচালক নওশাদ মোস্তাফা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান এবং পলিসি ডায়লগের প্রেক্ষাপটের ওপর উপস্থাপনা প্রদান করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার।

## ‘Promoting Movable Asset Financing for SMEs in Bangladesh’ কর্মশালা




ঢাকায় ‘Promoting Movable Asset Financing for SMEs in Bangladesh’ কর্মশালা

২৪ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশন এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন-আইএফসি’র উদ্যোগে ঢাকায় ‘Promoting Movable Asset Financing for SMEs in Bangladesh’ কর্মশালা আয়োজন করা হয়। আইএফসি’র কান্ট্রি ম্যানেজার মার্টিন হল্টম্যান-এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী ও উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রশিদুল হাসান, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর নুরুন নাহার এবং আইএফসি’র অনন্যা ওয়াহিদ কাদের। কর্মশালার প্যানেল আলোচনায় জানানো হয়, এসএমই উদ্যোক্তাদের মধ্যে গ্রামীণ ও অনানুষ্ঠানিক খাতের এবং নারী-উদ্যোক্তাদের স্থাবর সম্পত্তি না থাকায় ব্যবসা শুরু বা বৃদ্ধির ক্ষেত্রে বাধাগস্ত হন। এই বিষয়ে ব্যাংকার, আইনজীবী এবং এসএমই উদ্যোক্তাদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই কর্মশালা আয়োজন করে এসএমই ফাউন্ডেশন এবং আইএফসি।

## ‘Supply Chain Financing to alternative Finance for SMEs’ কর্মশালা




ঢাকায় ‘Supply Chain Financing to alternative Finance for SMEs’ কর্মশালা

এসএমই ফাউন্ডেশন উদ্যোক্তাদের আর্থিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ক্রেডিট সার্ভিস প্রদানের পাশাপাশি বিকল্প অর্থায়ন পদ্ধতি সমূহের সম্ভাবনা সম্পর্কে সচেতনতা সৃষ্টি এবং অর্থায়নের মূলধারায় আনয়ন করার উদ্দেশ্যে ২৯ মে ২০২৫ ঢাকায় এসএমই ফাউন্ডেশনের কার্যালয়ে সাপ্লাই চেইন ফাইনান্স-এর বর্তমান প্রেক্ষাপট, চ্যালেঞ্জ এবং একটি কৌশলগত রোডম্যাপ প্রণয়নের লক্ষ্যে ‘Supply Chain Financing to alternative Finance for SMEs’ শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের সাপ্লাই চেইন ফাইনান্স বিভাগের প্রধানগণ, দেশীয় শীর্ষস্থানীয় কর্পোরেট প্রতিষ্ঠান যেমন এপেক্স, প্রাণ-আরএফএল, আড়ং, ইউনিলিভার, বিকাশ ও ইউনিমার্ট-এর প্রতিনিধিবৃন্দ এবং বিভিন্ন খাতের এসএমই উদ্যোক্তারা অংশগ্রহণ করেন।

# মানবসম্পদ উন্নয়ন

এসএমই উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি এবং নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা ফাউন্ডেশনের অন্যতম কার্যক্রম। এই কার্যক্রম বাস্তবায়নে ফাউন্ডেশন নিজস্ব ব্যবস্থাপনায় এবং এসএমই সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনের মাধ্যমে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করে। ফাউন্ডেশন যেসব প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করে সেগুলো হলো- উদ্যোক্তা উন্নয়ন, এসএমই ক্লাস্টারভিত্তিক দক্ষতা উন্নয়ন, টেকনোলজি বেইজড এবং আইসিটি বেইজড প্রশিক্ষণ, প্রশিক্ষকদের প্রশিক্ষণ (ToT), উৎপাদনশীলতা ও পণ্যের মান উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ, বাজার ব্যবস্থাপনা ও অর্থ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রভৃতি। এছাড়া, এ কার্যক্রমের আওতায় এসএমই ট্রেডবডিজ/অ্যাসোসিয়েশনসমূহের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে। ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনায় মানবসম্পদ উন্নয়ন উইং-এর ১৫৫টি কার্যক্রমের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে ১৪১টি। বাস্তবায়নের হার ৯১%।




## ‘বহুমুখী পাটজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ



চুয়াডাঙ্গায় ‘বহুমুখী পাটজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ

২২-২৬ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও ভিলেজ ফ্যামিলি ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ভিএফডিও)-এর সহযোগিতায় চুয়াডাঙ্গায় ‘বহুমুখী পাটজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার জনাব মো. আল-আমীন এর সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী।



সিলেটে ‘বহুমুখী পাটজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ

২২-২৬ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও দি সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্টি’র সহযোগিতায় সিলেটে ‘বহুমুখী পাটজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ শের মাহমুদ মুরাদ। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো. সাইফুল ইসলাম খান, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক এবং বিশেষ অতিথি ছিলেন জনাব ম. সুহেল হাওলাদার, উপমহাব্যবস্থাপক, বিসিক, সিলেট। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে সভাপতি ছিলেন সিলেট চেম্বার ভারপ্রাপ্ত সভাপতি মুজিবুর রহমান মিন্টু। বৈচিত্র্যময় পণ্য তৈরি, পণ্যের মানোন্নয়ন ও উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণটি যুগোপযোগী।

১০-১৪ আগস্ট ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও সুনামগঞ্জ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সহযোগিতায় ‘বহুমুখী পাটজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ আয়োজন করা হয় প্রশিক্ষণে উদ্যোক্তাদের পাট হতে বিভিন্ন পণ্য তৈরি করা শেখানো হয়। তৃণমূল নারী-উদ্যোক্তা সোসাইটি (গ্রাসরুটস) এর উদ্যোগে এবং ফাউন্ডেশনের সহায়তায় ২১-২৫ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নেত্রকোনায় ‘পাটজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ‘পলিথিনের বিকল্প শপিং ব্যাগ উৎপাদন’ প্রশিক্ষণ



ঢাকায় ‘পলিথিনের বিকল্প শপিং ব্যাগ উৎপাদন’ প্রশিক্ষণ

পলিথিন ব্যাগ ব্যবহারে সরকারের নিষেধাজ্ঞার প্রেক্ষিতে বাজারে পলিথিন বিকল্প ব্যাগের ব্যাপক চাহিদা তৈরি হয়েছে। উদ্যোক্তাদের আগ্রহ বিবেচনায় নিয়ে ঢাকায় প্রথমবারের মতো ২৩-২৮ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘পলিথিনের বিকল্প শপিং ব্যাগ উৎপাদন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে পলিথিন বিকল্প হিসেবে পাট, ফেব্রিক্স ব্যবহার করে শতভাগ পরিবেশবান্ধব বিভিন্ন প্রকার শপিং ব্যাগ তৈরি সম্পর্কে উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে প্যাটার্ন মেকিং, ব্যাগ উৎপাদন, পণ্যের মান নিয়ন্ত্রণ, পণ্যের মূল্য নির্ধারণ, বাজারজাতকরণ এবং পরিবেশগত বিষয়ে সম্যক ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক

আনোয়ার হোসেন চৌধুরী সনদ বিতরণ করেন। ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, রংপুর, রাজশাহী, পাবনা, নওগাঁ, বগুড়া ও চট্টগ্রামের উদ্যোক্তাগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

## ঢাকায় 'Upcycle Jewellery Making' প্রশিক্ষণ



ঢাকায় 'Upcycle Jewellery Making' প্রশিক্ষণ

২৮ সেপ্টেম্বর-০২ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইনারস্ অব বাংলাদেশ (AFDB)-এর সহযোগিতায় ঢাকায় 'Upcycle Jewellery Making' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে জুট, ফেব্রিক, গামছা, নকশিকাঁথা, কাতানসহ বিদ্যমান বিবিধ উপকরণের সংমিশ্রণে নতুন সংকলন হিসেবে কিভাবে ফ্যাশনেবল ও ট্রেন্ডি গহনা তৈরি করা যায় তার ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন AFDB-এর সভাপতি ও এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের সদস্য মানতাশা আহমেদ। ঢাকাসহ বগুড়া, রাজশাহী, খুলনার নারী-উদ্যোক্তাগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে উৎপাদিত প্রায় ১৫০ ধরনের গহনার প্রদর্শনী ও ম্যাচমেকিং এর জন্য AFDB ট্রেনিং একাডেমি-প্রাঙ্গণে ০২ অক্টোবর ২০২৪ এক্সিবিশন আয়োজন করা হয়।

## টাঙ্গাইলে 'পণ্য বাজারজাতকরণ কৌশল' প্রশিক্ষণ



টাঙ্গাইলে 'পণ্য বাজারজাতকরণ কৌশল' প্রশিক্ষণ

৩১ জুলাই-০২ আগস্ট ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং টাঙ্গাইলের বল্লা তাঁত শিল্প ক্লাস্টারের সহযোগিতায় টাঙ্গাইলে 'পণ্য বাজারজাতকরণ কৌশল' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে স্থানীয় তাঁতীদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ ও বিক্রয় বৃদ্ধির কৌশল নিয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। টাঙ্গাইল জেলার বল্লা তাঁত ক্লাস্টারের উদ্যোক্তাগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

## 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ



'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ

৩০-৩১ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার উপস্থিত ছিলেন এবং সনদ বিতরণ করেন।


১৩-১৪ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং কক্সবাজার জেলা প্রশাসনের সহযোগিতায় কক্সবাজারে 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২৪-২৫ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন অয়োজন করা হয়।

৩০ নভেম্বর-০১ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় রাজশাহীতে 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২৮-২৯ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় গাইবান্ধায় 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

৩০-৩১ জুলাই ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়।
২৭-২৮ আগস্ট ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে অনুষ্ঠিত হয়। ২৪-২৬ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'Digital Marketing for SMEs (Advanced Level)' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহউদ্দিন মাহমুদ।



'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ

২৯-৩০ এপ্রিল ২০২৫ এবং ২৯-৩০ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## 'Fashion Design (Phase-III)' প্রশিক্ষণ



ঢাকায় 'Fashion Design (Phase-III)' প্রশিক্ষণ

২৯ জুন-০৪ জুলাই ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'Fashion Design (Phase-III)' প্রশিক্ষণ আয়োজন করা হয়। Phase-I ও Phase-II-এ অংশগ্রহণকারীদের মধ্য থেকে বাছাইকৃত ৩২জন উদ্যোক্তা এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। তিনটি ধাপে আয়োজিত ধারাবাহিক প্রশিক্ষণ চেইনের শেষ পর্যায়ে thematic concept development, lifestyle, color, pattern & ornamental inspiration, exploration of techniques, portfolio documentation, market study, individuality, relationship, combination বিষয়ে তাত্ত্বিক এবং ব্যবহারিক ধারণা প্রদান করা হয়। ফ্যাশন ডিজাইনার চন্দ্রশেখর সাহা প্রশিক্ষণ পরিচালনা করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী।

## 'ফ্যাশন টেকনোলজি অ্যান্ড ডিজাইন (২য় ব্যাচ)' প্রশিক্ষণ



ঢাকায় 'ফ্যাশন টেকনোলজি অ্যান্ড ডিজাইন (২য় ব্যাচ)' প্রশিক্ষণ

২৩ নভেম্বর-১৫ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় 'ফ্যাশন টেকনোলজি অ্যান্ড ডিজাইন (২য় ব্যাচ)' প্রশিক্ষণ আয়োজন করা হয়। রংপুর, দিনাজপুর, টাংগাইল, মুন্সীগঞ্জ, নোয়াখালী, সিলেট, মাদারীপুরসহ কয়েকটি জেলার উদ্যোক্তাগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে ইলাস্ট্রেশন, প্রিন্টিং, ডাইং, প্যাটার্ন, কস্টিং, প্রোডাক্ট প্রমোশন এবং বিপনণ বিষয়ে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়। উদ্যোক্তোদের মাঝে অভিজ্ঞতা শেয়ার করেন কে ক্রাফট-এর কো পার্টনার খালিদ মাহমুদ খান।

## 'ডিজাইন ডেভেলপমেন্ট অ্যান্ড প্যাটার্ন মেকিং' প্রশিক্ষণ



রাজশাহীতে 'ডিজাইন ডেভেলপমেন্ট অ্যান্ড প্যাটার্ন মেকিং' প্রশিক্ষণ

২২-২৬ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং রাজশাহী হ্যান্ডিক্রাফট ক্লাস্টারের সহযোগিতায় 'ডিজাইন ডেভেলপমেন্ট অ্যান্ড প্যাটার্ন মেকিং' প্রশিক্ষণ আয়োজন করা হয়। এই খাতের রপ্তানি বাজার বাড়াতে মানসম্মত বৈচিত্র্যময় পণ্য উৎপাদনের লক্ষ্যে প্রশিক্ষণটি আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার। বিশেষ অতিথি ছিলেন রাজশাহী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি মাসুদুর রহমান রিংকু এবং সভাপতিত্ব করেন ক্লাস্টারের সভাপতি মোছা. নিলুফা ইয়াসমিন।

## ঢাকা ও ময়মনসিংহে 'স্ক্রিন প্রিন্ট' প্রশিক্ষণ

১৮-২২ আগস্ট ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় সম্ভাবনাময় উদ্যোক্তাদের জন্য 'Screen Print for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। দেশের বিভিন্ন অঞ্চল থেকে আগত উদ্যোক্তাগণ এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।



'স্ক্রিন প্রিন্ট' প্রশিক্ষণ

১৫-১৯ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং ময়মনসিংহ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর সহযোগিতায় 'স্ক্রিন প্রিন্ট' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে স্ক্রিন প্রিন্ট পদ্ধতির মাধ্যমে ফেব্রিক্স, জুট, শপিং ব্যাগে কাজের ব্যবহারিক প্রয়োগ শেখানো হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ময়মনসিংহ যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক হারুন-অর-রশীদ।

## পটুয়াখালীতে 'বিবিধ প্রকার হাতের সেলাই' প্রশিক্ষণ



পটুয়াখালীতে 'বিবিধ প্রকার হাতের সেলাই' প্রশিক্ষণ

২২-২৯ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং পটুয়াখালী উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় 'বিবিধ প্রকার হাতের সেলাই' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে বাংলাদেশের ঐতিহ্য ও কৃষ্টি-সংস্কৃতির সাথে প্রবাহমান বিভিন্ন ধরনের সূচিশিল্প যথা-হেইম, ডাল ফোর, ক্রস, চেইন, শেড ভরাট, সাটিং ভরাট, লেইজি ডেইজি, নকশি সেলাই, প্যাচ ওয়ার্ক, এপিক, কাট-ওয়ার্ক, ফেদার স্টিচসহ প্রায় ২০ ধরনের হাতের সেলাই অনুশীলন করানো হয় এবং ফ্যাশন উপকরণ হিসেবে এগুলোর ব্যবহার বিষয়ে ধারণা প্রদান করা হয়।

## ঠাকুরগাঁওয়ে 'ব্লক-বাটিক ফর এসএমইজ' প্রশিক্ষণ




ঠাকুরগাঁওয়ে 'ব্লক-বাটিক ফর এসএমইজ' প্রশিক্ষণ

২২-২৬ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও কারুপণ্য উন্নয়ন সংস্থার সহযোগিতায় ঠাকুরগাঁওয়ে প্রধান আদিবাসী ও নিম্ন আয়ের সুবিধাবঞ্চিত মেয়েদের দক্ষতা উন্নয়নের জন্য 'ব্লক-বাটিক ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ব্লক-বাটিক বিষয়ক কাজে ব্যবহৃত রং ও প্রয়োজনীয়

উপাদান এবং তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। সমাপনীতে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মো. মনসুর রহমান খান। উপস্থিত ছিলেন ঠাকুরগাঁও চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহ-সভাপতি বাবলুর রহমান বাবলু।

## 'হ্যান্ড পেইন্ট' প্রশিক্ষণ



ঢাকায় 'হ্যান্ড পেইন্ট' প্রশিক্ষণ

১৪-১৮ আগস্ট ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'হ্যান্ড পেইন্ট' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

বিভিন্ন ধরনের কাপড়ের ওপর স্বচ্ছ ও অস্বচ্ছ মাধ্যমে হ্যান্ড পেইন্টিং কৌশল নিয়ে বিস্তারিত খুঁটিনাটি বিষয়ে প্রশিক্ষণটিতে শেখানো হয়। ঢাকা, বগুড়া, রংপুর, নওগাঁ, খুলনা ও বরগুনার উদ্যোক্তাগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের উর্দ্ধতন কর্মকর্তাগণ প্রশিক্ষণার্থীদের সাথে মতবিনিময় করেন এবং কাপড়ের ক্যানভাসে তাঁদের চিত্রিত কাজের প্রদর্শনী দেখে সন্তুষ্টি প্রকাশ করেন।

## 'রাঙ্গামাটি তাঁত শিল্প পণ্যের বহুমুখীকরণ' প্রশিক্ষণ



'রাঙ্গামাটি তাঁত শিল্প পণ্যের বহুমুখীকরণ' প্রশিক্ষণ

১৮-২২ আগস্ট ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে রাঙ্গামাটি তাঁত শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'রাঙ্গামাটি তাঁত শিল্প পণ্যের বহুমুখীকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ঐতিহ্যবাহী রাঙ্গামাটি তাঁত পণ্যের বৈচিত্রায়ন পদ্ধতি, তাঁত পণ্যে নতুন নকশা বুনন, ফ্যাশনেবল পোশাক তৈরি, পণ্যে বৈচিত্রায়নের জন্য নতুন ডিজাইন অ্যাক্সেসরিজ তৈরি, তাঁত পণ্যের সাহায্যে গৃহসজ্জা তৈরি, ট্রেডিশনাল ক্রাফট পণ্যগুলোকে লাইফ স্টাইল পণ্যে পরিণত করার পদ্ধতি, ঐতিহ্যবাহী তাঁত পণ্যে প্রাকৃতিক রং এর বহুমাত্রিক ব্যবহার শেখানো হয়।

## ময়মনসিংহে 'Bankable Project Proposal Preparation for SMEs' প্রশিক্ষণ

০২-০৩ জুলাই ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং ময়মনসিংহ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমডব্লিউসিসিআই)-এর সহোযোগিতায় 'Bankable Project Proposal Preparation for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহের উপপরিচালক মোহাম্মদ খোরশিদ আলম। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এমডব্লিউসিসিআই সভাপতি লুসি আক্তারী মহল। অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশন এবং উইমেন চেম্বারের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

## নীলফামারীতে 'বেসিক অ্যাকাউন্টিং অ্যান্ড বুক কিপিং' প্রশিক্ষণ



নীলফামারীতে 'বেসিক অ্যাকাউন্টিং অ্যান্ড বুক কিপিং' প্রশিক্ষণ

১৯-২১ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও নীলফামারীর সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস ক্লাস্টারে 'বেসিক একাউন্টিং অ্যান্ড বুক কিপিং' প্রশিক্ষণ আয়োজন করা হয়। হিসাব রক্ষণ সম্পর্কে উদ্যোক্তাদের প্রাথমিক ধারণা দেয়া হয় প্রশিক্ষণে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী উদ্যোক্তাদের সনদ প্রদান করা হয়।

## 'Practical Accounting for SMEs' প্রশিক্ষণ

১১-১২ সেপ্টেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের হিসাবরক্ষণ বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'Practical Accounting for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন ড. মফিজুল হক মাসুম, সহযোগী অধ্যাপক, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

## 'Tax & VAT Management for SMEs' প্রশিক্ষণ



'Tax & VAT Management for SMEs' প্রশিক্ষণ

২৮-৩১ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ প্লাস্টিকগুডস ম্যানুফ্যাকচারার অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ)-এর সহযোগিতায় 'Tax & VAT Management for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে জাতীয় রাজস্ব বোর্ডের ২জন প্রশিক্ষক সেশন পরিচালনা করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিপিজিএমইএ-এর সেক্রেটারি জেনারেল নারায়ণ চন্দ্র দে।

## 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' প্রশিক্ষণ

২০-২৪ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বগুড়ায় 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে Skin Care, Bridal make over, Hydra Facial, Parafin Pedicure & Manicure, Hair style, Hair

Coloring, Brazilian Keratin Treatment, Nail extension ইত্যাদি বিষয়ে শেখানো হয়।

২০-২৪ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং Women Entrepreneur Association of Bangladesh (WEAB)-এর সহযোগিতায় নেত্রকোণায় 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে Skin Care, Make up technique, Bridal make over, Facial, Threading, pedicure, manicure, hair style, Hair spa শেখানো হয়।

১৭ নভেম্বর-০৬ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে রংপুরে 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। দীর্ঘমেয়াদী এ প্রশিক্ষণে অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ স্কিন কেয়ার, পার্টি ও ব্রাইডাল মেকআপ, হেয়ার স্টাইল, পেডিকিউর, মেনিকিউর, হেয়ার কালারিং, হেয়ার ট্রিটমেন্ট, বিভিন্ন প্রকার ফেসিয়ালসহ সৌন্দর্য-সেবা বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করেন। এছাড়া পার্লার ব্যবস্থাপনা, বিউটিফিকেশন ইন্ডাস্ট্রির হেলথ-হাইজিন, গ্রুমিং, কেস স্টাডি, আয়ুর্বেদ রূপচর্চা বিষয়ে উদ্যোক্তাদের সার্বিক ধারণা প্রদান করা হয়।

## 'ফাস্ট ফুড প্রস্তুতকরণ' প্রশিক্ষণ



ঢাকায় 'ফাস্ট ফুড প্রস্তুতকরণ' প্রশিক্ষণ

১০-১৪ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং উইমেন এন্ট্রাপ্রিনিউর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (WEAB)-এর সহযোগিতায় 'ফাস্ট ফুড প্রস্তুতকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ফ্রেঞ্চ ফ্রাই, পটেটো ওয়েজেস, মেয়নিজ, নাগেট, ভেজিটেবল কাটলেট, রাশিয়ান সালাদ, চিকেন প্যাটিজ, শর্মা, পিৎজা, চাউমিন, পাউন্ড কেক, স্যান্ডউইচ, পাস্তাসহ প্রায় ২০ ধরনের আইটেম তৈরি রেসিপিসহ শেখানো হয়। ঢাকা জেলার নারী-উদ্যোক্তাগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ওয়েব প্রেসিডেন্ট নাসরিন ফাতেমা আউয়াল উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

## 'কালিনারি আর্টস ফর এসএমই এন্টারপ্রেনিয়র' প্রশিক্ষণ




ঢাকায় 'কালিনারি আর্টস ফর এসএমই এন্টারপ্রেনিয়র' প্রশিক্ষণ

০১-২০ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় 'কালিনারি আর্টস ফর এসএমই এন্টারপ্রেনিয়র' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে কাবাব, ফাস্ট ফুড, স্ট্রিট ফুড, চাইনিজ, কন্টিনেন্টাল ফুড, কেক, ব্রেড, বিস্কুট, রোল, পেটিস, ভেজিটেবল কার্ভিং অর্থাৎ খাবার রান্না থেকে শুরু করে পরিবেশন পর্যন্ত সকল বিষয়, পণ্যের মান নিয়ন্ত্রণ, প্যাকেজিং ও বাজারজাতকরণ বিষয়ে ধারণা প্রদান করা হয়। এছাড়া ক্যাটারিং ব্যবসার সাধারণ বিষয়সমূহ, ব্যবসা পরিচালনা পদ্ধতি সম্পর্কে ধারণা, মূল্য নির্ধারণ পদ্ধতি, ফুড হাইজিন সম্পর্কে ধারণা, খাদ্যপণ্য তৈরি এবং বিক্রয় ব্যবস্থাপনা, খাবার সংরক্ষণ ধারণা, যন্ত্রপাতি সম্পর্কে ব্যবহারিক জ্ঞান প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী সনদ বিতরণ করেন।

## ঠাকুরগাঁওয়ে 'ফাস্ট ফুড প্রিপারেশন অ্যান্ড প্রসেসিং' প্রশিক্ষণ

২৬-৩০ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই)-এর সহযোগিতায় ঠাকুরগাঁও জেলায় 'ফাস্ট ফুড প্রিপারেশন অ্যান্ড প্রসেসিং' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে চিকেন ফ্রাই, স্যান্ডউইচ, বার্গার, চাইনিজ রাইস ও ভেজিটেবল, চাইনিজ স্যুপ, ফ্রেঞ্চ ফ্রাই, ফ্রেঞ্চ টোস্ট, নাগেট, অন্থন, নান রুটি, গ্রিলড চিকেন, তান্দুরি চিকেনসহ প্রায় ২০ প্রকারের আইটেম রেসিপিসহ তৈরি করে শেখানো হয়।

## 'নিরাপদ খাদ্য তৈরিতে এসএমই উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ' কর্মশালা

২৬ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য 'নিরাপদ খাদ্য তৈরিতে এসএমই উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় নিরাপদ খাদ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিক্রয় সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান দায়িত্ব ও কার্যাবলী সম্পর্কে উদ্যোক্তাদের অবহিত করা হয়।

## দলিত ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর জন্য 'বহুমুখী বাঁশ-বেত পণ্য তৈরি' প্রশিক্ষণ

২০-২৪ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও দলিত ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠী উন্নয়ন ফোরামের সহযোগিতায় মাগুরায় 'বহুমুখী বাঁশ-বেত পণ্য তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে বিভিন্ন ধরনের এবং নতুন ডিজাইনের পণ্য প্রস্তুত করা শেখানো হয়। তাদের উৎপাদিত পণ্যের ডিজাইনের আধুনিকীকরণ, গুণগতমান বৃদ্ধি ও বাজারজাতকরণের জন্য এই প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## চাঁপাইনবাবগঞ্জে 'নকশিকাঁথা শিল্পে ফ্যাশনের অভিযোজন' প্রশিক্ষণ



চাঁপাইনবাবগঞ্জে 'নকশিকাঁথা শিল্পে ফ্যাশনের অভিযোজন' প্রশিক্ষণ

১১-১৫ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও চাঁপাইনবাবগঞ্জ নকশিকাঁথা অ্যাসোসিয়েনের সহযোগিতায়

চাঁপাইনবাবগঞ্জে 'নকশিকাঁথা শিল্পে ফ্যাশনের অভিযোজন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ক্লাস্টারের উদ্যোক্তাদের পণ্যের বৈচিত্র্যকরণ, মানোন্নয়ন ও নকশিকাঁথা শিল্পকে ফ্যাশনে রূপান্তরের লক্ষ্যে এই প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহ-সভাপতি মো. খাইরুল ইসলাম।

## 'Export-Import for SMEs' প্রশিক্ষণ



ঢাকায় 'Export-Import for SMEs' প্রশিক্ষণ

২৮-৩১ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'Export-Import for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন আমাদানি-রপ্তানি বিষয়ে অভিজ্ঞ প্রশিক্ষক মো. জাহিদ হোসাইন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী।

## 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণ



ঢাকায় 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণ

২৪-২৮ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ১৭-২১ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও চুয়াডাঙ্গা উদ্যোক্তা উন্নয়ন ফোরামের সহযোগিতায় চুয়াডাঙ্গায় 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোহাম্মদ জহিরুল ইসলাম, জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা। ০৭-১১ জুলাই ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় 'New Business Creation for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## 'ব্যবসায় ব্যবস্থাপনা' প্রশিক্ষণ

১৯-২৪ আগস্ট ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'ব্যবসায় ব্যবস্থাপনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ব্যবসা পরিচালনার মৌলিক বিষয়সমুহ সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয়।

## ToT on Entrepreneurship Development through New Business Creation




গাজীপুরে Training of Trainers (ToT) আয়োজন

FES Bangladesh এর সহায়তায় এসএমই ফাউন্ডেশন ০২-০৪ সেপ্টেম্বর ২০২৪ গাজীপুরে একটি Training of Trainers (ToT) আয়োজন করে। ২ সেপ্টেম্বর ২০২৪ ToT কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, এফইএস বাংলাদেশের আবাসিক প্রতিনিধি Dr. Felix Gerdes এবং এফইএস বাংলাদেশের প্রোগ্রাম অ্যাডভাইজর আরিফা এস আলম। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার এবং উপমহাব্যবস্থাপক আব্দুস সালাম সরদার। Training of Trainers (ToT) অনুষ্ঠানটি ফ্যাসিলিটেট/পরিচালনা করেন শানাইয়া আনসারি এবং শারমিন আফরোজ লাবণী।

# তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

তথ্যপ্রযুক্তির কার্যকর ব্যবহার এসএমই খাতের উন্নয়নে একটি অপরিহার্য উপাদান। এসএমই ফাউন্ডেশন প্রতিষ্ঠালগ্ন হতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধিতে ও ব্যবসার Digital Transformation এ প্রযুক্তিভিত্তিক নানা উদ্যোগ গ্রহণ করে আসছে। ফাউন্ডেশন ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবনী সমাধানের মাধ্যমে উদ্যোক্তাদের উৎপাদনশীলতা, বাজার সম্প্রসারণ ও প্রতিযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধিতে কাজ করে যাচ্ছে। ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুসারে সংশ্লিষ্ট উইং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে ৪০টি কার্যক্রম বাস্তবায়ন করে। বাস্তবায়নের হার ১০০%। বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:



## ‘এসএমইদের উৎপাদনশীলতায় কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) এর ভূমিকা’ সেমিনার



ঢাকায় ‘এসএমইদের উৎপাদনশীলতায় কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) এর ভূমিকা’ সেমিনার

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১৭ এপ্রিল ২০২৫ বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (BIM), ঢাকায় ‘এসএমইদের উৎপাদনশীলতায় কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) এর ভূমিকা’ শীর্ষক সেমিনার আয়োজিত হয়। সেমিনারে কৃত্রিম বুদ্ধিমত্তা বা অটোমেশন, ডাটা বিশ্লেষণ, কাস্টমার সার্ভিস, মার্কেটিং অপটিমাইজেশনের মাধ্যমে বাংলাদেশের এসএমই খাতকে আরো আধুনিক, দক্ষ এবং প্রতিযোগিতামূলক করার উপায় নিয়ে আলোচনা করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিল্পসচিব জনাব মো. ওবায়দুর রহমান এবং বিশেষ অতিথি ছিলেন জনাব রশিদুল হাসান, মহাপরিচালক, বিআইএম। সভাপতিত্ব করেন জনাব মো. মুসফিকুর রহমান, চেয়ারপার্সন এসএমই ফাউন্ডেশন। স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। ফাউন্ডেশনের তথ্য প্রযুক্তিগত কার্যক্রম উপস্থাপনা করেন জনাব ফারজানা খান, উপব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো. রোকনুজ্জামান, অধ্যাপক, ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

## ‘কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে অনলাইন মার্কেটিং ত্বরান্বিতকরণ’ প্রশিক্ষণ



‘কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দিয়ে অনলাইন মার্কেটিং ত্বরান্বিতকরণ’ প্রশিক্ষণ

১৫-১৭ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দিয়ে অনলাইন মার্কেটিং ত্বরান্বিতকরণ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণটি উদ্যোক্তাদের দক্ষতা বাড়িয়ে তাদের ব্যবসায়িক সফলতা নিশ্চিত করতে সহায়ক হবে বলে আশা করা যায়। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব ফারজানা খান এবং সহকারী মহাব্যবস্থাপক জনাব মো. মোস্তাফিজুর রহমান সনদ বিতরণ করেন।



‘কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দিয়ে অনলাইন মার্কেটিং ত্বরান্বিতকরণ’ প্রশিক্ষণ

১৯-২১ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দিয়ে অনলাইন মার্কেটিং ত্বরান্বিতকরণ’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় ৩০জন উদ্যোক্তা হাতে-কলমে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহারিক জ্ঞান অর্জন করে। কর্মশালাটি উদ্যোক্তাদের দক্ষতা বাড়িয়ে তাদের ব্যবসায়িক সফলতা নিশ্চিত করতে সহায়ক হবে বলে আশা করা যায়। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন।



‘কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দিয়ে অনলাইন মার্কেটিং ত্বরান্বিতকরণ’ প্রশিক্ষণ

২৬-২৮ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Accelerate Online Marketing with AI’ শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তাদের ব্যবসার বিপণন কার্যক্রমকে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) প্রযুক্তির মাধ্যমে আরও গতিশীল করার নানা কৌশল শেখানো হয়। সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান সনদ বিতরণ করেন। ২০-২২ মে ২০২৫ বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BPGMEA) কার্যালয়ে ‘Accelerate Online Marketing with AI’ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় অংশগ্রহণকারীরা অনলাইন মার্কেটিংয়ের বিভিন্ন দিক, কনটেন্ট অটোমেশন, গ্রাহক বিশ্লেষণ এবং কাস্টমাইজড বিজ্ঞাপনসহ নানা বিষয়ে বাস্তবভিত্তিক জ্ঞান ও দক্ষতা অর্জন করেন। ২১-২২ জানুয়ারি ২০২৫ নীলফামারীর জলঢাকা উপজেলায় কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদের অও প্রযুক্তির মাধ্যমে অনলাইন ব্যবসায় গ্রাহক সেবা, বিপণন, বিক্রয় পূর্বাভাস এবং পণ্য ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি এবং অনলাইন ব্যবসায় বিভিন্ন সাইবার ঝুঁকি যেমন তথ্য চুরি, হ্যাকিং বা স্ক্যাম থেকে রক্ষার জন্য সচেতনতা বৃদ্ধি ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে বিস্তারিত দিক নির্দেশনা প্রদান করা হয়।

## ‘SMEF Service Platform’ সেবা চালু




‘SMEF Service Platform’ উদ্বোধন

০৫ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘SMEF Service Platform’ সেবা চালু করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি